শিক্ষা আনে সভ্যতা
সভ্যতা আনে মানবিকতা

সমগ্র শিক্ষা
Samagra Shiksha

# মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান: প্রাথমিক শ্রেণির শিশুদের মধ্যে বুনিয়াদী ভাষা এবং সংখ্যা জ্ঞান বিকাশের জন্য







# মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান: প্রাথমিক শ্রেণির শিশুদের মধ্যে বুনিয়াদী ভাষা এবং সংখ্যা জ্ঞান বিকাশের জন্য

# বিষয়সূচি


## ক প্রাক্-প্রাথমিক শ্রেণির জন্য মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান

1. বিদ্যালয় প্রস্তুতির জন্য প্রিন্ট -সমৃদ্ধ প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ
2. গণিতের কথা – খেলায় ও কথায় গণিত শেখা
3. প্রাক লিখন দক্ষতার কার্যক্রম
4. সার্কেল টাইমঃ দিনের শুরু ও শেষের সময়
5. প্রাক-প্রাথমিক রুটিনে মুক্ত খেলাকে অন্তর্ভুক্ত করা
6. সেন্সরি কর্নারঃ তৈরি ও ব্যবহার

## খ প্রাথমিক শ্রেণির জন্য মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান

1. প্রাথমিক শ্রেণিকক্ষে দৈনন্দিন রুটিন ও শ্রেণিকক্ষের নিয়মাবলী
2. শ্রেণিকক্ষে গণিত কথোপকথন
3. গল্প বলার কৌশল
4. ধারণাগত বোঝাপড়ার জন্য প্রকল্পভিত্তিক শিক্ষণ
5. শিক্ষার্থীরদের জন্য ইতিবাচক প্রেরণা
6. গঠনমূলক (Formative) মূল্যায়ন - শিশু কতটা শিখেছে তা যাচাই করে দেখা
7. FLN মেলা: বুনিয়াদী শিক্ষার প্রদর্শনী
8. লেখার মাধ্যমে শিশুদের কল্পনাশক্তি ও সৃজনশীল ভাবনার বিকাশ
9. মনোযোগ আকর্ষণ ও উদ্দীপনামূলক কার্যক্রম: আনন্দময় ও মনোযোগী শ্রেণিকক্ষ গঠন
10. খেলার মাধ্যমে সংখ্যার ধারণা মজবুত করার উপায়

# প্রাক্-প্রাথমিক শ্রেণির জন্য মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান



# ১ বিদ্যালয় প্রস্তুতির জন্য প্রিন্ট -সমৃদ্ধ প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষ

এই মাইক্রো ইমপ্রুভমেন্ট পরিকল্পনার লক্ষ্য হলো প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষগুলিকে প্রিন্ট -সমৃদ্ধ পরিবেশে রূপান্তর করা, যাতে শিশুদের পঠন প্রস্তুতি গড়ে তোলা যায়। একটি প্রিন্ট -সমৃদ্ধ পরিবেশ শিশুদের অর্থবহ ও প্রাসঙ্গিক প্রিন্টের ব্যবহার সম্পর্কে অবগত করে, যা ভাষার বিকাশ, শব্দভাণ্ডার বৃদ্ধির পাশাপাশি প্রাথমিক পঠন ও লিখন দক্ষতা গঠনে সহায়তা করে।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শিশুদের প্রাথমিক সাক্ষরতা দক্ষতা অর্জনে সহায়তা করা, যাতে তারা বুঝতে পারে যে প্রিন্ট অর্থ বহন করে এবং এটি যোগাযোগ ও শিক্ষার একটি উপায়।

শ্রেণিকক্ষে লেবেল, চার্ট এবং থিমভিত্তিক শব্দ প্রদর্শনের ধারাবাহিক উপস্থিতির মাধ্যমে শিশুদের শব্দভাণ্ডার ও মৌখিক ভাষা বিকাশে সহায়তা করা।

শিশুদের একটি প্রিন্ট -সমৃদ্ধ পরিবেশে নিমজ্জিত করে বিদ্যালয় প্রস্তুতিতে সহায়তা করা যা প্রাথমিক ভাষা এবং সাক্ষরতার বিকাশকে লালন করে।

## শিক্ষকদের জন্য ধাপে ধাপে কার্যপদ্ধতি

### ধাপ ১: শ্রেণিকক্ষের প্রিন্ট ম্যাপিং এবং পরিকল্পনা

- শ্রেণিকক্ষের কোন কোন স্থানে লেবেল বসানো উপযুক্ত তা চিহ্নিত করুন (যেমন: দরজা, তাক, খেলার কোণা)।
- থিমভিত্তিক চার্ট, দৈনন্দিন রুটিন এবং শিক্ষার্থীদের শিল্পকর্ম প্রদর্শনের জন্য স্থান নির্বাচন করুন।

## ধাপ ২: শ্রেণিকক্ষ লেবেলিং করা

### কেন?

এটি শিশুদের কথিত শব্দের সঙ্গে লিখিত রূপের সংযোগ করতে সহায়তা করে, ফলে শব্দ চিনতে পারার ক্ষমতা বাড়ে।

### কিভাবে?

শ্রেণিকক্ষের সব বস্তুতে বাংলা ও ইংরেজি—দুই ভাষায় লেবেল দিন।

ইংরেজি শব্দে Proper Noun এর ক্ষেত্রে বড় হাতের অক্ষর এবং Common Noun এর ক্ষেত্রে ছোট হাতের অক্ষর ব্যবহার করুন। Example:




লেবেলগুলি সহজ ও পাঠযোগ্য হস্তাক্ষরে লিখুন।

## ধাপ ৩: থিমভিত্তিক/বিষয়ভিত্তিক চার্ট সেট করা

### কেন?

শব্দভাণ্ডার বিস্তারে এবং থিমভিত্তিক শিক্ষায় সহায়তা করে।

একটি নির্দিষ্ট বিষয়ের ধারণাগত বোধগম্যতা জোরদার করা।

শিশুদের জন্য একটি আকর্ষণীয় ও দৃশ্যমান উদ্দীপক পরিবেশ তৈরি করে।

### কিভাবে?

একটি "থিম ওয়াল" তৈরি করুন যেখানে নির্দিষ্ট থিমের সাথে সম্পর্কিত ৫–৭টি মূল শব্দ এবং তাদের ছবিসহ প্রদর্শন করা হবে।

প্রতি নতুন থিম অনুযায়ী শব্দগুলি পরিবর্তন করুন (যেমন: ঋতু, যানবাহন, প্রাণী)।

শিশুদের এই শব্দগুলি পড়তে ও কার্যক্রমে ব্যবহার করতে উত্সাহিত করুন।

থিমভিত্তিক শব্দ দেয়ালে (Word Wall) ব্যবহৃত শব্দ অন্তর্ভুক্ত করুন।



## ধাপ ৪: শিশুদের কাজ প্রদর্শন করা

### কেন?

আত্মসম্মান, মালিকানা এবং সাক্ষরতা তৈরি করে৷

### কিভাবে?

শিশুদের শিল্পকর্ম প্রদর্শন করুন:

| | | | | |
|---|---|---|---|---|
| তাদের নাম | তারিখ | বস্তুর নাম (যেমন, কুঁড়েঘর, সূর্য, ফুল) | ঘরের ওপারে দড়িতে বাচ্চাদের শিল্পকর্ম ঝুলিয়ে দিন৷ | নিয়মিত বিরতিতে শিল্পকর্ম পরিবর্তন করুন৷ |






## ধাপ ৫: দৈনন্দিন রুটিন ও শ্রেণীকক্ষের নিয়মাবলী

### কেন?

একটি ইতিবাচক পরিবেশ এবং নিয়মিত সচেতনতা তৈরি করে৷

### কিভাবে?

শুভেচ্ছা এবং বাক্যাংশ প্রদর্শন করুন

শ্রেণীকক্ষের নিয়ম প্রদর্শন করুন

তারিখ, দিন, আবহাওয়া, মেজাজের জন্য চার্ট অন্তর্ভুক্ত করুন৷ এটিকে ইন্টারেক্টিভ করুন: শিশুরা প্রতিদিন এগুলি আপডেট করতে পারে৷




## ধাপ ৬: প্রিন্ট সমৃদ্ধ কার্যক্রম পরিচালনা করা


### কেন?

প্রাক-প্রাথমিক শ্রেণিকক্ষে একটি প্রিন্টসমৃদ্ধ পরিবেশ গড়ে তোলা প্রাথমিক সাক্ষরতা দক্ষতা বিকাশের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ৷ তবে এটি মনে রাখা জরুরি যে, শুধুমাত্র শ্রেণিকক্ষে বিভিন্ন প্রিন্ট টাঙিয়ে রাখলে শিশুদের জন্য এর মূল্য খুবই সীমিত, যদি না তারা সক্রিয়ভাবে সেগুলোর সঙ্গে সম্পৃক্ত হয়৷ ছাপের সঙ্গে অর্থপূর্ণ যোগাযোগ নিশ্চিত করতে, শিক্ষকদের বিভিন্ন ধরনের পরিকল্পিত কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করা প্রয়োজন৷

| কার্যক্রমের নাম | শিক্ষণ লক্ষ্য | ধাপ |
|---|---|---|
| **লেবেল খোঁজাঃ** শিশুদের লেবেল খুঁজে বের করতে বলুন। | ▪ প্রিন্ট এর প্রতি সচেতনতা (Print Awareness) গড়ে তোলা।<br>▪ বাস্তব বস্তুর সঙ্গের তার লিখিত নামের সম্পর্ক স্থাপন করা।<br>▪ শব্দভান্ডার বৃদ্ধি ও শব্দ চিনতে শেখা।<br>▪ পর্যবেক্ষণ ক্ষমতা বৃদ্ধি করা। | ▪ শ্রেণিকক্ষে বিভিন্ন জায়গায় বস্তু অনুযায়ী লেবেল লাগান (যেমন: "দরজা", "চেয়ার", "জানালা")।<br>▪ নির্দিষ্ট একটি বস্তুর নাম বলুন।<br>▪ শিশুদের বলতে বলুন, তারা যেন সেই নির্দিষ্ট লেবেলটি খুঁজে বের করে।<br>▪ উৎসাহ দিন যাতে তারা লেবেলটিতে আঙুল দেয় বা ছুঁয়ে দেখে এবং শব্দটি জোরে উচ্চারণ করে। |
| **থিমভিত্তিক শব্দ খেলা:** বস্তুর সঙ্গে থিমভিত্তিক শব্দ মেলানো। | ▪ থিমভিত্তিক শব্দভান্ডার গঠন করা।<br>▪ শব্দের সাথে বস্তু মেলানো। | ▪ থিম অনুযায়ী ছবি বা বাস্তব বস্তু শিশুদের সামনে উপস্থাপন করুন। সংশ্লিষ্ট শব্দ কার্ড দেখান।<br>▪ শিশুদের নির্দেশ দিন যেন তারা সঠিক শব্দের সঙ্গে উপযুক্ত বস্তু বা ছবি মেলাতে পারে। |
| **নাম চেনা:** শিশুদের নিজেদের নাম ডিসপ্লে থেকে খুঁজে বের করতে বলা। | ▪ শিশুদের নিজেদের লেখা নাম চিনতে শেখানো।<br>▪ Print Awareness তৈরি করা।<br>▪ Visual Discrimination বাড়ানো। | ▪ প্রতিটি শিশুর নাম লিখে আলাদা নাম কার্ড তৈরি করুন।<br>▪ ছোট ছোট দলে শিশুদের ডাকুন।<br>▪ একসাথে ২-৩টি নাম কার্ড দেখান।<br>▪ শিশুদের নির্দেশ দিন যেন তারা তাদের নিজের নামের কার্ড খুঁজে বের করে। |

## শিক্ষকদের মনে রাখার বিষয়সমূহ!

- চার্ট পেপার ব্যবহার করুন বা পুরনো ক্যালেন্ডারের পেছনের অংশ পুনঃব্যবহার করুন।
- লেবেলের জন্য A4 কাগজ অর্ধেক করে কাটুন।
- মোটা মার্কার ব্যবহার করুন (লাল, গাঢ় নীল, কালো, সবুজ)।
- বড় ও পরিষ্কার হরফে লিখুন, যাতে সহজে পড়া যায়; কার্সিভ লেখা এড়িয়ে চলুন।
- থিম পরিবর্তনের সঙ্গে সঙ্গে চার্ট আপডেট করুন।
- শিশুদের চোখের সমতলে চার্ট টানান।
- যেখানে আলো পর্যাপ্ত থাকে সেখানে চার্ট লাগান।
- চার্টগুলো সঠিকভাবে ঝুলিয়ে রাখুন; সরাসরি দেয়ালে না লাগিয়ে।
- এমন রঙ ব্যবহার করুন যা লেখাগুলো পড়া সহজ করে।
- দেওয়াল পরিষ্কার ও গোছানো রাখুন, যেন অতিরিক্ত জিনিসে ভরা না থাকে।



# কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত সময়সীমা

| ধাপ | সময়সীমা |
|---|---|
| শ্রেণীকক্ষের প্রিন্ট ম্যাপিং | ২ দিন |
| উপযুক্ত লেবেল তৈরি | ২ – ৪ দিন |
| শিশুদের শিল্পকর্ম প্রদর্শন করা | ২ দিন, প্রতি সপ্তাহে পরিবর্তন করুন |
| থিম ওয়াল সেটআপ | ১ সপ্তাহ, থিম অনুযায়ী পরিবর্তন করুন |
| দৈনন্দিন রুটিন চার্ট, ক্যালেন্ডার, শ্রেণীকক্ষের নিয়ম | ১ - ২ মাস |
| কার্যকলাপ পরিচালনা | সপ্তাহে ২-৩ দিন |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

# শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য

- ✓ শিশুরা ছবি/বস্তুর সাথে শব্দ মেলাতে পারে।
- ✓ শিশুদের অংশগ্রহণ ও মনোযোগ বৃদ্ধি পাবে।
- ✓ প্রদর্শিত কাজের প্রতি শিশুদের গর্ব ও নিজের কাজ বলে অনুভব তৈরি হবে।
- ✓ শিশুরা নিয়মিত সচেতনতা দেখাবে।

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কি শ্রেণিকক্ষে মূল জিনিসপত্রের (যেমন: দরজা, জানালা, তাক) লেবেল বাংলা ও ইংরেজিতে দুইভাষায় দিয়েছি? | | |
| লেবেলগুলো কি শিশুদের চোখের সমতলে এবং বড়, পরিষ্কার অক্ষরে লেখা হয়েছে? | | |
| শিশুদের দৈনন্দিন রুটিন চার্ট কি (তারিখ, দিন, আবহাওয়া, নিয়ম) নিয়মিত ব্যবহৃত হচ্ছে? | | |
| আমি কি শ্রেণিকক্ষ কার্যক্রমের সময় লেবেল, চার্ট, এবং থিমভিত্তিক শব্দগুলো ব্যবহার করি ও উল্লেখ করি? | | |
| শিশুদের আঁকা কাজগুলো কি নাম, তারিখ, এবং বস্তুর নামসহ শ্রেণিকক্ষে প্রদর্শিত হয়েছে? | | |
| আমি কি এই সপ্তাহে কমপক্ষে দুইটি প্রিন্ট সমৃদ্ধ কার্যক্রম পরিচালনা করেছি? | | |
| শিশুদের কি কমপক্ষে কিছু লেবেল চিনতে এবং নাম বলতে পারছে? | | |

# ২ গণিতের কথা – খেলায় ও কথায় গণিত শেখা

গণিতের কথা (ম্যাথ টক) একটি শ্রেণিকক্ষ উন্নয়ন পরিকল্পনা (MIP), যা প্রাক্-প্রাথমিক স্তরের শিশুদের জন্য তৈরি। এটি শিশুদের প্রাক গাণিতিক দক্ষতা যেমন– বস্তু সাজানো, তুলনা করা,প্যাটার্ন তৈরি করা, ও স্থানীয় ধারণা গঠনে সহায়তা করে। খেলার ছলে হাতে-কলমে নানা কার্যক্রমের মাধ্যমে, স্থানীয় উপকরণ ব্যবহার করে, এবং বড় দলে ভাগ করে 'সংখ্যার আগের' ধারণা নিয়ে আলোচনা করতে করতে শিশুরা পর্যবেক্ষণ করতে শেখে, চিন্তা করে এবং দৈনন্দিন জীবনের অভিজ্ঞতার সঙ্গে গণিতকে সংযুক্ত করে কথা বলতে শেখে।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

খেলাধুলাভিত্তিক অভিজ্ঞতার মাধ্যমে শিশুদের মাপ, আকার, পরিমাণ ও অবস্থানের মতো গাণিতিক ধারণাগুলি আবিষ্কার করতে সহায়তা করা।

পর্যবেক্ষণ, তুলনা, সাজানো এবং প্যাটার্ন খোঁজার মতো চিন্তন দক্ষতা গড়ে তোলা।


সহজ গাণিতিক শব্দ ব্যবহার করে নিজের ভাবনা ও ধারণা প্রকাশে শিশুদের উত্সাহিত ও সহায়তা করা।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে কার্যপদ্ধতি

## ধাপ ১: দৈনন্দিন রুটিনের মাধ্যমে ধারণা দৃঢ় করুন

### কেন?

শিশুদের চারপাশের পরিবেশেই গণিত ছড়িয়ে আছে — **দৈনন্দিন রুটিন ব্যবহার করলে গণিত তাদের কাছে বাস্তব ও প্রাসঙ্গিক হয়ে ওঠে।**




### কিভাবে?

লাইন করে দাঁড়ানোর সময়: "তুমি কার সামনে দাঁড়িয়ে আছো?"/ "তোমার পেছনে কে আছে?" এইভাবে স্থানিক ধারণা তৈরি হয়।

জিনিসপত্র ভাগ করার সময়: "তোমার কাছে বেশি আছে না কম?"/"দুইজনের মধ্যে কার বেশি আছে?" এতে শিশুদের 'পরিমাণ' ও 'তুলনা' করার দক্ষতা বাড়ে।

গল্প বলার সময়: "বড় ভালুকটি ছোট চেয়ারের পাশে বসেছিল।" শব্দগুলির উপর জোর দিন যেমন: বড়-ছোট, পাশে, উপরে, নিচে ইত্যাদি, যাতে শিশুদের 'আকার' ও 'অবস্থান' সংক্রান্ত শব্দভান্ডার তৈরি হয়।

## ধাপ ২: গণিত কথোপকথনের মাধ্যমে শব্দভান্ডার গড়ে তুলুন

### কেন?

ভাষা ধারণা বোঝাতে সাহায্য করে এবং শিশুদের নিজেদের ভাবনা ও যুক্তি প্রকাশে সক্ষম করে তোলে।

### কিভাবে?

**দৈনন্দিন রুটিনে একটি নির্দিষ্ট সময়** (প্রতিদিন অন্তত ১৫ থেকে ২০ মিনিট) বরাদ্দ করুন যেখানে শিশুদের সঙ্গে গণিত নিয়ে কথোপকথন (Math Talk) করা হবে।

**একই শব্দ ব্যবহার করুন, যেমন:** বড়/ছোট, লম্বা/খাটো, ভেতরে/বাইরে।

মুক্ত প্রান্ত প্রশ্ন করুন যা শিশুদের ভাবতে এবং উত্তর দিতে উদ্বুদ্ধ করে।

**শব্দ বুঝাতে হাতের ইশারা বা শরীরের ভঙ্গি** ব্যবহার করুন— যেমন, "লম্বা" বা "খাটো" বোঝাতে হাত দিয়ে আকার দেখান।

**গান বা গল্পে নতুন শব্দ ব্যবহার করে শিশুদের সঙ্গে পরিচয় করান,** পরে সেগুলো সারাদিনের নানা সময় স্বাভাবিকভাবে ব্যবহার করুন।

### উদাহরণস্বরূপ গণিত কথোপকথনের কিছু প্রম্পট

"কে প্রথমে দাঁড়িয়ে আছে? আর কে সবার শেষে?"

"কোন কাপটি লম্বা/ছোট/ গোলাকার/বড়?"

"চলো পাতা /পাথর দিয়ে একটি প্যাটার্ন বানাই – কোন প্যাটার্নগুলো একই রকম দেখাচ্ছে?"

"কার কাছে বেশি চুড়ি আছে?/কার জামায় প্যাটার্ন আছে?"

"বলটা কোথায়? টেবিলের নিচে না কি পেছনে?"

## ধাপ ৩: প্রাক গণিত দক্ষতার জন্য ধারণাচিত্র

### কেন?

দৈনন্দিন অভিজ্ঞতার মাধ্যমে শিশুদের যুক্তিভিত্তিক চিন্তা, পর্যবেক্ষণ এবং সমস্যা সমাধানের দক্ষতা বিকশিত হয়।

পরবর্তী পর্যায়ের গাণিতিক বোঝাপড়ার জন্য একটি মজবুত ভিত্তি তৈরি হয়।

বড়/ছোট, বেশি/কম, কাছে/দূরে, ভিতরে/বাইরে ইত্যাদি প্রাথমিক ধারণা অন্বেষণ ও বোঝার জন্য শিশুদের উত্সাহিত করে।

বাস্তব জীবনের জিনিস, কাজ এবং পরিবেশের সঙ্গে ধারণাগুলিকে যুক্ত করে গণিতকে অর্থবহ করে তোলে।

খেলার মাধ্যমে সাজানো, মিল খোঁজা, তুলনা করা এবং শ্রেণিবিন্যাসের মাধ্যমে শিশুদের মানসিক বিকাশে সহায়তা করে।




### কিভাবে?

প্রাথমিক গাণিতিক ধারণাগুলির (Pre-number Concepts) জন্য কার্যক্রম চিহ্নিত করুন ও পরিকল্পনা করুন।

এগুলিকে দৈনন্দিন শ্রেণিকক্ষের কার্যকলাপের সঙ্গে যুক্ত করুন।

স্থানীয় ও পরিচিত উপকরণ ব্যবহার করুন, যেমন: পাতা, পাথর, বীজ, বোতলের ঢাকনা ইত্যাদি।

| কার্যক্রমের নাম | শিখন লক্ষ্য | ধাপ |
|---|---|---|
| বাছাই করা | রং,আকার ও গঠনের ভিত্তিতে শ্রেণিবিন্যাস | বিভিন্ন আকার ও গঠনের পাতা সংগ্রহ করুন। শিশুদের সেগুলো বাছাই করতে বলুন এবং তারা যেভাবে করেছে, তার কারণ ব্যাখ্যা করতে বলুন।  |
| কোনটা বেশি? | পরিমাণ তুলনা করুন | শিশুদের দুটি জিনিসের সেট দিন। জিজ্ঞেস করুন: "কোনটি তে সংখ্যা বেশি?"  |
| প্যাটার্ন বানাও | সহজ প্যাটার্ন চেনা ও তৈরি করতে শেখানো | বোতলের ঢাকনা বা চুড়ি ব্যবহার করে AB বা ABC প্যাটার্ন তৈরি করুন। শিশুদের বলুন সেটি লক্ষ্য করে পরবর্তী ধাপ কী হতে পারে তা যোগ করতে।  |
| বলটি কোথায়? | স্থানিক ধারণা বোঝা | একটি বল বিভিন্ন জায়গায় রাখুন (উপর, নিচে, পাশে)। জিজ্ঞেস করুন: "এখন বলটি কোথায়?" শিশুদের সঠিক স্থান নির্দেশ করতে উত্সাহ দিন — যেমন: উপর, নিচে, পাশে, ভেতরে, বাইরে ইত্যাদি শব্দ ব্যবহার করে।  |

## কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত সময়সীমা

| ধাপ | সময় প্রয়োজন |
|---|---|
| রুটিনে একীভূতকরণ | প্রতিদিন/নিয়মিত |
| গণিত কথোপকথনের (math talk) সংগ্রহ তৈরি করা | বর্তমান পাঠের সাথে মিল রেখে ২–৩ দিন সময় নিয়ে মুক্ত প্রান্ত ম্যাথ টক প্রশ্নের একটি সংগ্রহ তৈরি করুন। |
| গণিত কথোপকথনের অনুশীলন করা | প্রতিদিন একটি ম্যাথ টক প্রশ্ন শ্রেণিকক্ষে ব্যবহার করুন। |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

## শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য

- ✓ শিশুরা খেলাচ্ছলে বস্তু সাজাতে, মিল খুঁজে পেতে ও তুলনা করতে পারে।
- ✓ শিশুরা বড়, ছোট, কাছে, বেশি – এই ধরনের সহজ গাণিতিক শব্দ ব্যবহার করে।
- ✓ শিশুরা আকার, গঠন ও অবস্থান সম্পর্কিত প্রশ্ন করে ও উত্তর দেয়।
- ✓ শিশুরা প্রাক গাণিতিক কার্যক্রমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করে।
- ✓ শিশুরা বড়/ছোট, বেশি/কম, কাছে/দূরে – এই ধরনের গণিতভিত্তিক শব্দভান্ডার ব্যবহার করে।
- ✓ গণিতভিত্তিক খেলাধুলার সময় শিশুরা কৌতূহল প্রকাশ করে।

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
| --- | --- | --- |
| আমি কি গুরুত্বপূর্ণ প্রাক গাণিতিক ধারণাগুলির জন্য কার্যক্রম চিহ্নিত ও পরিকল্পনা করেছি? | | |
| আমি কি দৈনন্দিন রুটিনে গাণিতিক ভাষা ও ধারণাগুলি ব্যবহার করি? | | |
| আমি কি এই সপ্তাহে অন্তত দুটি ম্যাথ টক সেশন প্রি-নাম্বার কার্যক্রমসহ পরিচালনা করেছি? | | |
| আমি কি প্রতিদিন শ্রেণিকক্ষে ম্যাথ টক করি? | | |
| আমি কি শিশুদেরকে গাণিতিক শব্দ ব্যবহার করে তাদের ভাবনা ব্যাখ্যা করতে উত্সাহিত করেছি? (যেমন: "কারণ এটা বড়া") | | |



# ৩ প্রাক লিখন দক্ষতার কার্যক্রম

### প্রাক লিখন দক্ষতা কী?

প্রাক লিখন দক্ষতা হল সূক্ষ্ম পেশীর দক্ষতা, যা শিশুদের আঙুল লেখার জন্য প্রস্তুত করে। এর মধ্যে রয়েছে আঙুলের নিয়ন্ত্রণ, পেন্সিল ধরার কৌশল, চোখ এবং হাতের সমন্বয়।

### প্রাক লিখন দক্ষতা কেন গুরুত্বপূর্ণ?

- এটি শিশুদের চাপমুক্ত ও বিকাশগতভাবে উপযুক্ত উপায়ে লেখার জন্য ধীরে ধীরে প্রস্তুত করে।
- এর সাহায্য তারা আঙুলের শক্তি, এবং হাতের সমন্বয় অভ্যাস, এবং হাতের নড়াচড়ার উপর নিয়ন্ত্রণ তৈরি করে।
- এটি শিশুদের লেখার কাজের প্রতি মনোযোগ,আত্মবিশ্বাস এবং স্বাধীনভাবে লেখার ক্ষমতা বাড়াতে সাহায্য করে।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

খেলতে খেলতে, আনন্দময় এবং আকর্ষণীয় প্রাক-লিখন কার্যক্রমের মাধ্যমে সূক্ষ্ম পেশীর দক্ষতা এবং চোখ ও হাতের সমন্বয় তৈরি করা, শিশুরা যাতে ধীরে ধীরে লেখার জন্য মানসিক ও শারীরিকভাবে প্রস্তুত হয় তা নিশ্চিত করা।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয় পদক্ষেপ

## ধাপ ১: সাপ্তাহিক প্রাক-লিখন কার্যক্রম পরিকল্পনা

### কেন?

এটি শিশুদের মধ্যে লেখার ধারাবাহিকতা এবং অগ্রগতি গড়ে তুলতে সাহায্য করে।

### কিভাবে?

প্রতিদিন একটি নির্দিষ্ট কার্যক্রম পরিকল্পনা করুন (যেমন, সোমবার: আঁকিবুকি, মঙ্গলবার: ক্লে রোলিং, বুধবার: ট্রেসিং)।

এমন বিষয় নিন যা থিম বা ঋতুর সাথে সামঞ্জস্যপূর্ণ (যেমন, বর্ষাকালে বৃষ্টির ফোঁটা আঁকা, উত্সবের সময় মাটি দিয়ে নাড়ু বা মিষ্টি বানানো।

## ধাপ ২: কম খরচে, বহুমুখী শিক্ষার উপকরণ ব্যবহার করুন

### কেন?


শিশুদের বিভিন্ন ইন্দ্রিয়কে উদ্দীপিত করে, এবং আগ্রহ বাড়ায়।

### কীভাবে?

বালি, আঙুলের ছাপ দিয়ে রঙ, চালের ট্রে, ময়দা, নুড়ি, বা পাতা ব্যবহার করুন।




শিশুদের ট্রেতে বালি দিয়ে বা বড় কাগজে আঙুলে রঙ দিয়ে প্যাটার্ন তৈরি করার সুযোগ দিন।



শিশুদের বোর্ড বা স্লেটে লেখা বা আঁকার জন্য উত্সাহ দিন, যাতে ঠিক করে বসে লেখার অভ্যাস করতে পারে এবং সূক্ষ্ম পেশী শক্তিশালী হয়।



## ধাপ ৩: শিক্ষকের প্রদর্শনের মাধ্যমে নির্দেশিত

### কেন?

শিক্ষকের থেকে লেখার সঠিক উপায়ে শেখা। ।

### কিভাবে?

## নিজের মত আঁকিবুঁকি কাটা

- রঙপেন্সিল, চক বা মার্কার দিন।
- বড় কাগজের শিট বা পুরনো সংবাদপত্র দিন।
- হাত ও কব্জির অবাধ নড়াচড়ার সুযোগ দিন।
- প্রতিটি শিশুকে সংশোধন না করে স্বাধীনভাবে আঁকিবুঁকি করতে উত্সাহিত করুন।
- তাদের জিজ্ঞেস করুনঃ " তুমি এটা কি লিখেছ?" তারা যা বলবে সেটা আপনি নীচে লিখে দিন।
- সব প্রচেষ্টার প্রশংসা করুন: "দেখো, তোমার হাত কত সুন্দরভাবে চলছে!"

## প্যাটার্ন ট্রেসিং

- বিন্দু বা ড্যাশযুক্ত প্যাটার্ন ব্যবহার করুন (সোজা, আড়াআড়ি, আঁকাবাঁকা রেখা)।
- প্রথমে আঙুল দিয়ে ট্রেস করে দেখান, তারপর রঙপেন্সিল দিয়ে করতে বলুন।
- বড় আকারের প্যাটার্ন দিয়ে শুরু করুন এবং ধীরে ধীরে আকার ছোট করুন।
- মৌখিক নির্দেশ দিন: "উপর থেকে শুরু করো", "ধীরে ধীরে হাত চালাও।"
- প্রয়োজনে শিশুর পাশে বসে হাত ধরে সহায়তা করুন।

## মাটি দিয়ে গড়া

- নরম কাদা বা বাড়িতে তৈরি আটা দিন।
- শিশুদের বলুন কাদাকে গড়িয়ে, চেপে, টিপে বল, পুতুল , লাড্ডুর মতো আকার দিতে।
- দুই হাতের তালু দিয়ে কীভাবে কাদা মাটি নরম করতে হয় তা দেখান।
- থিমের সঙ্গে যুক্ত করুন: "আজ আমরা সবজি বানাবো!"
- শিশুদের আঙুলের নড়াচড়া পর্যবেক্ষণ করুন, যাতে যাদের সহায়তা প্রয়োজন তাদের চিহ্নিত করা যায়।

## বালিতে ট্রেস করা

- পরিষ্কার বালি দিয়ে ট্রে ভরুন।
- শিশুদের আঙুল দিয়ে রেখা, বাঁক এবং বিভিন্ন আকার আঁকতে দিন।
- দেখিয়ে দিন: "বালিতে একটি বৃত্ত বানাও।"
- সহজ প্যাটার্ন কার্ড রেফারেন্স হিসেবে ব্যবহার করুন।
- জোড়ায় শিশুদের বসিয়ে একসাথে কাজ (peer learning) করার উত্সাহিত দিন।

## কাগজ ছেঁড়া ও আটানো

- কিছু রঙিন কাগজ/ newspaper cuttings দিন।
- শিশুদের বলুন কাগজ ছোট ছোট টুকরো করে ছিঁড়ে নির্দিষ্ট আকারের ভেতরে লাগাতে।
- বড় আকার (বৃত্ত, গাছ, সূর্য) আঁকুন এবং পেস্ট করতে সাহায্য করুন।
- আঙুল ও বুড়ো আঙুলের pincer grip ব্যবহার করে কাগজ ছিঁড়তে উত্সাহিত করুন।
- বলুন: "তুমি কি এই পুরো বৃত্তটা কাগজের টুকরো দিয়ে ভরতে পারবে?"

## পুঁতি মালা তৈরি

- পুঁতি এবং সুতো/জুতোর ফিতে দিন।
- শিশুদের দেখিয়ে দিন কি ভাবে পুঁতি দিয়ে তারা মালা তৈরি করবে।
- দেখান কীভাবে এক হাতে সুতা ধরে অন্য হাতে পুঁতি ধরা হয়।
- "ভিতরে-বাইরে," "ঠেলে-টান" এর মতো শব্দ ব্যবহার করুন।
- প্রচেষ্টার প্রশংসা করুন, এমনকি যদি পুঁতি পড়েও যায়: "তুমি আবার চেষ্টা করেছো, দারুন!"

## গোলকধাঁধা ট্রেসিং এবং পথ অনুসরণ

- ছবিতে যেমন দেখান সেরম কিছু Maze তৈরি করুন।
- শিশুরা রঙ দিয়ে পথ ট্রেস করবে।
- গল্পের সঙ্গে সংযোগ করুন: "খরগোশকে গাছ পর্যন্ত পৌঁছাতে সাহায্য করো।"
- মেজ শেষ করতে একাধিক প্রচেষ্টার সুযোগ দিন।
- "ধীরে ধীরে লাইন অনুসরণ করুন" এর মতো শব্দ ব্যবহার করুন।

# প্রতিদিনের রুটিনে প্রাক লিখন কার্যক্রমগুলি কীভাবে অন্তর্ভুক্ত করবেন?

### স্বাধীন খেলা চলাকালীন

- ✓ ক্রেয়ন, বালি দিয়ে ট্রে শিশুর হাতের কাছে রাখুন যাতে তারা আঁকিবুঁকি ও ট্রেসিং করতে পারে।
- ✓ শিশুদের স্বাধীনভাবে কার্যক্রম বেছে নিয়ে অনুসন্ধান করতে দিন।

### ভাষা কার্যক্রম চলাকালীন

- ✓ গল্পের থিমের সঙ্গে ট্রেসিং/ আঁকার সংযোগ করুন (যেমন: বর্ষার গল্পের পরে শিশুদের বৃষ্টি আঁকতে বলুন)।
- ✓ বিন্দু যোগ করা, প্যাটার্ন ট্রেসিং বা বালিতে লেখা শিখনের অংশ হিসেবে ব্যবহার করুন।

### Art/Craft চলাকালীন

- ✓ ছেঁড়া, পেস্ট করা, আঙুলে আঁকা এবং কাদা/মাটি দিয়ে মডেলিং অন্তর্ভুক্ত করুন।
- ✓ শিশুদের উপকরণ ব্যবহার করে সহজ আকার বা অক্ষর গঠন করতে দিন।

### বহিরঙ্গন খেলা চলাকালীন

- ✓ মাঠে চক বা লাঠি দিয়ে প্যাটার্ন আঁকুন।
- ✓ স্ট্রোক অনুকরণ করে চলাচলের খেলা খেলুন (যেমন: জিগজ্যাগ পথে হাঁটা)।

## মনে রাখার বিষয়গুলো

শিশু লেখার জন্য প্রস্তুত না হলে তাকে জোর করে লেখানর চেষ্টা করবেন না। তাকে সময় দিন।

নিয়মিতভাবে প্রতিটি শিশুর পেন্সিল ধরার ভঙ্গি, আগ্রহ এবং অগ্রগতি পর্যবেক্ষণ করুন।

শিশুর আগ্রহ বজায় রাখতে এবং শিশুদের বিভিন্ন ক্ষমতাকে সমর্থন করার জন্য কার্যক্রম পরিবর্তন করুন।

## বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| প্রয়োজনীয় পদক্ষেপ | প্রয়োজনীয় সময় |
|---|---|
| সাপ্তাহিক প্রাক লিখন কার্যক্রম পরিকল্পনা করা | ৩ - ৪ দিন |
| কম খরচে, বহুমুখী শিক্ষার উপকরণ ব্যবহার | ৩ - ৪ দিন |
| প্রাক লিখন কার্যক্রম পরিচালনা করা | প্রতিদিন |

**এই MIP একবার শ্রেণীকক্ষের অংশ হলে, নিয়মিত ব্যবহার হবে।*

## শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য

- ✓ শিশুদের মধ্যে পেনসিল ও ক্রেয়ন ধরার দক্ষতায় উন্নতি লক্ষ্য করা গেছে।
- ✓ প্রাক লিখন কার্যক্রমে শিশুদের মধ্যে আগ্রহ ও সক্রিয় অংশগ্রহণ দেখা যাচ্ছে।
- ✓ শিশুদের মধ্যে চোখ ও হাতের সমন্বয় আরও দৃঢ় হয়েছে।
- ✓ ট্রেস করা, আকার তৈরি করা ইত্যাদির মাধ্যমে শিশুদের হাতের নিয়ন্ত্রণের ক্ষমতা বৃদ্ধি পেয়েছে।

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কি প্রয়োজনীয় সম্পদের সাথে প্রাক লিখন কার্যক্রম পরিকল্পনা করেছি? | | |
| আমি কি এই সপ্তাহে প্রতিদিন অন্তত একটি প্রাক লিখন কার্যক্রম পরিচালনা করেছি? | | |
| আমি কি শিশুদের মুক্তভাবে চিহ্ন এবং ধরণ অন্বেষণ করতে উত্সাহিত করেছি? | | |

# ৪ সার্কেল টাইমঃ দিনের শুরু ও শেষের সময়

### সার্কেল টাইম কী?

সার্কেল টাইম হলো প্রতিদিনের শ্রেণিকক্ষের একটি গুরুত্বপূর্ণ অংশ। সাধারণত দিনের শুরুতে ও শেষে এটি করা হয়।এতে শিশুরা শিক্ষক, বন্ধু ও পরিবেশের সঙ্গে সম্পর্ক গড়ে তোলে এবং প্রতিদিনের কাজ সম্পর্কে অবগত হয়।

### সার্কেল টাইম কেনো গুরুত্বপূর্ণ?

সহপাঠী, শিক্ষক এবং পরিবেশের সঙ্গে সম্পর্ক গড়ে তোলে।
শিশুদের নিজের ভাবনা ও অনুভূতি প্রকাশ করতে উত্সাহিত করে।
দলের শক্তি একত্রিত করে এবং তা ইতিবাচকভাবে পরিচালিত করে।
শিশুরা প্রতিদিনের রুটিন বোঝে ও নিয়ম মানতে শেখে।
সামাজিক-আবেগিক বিকাশ, যোগাযোগ দক্ষতা এবং অন্তর্ভুক্তির অনুভূতি বৃদ্ধি করে।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট পরিকল্পনার উদ্দেশ্য

সার্কেল টাইমকে শ্রেণিকক্ষে নিয়মিত প্র্যাকটিস হিসেবে গড়ে তোলা।

শিক্ষকদের পরিকল্পনা ও কার্যকরী সার্কেল টাইম করতে সাহায্য করা।

শিশুদের সামগ্রিক বিকাশের সুযোগ তৈরি করা — সামাজিক, আবেগিক, ভাষাগত এবং বৌধিক দিক থেকে।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয় পদক্ষেপ

## ধাপ ১: সার্কেল টাইমের জন্য প্রস্তুতি

### কেন?

প্রস্তুতি ভালো হলে শিশুদের অংশগ্রহণ বাড়ে।

### কীভাবে?

দৈনিক পাঠ পরিকল্পনা থেকে সার্কেল টাইম কার্যকলাপগুলি পড়ুন।

একটি পরিষ্কার, স্বাগতপূর্ণ বসার জায়গা তৈরি করুন।

প্রয়োজনীয় জিনিস প্রস্তুত রাখুন:

| | | | |
|---|---|---|---|
| ক্যালেন্ডার, আবহাওয়ার চার্ট | গান, ছড়া বা কথোপকথনের ছবি ও উপকরণ | সহজ বাদ্যযন্ত্র (ডফলি, বাঁশি, প্লেট-চামচ) | বই ও পাপেট |




## ধাপ ২: মর্নিং বা দিনের শুরুর সার্কেল টাইম কিভাবে পরিচালনা করবেন?

### কেন?

এটি দিনের শুরুতে ইতিবাচক পরিবেশ তৈরি করে।

### কীভাবে?

শিশুদের বৃত্তাকার বা বর্গাকারভাবে বসান।

শিশুদের বিভিন্নভাবে শুভেচ্ছা জানান — "সুপ্রভাত", স্থানীয় ভাষায় অভিবাদন, পশুপাখির শব্দ বা সৃজনশীল অঙ্গভঙ্গির মাধ্যমে।

শিশুকে সহজ প্রশ্ন করুন:

| | | |
|---|---|---|
| আজকে তোমার কেমন লাগছে? | তুমি স্কুলে আসার সময় পথে কি কি দেখেছো? | বাড়িতে তুমি কি কি করেছ? |

শিশুদের গান বা প্রার্থনা গাইতে দিন, চাইলে বাদ্যযন্ত্র ব্যবহার করুন।

১ মিনিট নীরবে বসে শ্বাস নেওয়া বা চারপাশের শব্দ মন দিয়ে শুনতে বলুন।

ক্যালেন্ডার দেখে দিন, তারিখ, মাস ও আবহাওয়া নিয়ে আলোচনা করুন। শিশুরা পালা করে চার্ট আপডেট করবে।

| | | | |
|---|---|---|---|
| তোমার কি মনে আছে গতকাল তুমি কি করেছিলে?কোন বিষয়টি তোমার সবথেকে ভালো লেগেছে? | এই মাসে কি তোমার জন্মদিন না অন্য মাসে? এই মাসে কি কোনো বিশেষ দিন আছে? | আজ বাইরে রোদ, বাতাস না বৃষ্টি? | আজকে তুমি কি ধরনের পোশাক পরেছ ? এই ধরনের পোশাক আমরা গরম না শীত কালে পরি? পরিচ্ছন্নতা নিয়ে আলোচনা করুন (দাঁত মাজা, নখ কাটা, জামা পরিষ্কার)। |

শিশুদের প্রতিদিন একে অপরের পরিষ্কার-পরিচ্ছন্নতা পরীক্ষা করার দায়িত্ব দিন।

সারাদিন শিশুরা কি কি করবে তা বলে দিন।

## ধাপ ৩: দিনের শেষের সার্কেল টাইম

### কেন?

এটি শিশুদের প্রতিফলন করতে শেখায় ও পরবর্তী দিনের জন্য প্রস্তুত করে।

### কীভাবে?

দিনের শেষে আবার শিশুদের বৃত্তে বসান।

শিশুদের সঙ্গে আলোচনা করুন

- শিশুদের জিজ্ঞেস করুন আজ কোন কাজটি তাদের সবচেয়ে ভালো লেগেছে?
- শিশুদের জিজ্ঞেস করুন কোন কাজটি কম ভালো লেগেছে?

শিশুদের আগামী দিনের কাজ মনে করিয়ে দিন।

দিনের কার্যক্রম শেষ করার সময় কোনো ছড়া, স্থানীয় গান, ছোট গল্প দিয়ে শেষ করুন।

## ধাপ ৪: সার্কেল টাইম কার্যক্রমের কিছু উদাহরণ

### কেন?

এতে সার্কেল টাইম আরও আকর্ষণীয় হয়।

### কীভাবে?

| | | | | |
|---|---|---|---|---|
| শিশুদের সাথে গান ও ছড়া গাওয়া। | শিশুদেরকে ধাঁধা প্রশ্ন করুন এবং সেই নিয়ে শিশুদের সাথে আলোচনা করুন। | শিশুদের গুনতে বলুন আজকে শ্রেনীর মধ্যে কতজন উপস্থিত রয়েছে। | শিশুদের অভিজ্ঞতা ও অনুভূতি তাদের নিজেদের বলতে বলুন। | দিনের থিম নিয়ে শিশুদেরকে ছোট অভিনয় করতে বলুন |

## মনে রাখার বিষয়গুলি

শিশুদের সঙ্গে প্রতিদিন সকাল ও দিনের শেষে সার্কেল টাইম করুন।

সব শিশু, এমনকি বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরাও অংশ নেয় সেই বিষয়টি নিশ্চিত করুন।

উদ্দীপনা ও আগ্রহ বজায় রাখতে শুভেচ্ছা, গান এবং কার্যক্রমে বৈচিত্র আনুন।

সময় ১০–১৫ মিনিট রাখুন, তবে তা যেন অর্থবহ হয়।

শিশুদেরও দায়িত্ব দিন—গান শুরু করা, চার্ট আপডেট করা, থিম ভিত্তিক আলোচনা করা

## বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| প্রয়োজনীয় পদক্ষেপ | প্রয়োজনীয় সময় |
|---|---|
| প্রস্তুতি (বসার জায়গা, উপকরণ) | ৩–৪ দিন |
| সকাল ও বিকেলে সার্কেল টাইম | প্রতিদিন ১০–১৫ মিনিট |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নিচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা সার্কেল টাইমে মনোযোগ সহকারে অংশগ্রহণ করে এবং শোনে। | | | | |
| শিশুরা অভিবাদন, গান ও প্রশ্নের উত্তর দেয়। | | | | |
| শিশুরা আত্মবিশ্বাসের সঙ্গে অনুভূতি ও অভিজ্ঞতা ভাগ করে। | | | | |
| শিশুরা ক্যালেন্ডার ও আবহাওয়ার চার্ট আপডেট করতে অংশ নেয়। | | | | |

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নিচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা দৈনিক রুটিন বোঝে ও অনুসরণ করে। | | | | |
| শিশুরা দায়িত্বশীল আচরণ করে (যেমন: পরিচ্ছন্নতা পরীক্ষা, গান নেতৃত্ব)। | | | | |
| শিশুরা ধৈর্য ধরে নিজের পালার জন্য অপেক্ষা করে ও অন্যদের কথা শোনে। | | | | |
| শিশুরা দিনের কাজ নিয়ে ভাবতে পারে ও কী উপভোগ করেছে তা মনে রাখতে পারে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আজ কি রোজ দিনের শুরুর ও শেষের সার্কেল টাইম করেছি? | | |
| আমি কি সার্কেল টাইমে শুভেচ্ছা, গান বা উপকরণ ব্যবহার করেছি? | | |
| আমি কি সব শিশুকে অংশগ্রহণের সুযোগ দিয়েছি? বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অংশ নিতে উত্সাহিত করেছি কি? | | |
| আমি কি শিশুদের ভাবনা ও অভিজ্ঞতা ভাগ করে নেওয়ার সুযোগ দিয়েছি? | | |
| শিশুরা কি ক্যালেন্ডার/আবহাওয়ার চার্ট আপডেট করেছে? | | |
| আমি কি পরিচ্ছন্নতা নিয়ে আলোচনা করেছি? | | |
| আমি কি শিশুদের আচরণ ও অংশগ্রহণে পরিবর্তন লক্ষ্য করেছি ? | | |

*বিশেষ চাহিদা সম্পন্ন শিশু না থাকলে শিক্ষকরা NA লিখতে পারেন।

# ৫ প্রাক-প্রাথমিক রুটিনে মুক্ত খেলাকে অন্তর্ভুক্ত করা

### মুক্ত খেলা কী?

মুক্ত খেলা হল অসংগঠিত খেলার সময় যেখানে শিশুরা তাদের নিজের পছন্দ মতো খেলা বেছে নেয়। তারা যে জিনিসে আগ্রহী, সেটাই নিয়ে খেলে, স্বাধীনভাবে পরীক্ষা-নিরীক্ষা করে এবং নিরাপদ পরিবেশে অন্যদের সঙ্গে মেলামেশা করে। এটি শিশু-পরিচালিত খেলা, এতে তাদের কল্পনা শক্তি, সৃজনশীলতা এবং আত্মবিশ্বাস বাড়ে।

### মুক্ত খেলা কেনো গুরুত্বপূর্ণ?

- শিশুর কল্পনা ও সৃজনশীলতা বৃদ্ধি পায়।
- ভাগাভাগি ও সহযোগিতা করার অভ্যাস তৈরি হয়।
- সমস্যা সমাধান ও সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা গড়ে ওঠে।
- মনোযোগ ধরে রাখতে শেখে, আত্মবিশ্বাস তৈরি হয়।
- তারা নিজেদের অনুভূতি প্রকাশ করতে পারে, চাপ কমাতে সাহায্য করে।
- অন্তর্ভুক্তিকে সহায়তা করে — প্রতিটি শিশু নিজের সক্ষমতা অনুযায়ী অংশগ্রহণ করতে পারে।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

প্রাক-প্রাথমিক শিক্ষার নিয়মিত অংশ হিসেবে প্রতিদিনের রুটিনে মুক্ত খেলাকে অন্তর্ভুক্ত করা।

শিশুদের আনন্দময় পরিবেশে শেখার সুযোগ দেওয়া।

শিশুদের সামগ্রিক বিকাশে সহায়তা করা —বৌধিক, সামাজিক, আবেগিক এবং শারীরিক দিক থেকে।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয় পদক্ষেপ

## ধাপ ১: মুক্ত খেলা পরিকল্পনা করা

### কেন?

যাতে মুক্ত খেলা অর্থবহ হয় এবং রুটিনের একটি নির্দিষ্ট অংশ হয়ে ওঠে।

### কীভাবে?

প্রতিদিন ২০–৩০ মিনিট সময় নির্ধারণ করা।

শ্রেণিকক্ষ বা বাইরে নিরাপদ স্থান বেছে নেওয়া।

বিভিন্ন খেলার উপকরণ প্রস্তুত রাখা (ব্লক, পাজল, মাটি, গল্পের বই, নকল খেলার সেট, ছবি আঁকার উপকরণ ইত্যাদি)।

## ধাপ ২: খেলার কোণ সাজানো

### কেন?

সংগঠিত খেলাধুলার স্থান শিশুদের বেছে নেওয়া ও অনুসন্ধানের সুযোগ তৈরি করে।

### কীভাবে?

শ্রেণীকক্ষের জায়েগার ওপর ভিত্তি করে আলাদা আলাদা কোণ তৈরি করা:

- ব্লক/কন্সট্রাকশন কোণ (লেগো, কাঠের ব্লক, স্ট্যাকিং)
- অভিনয় খেলার কোণ (কিচেন সেট, পুতুল, দোকান, ডাক্তার সেট)
- ছবি আঁকার কোণ (খড়ি, কাগজ, রং, মাটি)
- গল্পের বইয়ের কোণ (ছবির বই, পাপেট)
- বাইরের খেলার কোণ (বালি, জল, দোলনা, বল)

প্রতি সপ্তাহে উপকরণ পরিবর্তন করুন।



## ধাপ ৩: শিশুদের মুক্ত খেলার সাথে পরিচয় করানো

### কেন?

শিশুদের সময় ও স্থান ব্যবহার শেখাতে সাহায্য করে।

### কীভাবে?

শিশুদের সহজ ভাষায় নিয়ম বোঝানো:

"তুমি কি নিয়ে খেলতে চাও, তা বেছে নাও।"

"উপকরণের যত্ন নাও।"

"বন্ধুর সঙ্গে ভাগ করে খেলতে হয়।"

"খেলা শেষে জিনিসপত্র জায়গায় রাখতে হয়।"

## ধাপ ৪: মুক্ত খেলাধুলার সময় শিক্ষকের ভূমিকা

**কেন?**

নিরাপত্তা ও শেখা নিশ্চিত করার জন্য, তবে খেলাটি শিশু-নেতৃত্বাধীন রাখা জরুরি।

**কীভাবে?**

শিশুদের পছন্দ, আগ্রহ ও মেলামেশা পর্যবেক্ষণ করা

প্রয়োজনে (ঝগড়া বা নিরাপত্তা সমস্যা) হস্তক্ষেপ করা

মুক্ত প্রান্ত প্রশ্ন করে ভাষা ব্যবহারে উত্সাহ দেওয়া

- "তুমি কী বানাচ্ছ?"
- "আমরা কীভাবে এই সমস্যার সমাধান করতে পারি?"

পর্যবেক্ষণ গুলি লিখে রাখুন।

# মনে রাখার বিষয়গুলি

- মুক্ত খেলা শিশু-নেতৃত্বাধীন—শিক্ষক শুধু সহায়ক।
- উপকরণ নিরাপদ, সহজলভ্য ও নিয়মিত পরিবর্তনযোগ্য হতে হবে।
- সব শিশুর সমান অংশগ্রহণ নিশ্চিত করা, বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদেরও।
- মুক্ত খেলা গঠনমূলক শিক্ষার মতোই গুরুত্বপূর্ণ—এটি জীবন দক্ষতা গড়ে তোলে।

# বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| প্রয়োজনীয় পদক্ষেপ | প্রয়োজনীয় সময় |
|---|---|
| খেলার কোণ সাজানো | ৩–৪ দিন |
| শিশুদের মুক্ত খেলার সাথে পরিচয় করানো | ১–২ দিন |
| প্রতিদিন মুক্ত খেলা | ২০–৩০ মিনিট |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নিচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা স্বাধীনভাবে খেলা বেছে নেয় এবং কৌতূহল দেখায়। | | | | |
| শিশুরা সহপাঠিদের সাথে সহযোগিতা করে, ভাগ করে নেয় এবং সমস্যা সমাধান করে। | | | | |
| শিশুরা খেলার সময় কল্পনা এবং সৃজনশীলতা ব্যবহার করে। | | | | |
| শিশুরা তাদের অনুভূতি এবং ধারণাগুলি অবাধে প্রকাশ করে। | | | | |
| শিশুরা দায়িত্বের সাথে উপকরণগুলি ব্যাবহার করে এবং খেলার পরে সেগুলি ফিরিয়ে দেয়। | | | | |
| বিশেষ চাহিদা সম্পন্ন শিশুরা সক্রিয়ভাবে সহায়তার সাথে অংশগ্রহণ করে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কি প্রতিদিন মুক্ত খেলার জন্য সময় রেখেছি? | | |
| আমি কি খেলার কোণ সাজিয়েছি এবং নিয়মিত উপকরণ ঘুরিয়ে ফিরিয়ে রাখছি ? | | |
| আমি কি শিশুদের সহজ নিয়মগুলো বুঝিয়েছি? | | |
| আমি কি শিশুদের খেলার সময় পর্যবেক্ষণ করেছি, কিন্তু অপ্রয়োজনীয় হস্তক্ষেপ করিনি? | | |
| আমি কি বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের অন্তর্ভুক্ত করেছি? | | |
| আমি কি অভিভাবকদের উত্সাহিত করেছি ঘরেও মুক্ত খেলার ব্যবস্থা করতে? | | |

*বিশেষ চাহিদা সম্পন্ন শিশু না থাকলে শিক্ষকরা NA লিখতে পারেন।

# ৬ সেন্সরি কর্নারঃ তৈরি ও ব্যবহার

### সেন্সরি কর্নার বলতে কি বোঝায়?

সেন্সরি কর্নার হলো শ্রেনিকক্ষের একটি বিশেষ জায়গা, যা শিশুদের জন্য এমনভাবে তৈরি করা হয়েছে যাতে শিশুরা তাদের বিভিন্ন ইন্দ্রিয় - স্পর্শ ,দেখা, শোনা এবং ঘ্রান ব্যবহার করে বিভিন্ন উপকরন আনুসন্ধান করতে পারে এবং সেইগুলর সাথে যুক্ত হয়ে শিখতে পারে।

### সেন্সরি কর্নার কেন গুরুত্বপূর্ণ?

- শিশুরা তাদের পঞ্চ ইন্দ্রিয়ের মাধ্যমে শেখে - সেন্সরি কর্নার তাই শিক্ষণের সুযোগ বাড়িয়ে দেয়ে।
- এটি শিশুদের আবেগ ও আচরণ নিয়ন্ত্রণ করতে সাহায্য করে
- বিভিন্ন স্পর্শ, শব্দ, দৃশ্য ও গন্ধের মাধ্যমে সেন্সরি দক্ষতা উন্নত করে
- মনোযোগ, মননিবেশ এবং শিক্ষণের জন্য প্রস্তুতি করে
- বিভিন্ন ধরনের শিক্ষণ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য অন্তর্ভুক্তিমূলক সুযোগ নিশ্চিত করে



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শ্রেনিকক্ষের পাঠদানের অংশ হিসেবে সেন্সরি কর্নার তৈরি এবং তা ব্যবহার করা।

শিক্ষকদের সাহায্য করা যাতে তারা শিশুদের সুশৃঙ্খলভাবে সেন্সরি কর্নার ব্যাবহার পরিচালনা করতে পারেন।

শান্তা থাকা , আত্মানিয়ন্ত্রণ গড়ে তোলা এবং আনন্দময় শিক্ষার পরিবেশ সৃষ্টির সুযোগ তৈরি করা ।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করনীয় পদক্ষেপ

## ধাপ ১: সেন্সরি কর্নারের গুরুত্ব বুঝতে পারা

### কেন?

সেন্সরি অভিজ্ঞতাই হচ্ছে প্রাথমিক শিক্ষার মূলভিত্তি- শিশুরা কোন কিছু ছুঁয়ে, দেখে, শুনে, ঘ্রাণ নিয়ে এবং স্বাদ গ্রহণের মাধ্যমে তাদের চারপাশের পরিবেশকে বুঝতে শেখে।

এই সমস্ত বিষয়গুলো শিক্ষকদের বুঝতে সাহায্য করে যে, যখন শিশুরা একাধিক ইন্দ্রিয়ের ব্যবহার করে, তখন তাদের শেখা হয় আরও গভীর, দৃঢ় এবং দীর্ঘস্থায়ী।

এটি শিশুর সামগ্রিক বিকাশে সহায়তা করে – বৌদ্ধিক (চিন্তাশক্তি বৃদ্ধি), সামাজিক (ভাগাভাগি/ পালাক্রমে কাজ করা), আবেগিক (অনুভুতি প্রকাশ), এবং শারীরিক (সূক্ষ্ম ও বৃহৎ পেশীর দক্ষতা)।

সেন্সরি কার্যক্রম শিশুদের মনোযোগ, কৌতূহল, এবং শেখার আগ্রহ বাড়ায়।

### কিভাবে?

প্রশিক্ষণ, পঠন নির্দেশিকা এবং শিশুদের চাহিদার প্রতিফলনের মাধ্যমে শিক্ষকদের দক্ষতা বৃদ্ধি।

## ধাপ ২: সেন্সরি কর্নারের জন্য উপযুক্ত স্থান চিহ্নিত করা

### কেন?

একটি নির্দিষ্ট স্থান থাকলে ব্যবহার সহজ ও নিরাপদ হয়।

### কিভাবে?

- শ্রেণিকক্ষের একটি কোণ, খেলার জায়গা অথবা একটি ছোট স্থান নির্বাচন করুন।
- স্থানটিকে আরও আকর্ষণীয় করতে মাদুর, কার্পেট বা পর্দা ব্যবহার করুন।

## ধাপ ৩: সেন্সরি কর্নার তৈরি এবং সাজানো


### কেন?

সুশৃঙ্খলভাবে সাজানো স্থানগুলো ক্রমানুসারে খুঁজে দেখার সুযোগ দেয়।

### কিভাবে?

চারটি কোণের জন্য নিরাপদ ও পরিস্কার উপকরণ সংগ্রহ করুন:

- স্পর্শ কোণ: কাপড়, স্পঞ্জ, তুলো, পাথর, ডালপালা, bubble wrap।
- দৃশ্য কোণ: পোস্টার, আনুভুতি কার্ড, ছবির কার্ড, প্যাটার্ন যুক্ত টর্চ।
- শব্দ কোণ: ঘন্টা, দাফলি, এবং পাথর/ বীজ/ মুদ্রা সহ শব্দ বাক্স।
- গ্রান কোণ: পাতা, ফুল, ফল, সুগন্ধি যুক্ত তুলোর বল।




ছবির সাহায্যে লেবেল ব্যবহার করুন : হাত (স্পর্শ করার জন্য), চোখ (দেখার জন্য), ঘন্টা/ কান (শব্দ শোনার জন্য), নাক (ঘ্রাণ নেওয়ার জন্য)।

## ধাপ ৪: সেন্সরি কর্নার ব্যাবহার করা

### কেন?

শিশুদেরকে আনন্দময় ও পরিকল্পিতভাবে খোঁজার সঙ্গে পরিচয় করানো।

### কিভাবে?

শিশুদেরকে সেন্সরি কর্নারের সঙ্গে পরিচয় করান।

প্রদর্শন ও লেবেল দেখানোর মাধ্যমে শিশুদেরকে বিভিন্ন জোনের সিঙ্গে পরিচয় করানো। উদাহরণ:

**স্পর্শ কোণ:** এটি আমাদের স্পর্শ কোণ এখানে আমরা হাতের সাহায্যে বিভিন্ন জিনিস স্পর্শ করতে পারি। দেখো এই কাপড়টি কত নরম এবং মসৃন।

**দৃশ্য কোণ:** এটি আমাদের দৃশ্য কোণ ! এখানে আমরা সুন্দর ও মজার জিনিস দেখতে পারি। এই কার্ডের দিকে লক্ষ্য করো। তুমি কি এটি খুব ভালোভাবে দেখেছ, আমাকে কি তুমি বলতে পারবে এখানে দুটো প্রজাপতির মধ্যে কি কি পার্থক্য আছে।

**শব্দ কোণ:** এটি আমাদের শব্দ কোণ! আমরা বিভিন্ন শব্দ শুনব এবং দেখি এগুলো আমাদের কেমন আনুভুতি দেয়।

**ঘ্রান কোণ:** এখানে আমরা বিভিন্ন জিনিসের গন্ধ নেবো এবং দেখবো আমাদের কোনটা ভালো লাগে।

কর্নারের জন্য পরিষ্কার নির্দেশ তৈরি করুন।

কোণটি কিভাবে ব্যবহার করতে হবে তা বোঝানোর জন্য ছবি সহ একটি সহজ নির্দেশিকা চার্ট টাঙান।

এক সময় একটি করে জোন ব্যবহার করুন।

দিনের মধ্যে একটি সময় ঠিক করুন যেমন মুক্ত খেলা বা শান্ত সময়ে যখন শিশুরা ছোট দলে বা একা সেন্সরি কোণে কাজ করতে পারবে।

## ধাপ ৫: শিশুদের অংশগ্রহণ পর্যবেক্ষণ করা

### কেন?

শিশুদের আগ্রহ , আচরণ এবং প্রয়োজন শিক্ষকদের বুঝতে সাহায্য করে।

### কিভাবে?

শিশুরা কোন জোন বা উপকরণ বেশি পছন্দ করছে তা নোট করুন।

শিশুরা কিভাবে উপকরণ ব্যবহার করছে তা লক্ষ্য করুন নম্রভাবে/ রুক্ষভাবে)।

তাদের প্রতিক্রিয়া গুলো শুনুন "এটা খুব নরম, এটা আমার পছন্দ হয়েছে।"

পর্যবেক্ষণের ভিত্তিতে পরবর্তী সেন্সরি কার্যক্রম পরিকল্পানা করুন।

## ধাপ ৬: শিক্ষণের জন্য সেন্সরি অভিজ্ঞতার ব্যবহার

### কেন?

খেলার সাথে পরিকল্পিত শিক্ষার সঙ্গে যুক্ত করা

### কিভাবে?

| | | | | |
|---|---|---|---|---|
| আকৃতি, রঙ, স্পর্শ, ঘ্রাণ আনুযায়ী জিনিস আলাদা করার কার্যক্রম করুন। | বৈজ্ঞানক বৈশিষ্টগুলি পরীক্ষা করুন দেখুন (কোনটি পিছলে যাচ্ছে, কোনটি ভাসছে/ কোনটি ডুবছে, কোনটি জলে মিশে যাচ্ছে/ কোনটি জলের সাথে মিশছে না )। | শব্দের তুলনা করুন (তীক্ষ্ণ বনাম মৃদু)। | সেন্সরি খেলাধুলাকে অনুভুতির সাথে যুক্ত করুন (ম্রিদু, প্রাণবন্ত)। | বিষয়ভিত্তিক কার্যক্রমের সঙ্গে যুক্ত করুন – নতুন শব্দভান্দার, গল্প বলা, দলগত কাজ। |

## মনেরাখার বিষয়সমূহ!

- উপকরণগুলো দেখতে পাওয়া যাবে এমন ভাবে, লেবেলযুক্ত এবং শিশুদের হাতের নাগালের মধ্যে রাখুন।
- কৌতূহল বজায় রাখার জন্য উপকরণগুলো প্রতি সপ্তাহে ঘুরিয়ে ফিরিয়ে রাখুন।
- নিশ্চিত করুন যে সমস্ত উপকরণ নিরাপদ, পরিষ্কার এবং বিষাক্ত নয়।
- নিশ্চিত করুন সকল উপকরণ যেন নিরাপদ এবং পরিস্কার হয়।

## বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| প্রয়োজনীয় পদক্ষেপ | প্রয়োজনীয় সময় |
|---|---|
| স্থান নির্বাচন ও প্রস্তুতি | ২-৩ দিন |
| উপকরণ সংগ্রহ ও সাজানো | ৩-৪ দিন |
| শিশুদেরকে সেন্সরি কর্নার এর সাথে পরিচয় করানো | ১ সপ্তাহ |
| নিয়মিত ব্যবহার এবং পর্যবেক্ষণ | চলতে থাকবে |

**একবার বাস্তবায়িত হবার পর , এই MIP নিয়মিত ক্লাসরুমের কাজে ব্যবহার হবে।*

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা নিজেরাই স্বাধীনভাবে সেন্সরি কোণে খেলতে পচ্ছন্দ করে। | | | | |
| শিশুরা উপকরণগুলো সাবধানে এবং দ্বায়িত্বের সঙ্গে ব্যবহার করে। | | | | |
| শিশুরা তাদের অভিজ্ঞতা সেন্সরি শব্দের ব্যবহার করে বর্ণনা করে। | | | | |
| শিশুরা বেশি মনোযোগী , শান্ত , এবং নিজেদের আবেগ নিয়ন্ত্রন করতে সক্ষম। | | | | |
| বিভিন্ন চাহিদা সম্পন্ন শিশুরা সহায়তার মাধ্যমে অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করে। | | | | |
| শিশুরা সেন্সরি খেলাকে শ্রেণীকক্ষে শেখার সাথে যুক্ত করে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কি সেন্সরি কোণের প্রতিটি জোন পরিস্কারভাবে লেবেলযুক্ত করে সাজিয়েছি? | | |
| আমি কি প্রদর্শনের মাধমে শিশুদেরকে প্রতিটি জোন পরিচয় করিয়েছি? | | |
| শিশুরা কিভাবে অংশগ্রহন করছে এবং কিভাবে কাজ করছে তা কি আমি নিয়মিত পর্যবেক্ষণ করছি? | | |
| বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অংশগ্রহন করার জন্য আমি কি উৎসাহিত করেছি? | | |
| আমি কি সেন্সরি অভিজ্ঞতাগুলোকে শ্রেণীকক্ষের পাঠের সাথে যুক্ত করেছি? | | |
| আমি কি কয়েকদিন আগে কোণের উপকরণগুলো পরিবর্তন করেছি? | | |
| আমি কি আভিভাকদের কে উপকরণ বা ধারণা দেওার জন্য যুক্ত করেছি? | | |
| আমি কি শিশুদের মনোযোগ, আবেগ, অংশগ্রহনের পরিবর্তনগুলো নোট করেছি? | | |

# প্রাথমিক শ্রেণির জন্য মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান



# ১ প্রাথমিক শ্রেণিকক্ষে দৈনন্দিন রুটিন ও শ্রেণিকক্ষের নিয়মাবলী

প্রাথমিক স্তরের শিশুদের জন্য সহজ রুটিন এবং আচরণের স্পষ্ট নির্দেশনা অত্যন্ত গুরুত্বপূর্ণ, যাতে তারা নিরাপদ বোধ করে ও সম্পৃক্ত থাকতে পারে। এই MIP দুটি মূল কৌশলের উপর গুরুত্ব দেয় কার্যকর শ্রেণিকক্ষ পরিচালনার জন্য: একটি সহজ, দৃশ্যমান দৈনন্দিন রুটিন স্থাপন এবং শিশুদের নিয়ে একসাথে শ্রেণিকক্ষের নিয়ম তৈরি করা। এই পদ্ধতিগুলি Multi Grade শ্রেণিকক্ষে বিশৃঙ্খলা কমাতে ও শিশুদের সম্পৃক্ততা বাড়াতে খুব কার্যকর।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শ্রেণিকক্ষের প্রয়োজন অনুযায়ী **একটি উপযুক্ত দৈনন্দিন রুটিন তৈরি** ও বাস্তবায়নে শিক্ষকদের সহায়তা করা।

**শিশুদের সঙ্গে মিলে শ্রেণিকক্ষের নিয়ম** তৈরি করা।

শিশুদের শ্রেণিকক্ষের **রুটিন ও নিয়মগুলি বোঝাতে এবং তা অনুসরণ করতে** সহায়তা করা, যাতে একটি **নিরাপদ ও গঠিত শিক্ষার পরিবেশ** তৈরি হয়।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে কার্যপদ্ধতি

## ধাপ ১: একটি সহজ শ্রেণিকক্ষ রুটিন তৈরি করুন

### কেন?

| | | | |
|---|---|---|---|
| দিনের জন্য একটি সহজ ও পরিষ্কার কাঠামো তৈরি করে | সময় ব্যবস্থাপনা ও মনোযোগ বৃদ্ধিতে সহায়তা করে | শ্রেণিকক্ষ পরিচালনাকে আরও কার্যকর করে তোলে | পূর্বানুমানযোগ্যতা (predictability) তৈরি করে, যা শিশুদের আত্মবিশ্বাস ও স্থিরতা বাড়ায় |

### কিভাবে?

- দিনে কত ঘন্টা সময় আছে তা দেখা৷
- যে বিষয় বা কার্যক্রমগুলো আপনি করাবেন, সেগুলোর তালিকা করুন৷
- প্রতিটি বিষয়/কার্যক্রমের জন্য ছবি বা চিহ্ন ব্যবহার করুন (যেমন: পড়া, আঁকা, মধ্যাহ্নভোজন)৷
- সময় বোঝাতে ঘড়ি বা ভিজ্যুয়াল চিহ্ন ব্যবহার করুন৷
- রুটিনটি শ্রেণিকক্ষে শিশুদের চোখের সমতলে প্রদর্শন করুন৷
- দিনের বিভিন্ন সময়ে রুটিনটি দেখে transition গুলি পরিচালনা করুন৷
- প্রতিদিন সকালে শিশুদের রুটিনটি বুঝিয়ে দিন এবং প্রয়োজনে বারবার দেখান৷

### যদি কোনো কার্যক্রমের জন্য শিক্ষকের নির্ধারিত সময়ের চেয়ে বেশি সময় লাগে, তাহলে কী করবেন?

| | | | |
|---|---|---|---|
| রুটিনটি এমনভাবে তৈরি করুন যেন কাঠামোর মধ্যে নমনীয়তা থাকে৷ | শিশুদের জানান যে একটি কার্যক্রম একটু বেশি সময় নিচ্ছে এবং রুটিনে সামান্য পরিবর্তন আসবে৷ | পরবর্তী কোনো কার্যক্রমের সময় সংক্ষিপ্ত করুন বা দুটি কার্যক্রম একসাথে মিলিয়ে নিন৷ | শিশুদের আশ্বস্ত করুন যে পরিবর্তন হওয়া স্বাভাবিক এবং শেখারই একটি অংশ৷ |

### রুটিন কীভাবে পাঠ পরিকল্পনার সঙ্গে যুক্ত?

দৈনন্দিন রুটিন পাঠ পরিকল্পনার জন্য একটি কাঠামো হিসেবে কাজ করে৷.

সময় ভাগ জানা থাকলে তা সহায়তা করে:

| | | |
|---|---|---|
| বয়স উপযোগী শেখার সময় নির্ধারণ করতে (যেমন: ছোটদের জন্য প্রতি কার্যক্রমে ১৫–২০ মিনিট) | একাডেমিক, সৃজনশীল ও শারীরিক কার্যক্রমের মধ্যে ভারসাম্য রাখতে | একটানা একই ধরনের কাজ না দিয়ে শিশুদের ক্লান্তি ও বিরক্তি এড়াতে |

Multi-grade এর ক্ষেত্রে এমন পরিকল্পনা করতে সাহায্য করে যাতে একটি দল স্বাধীনভাবে কিছু করতে পারে, এবং তখন অন্য দলে আপনি মনোযোগ দিতে পারেন

প্রতিটি শেখার লক্ষ্য যেন দৈনন্দিন রুটিনে একটি নির্দিষ্ট স্থান পায়, যাতে শেখানো হয় আরও উদ্দেশ্যমূলক ও কার্যকরভাবে৷

## Multigrade classroom এর জন্য:




প্রাক-প্রাথমিক ও প্রথম শ্রেণির শিশুরা একসাথে বসলে দিনের পরিকল্পনা সতর্কভাবে করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, কারণ তাদের শেখার প্রয়োজন ও মনোযোগের সময়কাল ভিন্ন। একটি পরিষ্কার ও নির্দিষ্ট রুটিন সময় ব্যবস্থাপনায় সহায়তা করে, দিনের কাঠামো সম্পর্কে পরিষ্কার ধারণা তৈরি করে এবং নিশ্চিত করে যে উভয় শ্রেণির শিশুরাই অর্থবহভাবে সম্পৃক্ত থাকে—বিশেষ করে যখন একজন শিক্ষকই পুরো শ্রেণি পরিচালনা করেন। রুটিনে এমন কিছু সময় রাখুন, যখন দুই শ্রেণির শিশুরা একসাথে অংশ নিতে পারে এমন কার্যক্রমে সম্পৃক্ত হতে পারে (যেমন: বাইরের খেলা, মুক্ত খেলা, বই পড়ার সময়, গল্প বলা, অভিনয়মূলক ছড়া/গান ইত্যাদি)।

## ধাপ ২: শ্রেণিকক্ষের নিয়মাবলি নির্ধারণ করুন

### কেন?

| | | | |
|---|---|---|---|
| একটি নিরাপদ ও পরস্পরকে সম্মানজনক শ্রেণিকক্ষ পরিবেশ গড়ে তোলে | ধারাবাহিক ও ইতিবাচক আচরণ উৎসাহিত করে | শিশুদের আত্মনিয়ন্ত্রণ (self-regulation) গঠনে সহায়তা করে | কার্যক্রমের পরিবর্তন (transition) ও দলগত কাজে অংশগ্রহণ সহজ করে তোলে |

### কীভাবে?

- শিশুদের অংশগ্রহণে সহজ, ইতিবাচক শ্রেণিকক্ষের নিয়মাবলি তৈরি করুন।
- নিয়মগুলো সহজ ভাষায় লিখুন, ছবিসহ বা ছবি ছাড়াও।
- শিশুদের শ্রেণির স্তর অনুযায়ী নিয়মগুলো মানানসই করে নিন।
- নিয়মগুলো শিশুদের চোখের সমতলে দৃশ্যমান জায়গায় টাঙান।
- প্রতিদিন নিয়মগুলো পড়ে শোনান এবং বিশেষভাবে দীর্ঘ বিরতির পর সেগুলো পুনরায় আলোচনা করুন।
- যখন শিশুরা নিয়ম মেনে চলে, তাদের প্রশংসা করুন।
- যখন কেউ নিয়ম অনুসরণ করে না, তখন কোমলভাবে মনে করিয়ে দিন।
- আপনি যেসব আচরণ শিশুদের মধ্যে দেখতে চান, তা নিজে করে দেখান।

### যখন শিশুরা নিয়ম মেনে চলে না, তখন শিক্ষক কী করবেন?

| | | |
|---|---|---|
| শান্ত ও ধীরস্থির ভঙ্গি এবং স্বরে প্রতিক্রিয়া জানাবেন। | বকাঝকা না করে কোমলভাবে মনে করিয়ে দেবেন: “আমাদের সারিবদ্ধভাবে দাঁড়ানোর নিয়মটা কী?” | গল্প বলা বা অভিনয়ের মাধ্যমে নিয়মগুলোর গুরুত্ব শিশুদের আবারও বোঝাবেন। |

### খুব বড় শ্রেণিকক্ষে শিক্ষক কীভাবে সামঞ্জস্য আনতে পারেন?

"পিয়ার লিডার" বা "ক্লাসরুম হেল্পার" তৈরি করুন, যারা অন্যদের নিয়ম মনে করিয়ে দিতে সাহায্য করবে।

আচরণ নির্দেশনার জন্য ফ্ল্যাশকার্ড বা হাতের সংকেত ব্যবহার করুন (যেমন: হাত তোলা = "চুপ থাকার সময়")।

বিভিন্ন কার্যক্রমের জায়গায় সংশ্লিষ্ট নিয়মগুলো দৃশ্যমানভাবে টাঙিয়ে রাখুন (যেমন: পড়ার কোণ বা ব্লক খেলার জায়গায় একটি ছোট চার্ট)।

(শোনো), (থামো), (চুপ) — এ রকম চিহ্নযুক্ত ফ্ল্যাশকার্ড সঙ্গে রাখুন। কার্যক্রম চলাকালীন চুপচাপ এগুলো তুলে দেখান, যাতে না চেঁচিয়ে শিশুর আচরণ নির্দেশনা দেওয়া যায়।

### Multigrade classroom এর জন্য:

Multi-grade classroom এ শ্রেণিকক্ষের নিয়মাবলি আরও গুরুত্বপূর্ণ, কারণ বিভিন্ন বয়সের শিশুদের বোঝার ক্ষমতা, মনোযোগের সময়কাল এবং আচরণে পার্থক্য থাকে। পরিষ্কার ও ধারাবাহিক নিয়ম—যেমন কখন কথা বলা যাবে, কীভাবে এক কার্যক্রম কোণ থেকে অন্য কোণে যাওয়া যাবে, কিংবা কীভাবে সাহায্য চাইতে হবে—এই নিয়মগুলো নিশ্চিত করে যে উভয় শ্রেণির শিশুরাই পর্যাপ্ত শেখার সুযোগ পায়, এমনকি পর্যবেক্ষণ ছাড়াও।







## কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত সময়সীমা

| ধাপ | সময়সীমা |
|---|---|
| দৈনন্দিন রুটিন পরিকল্পনা | ১ - ২ দিন |
| রুটিন তৈরি এবং প্রদর্শন | ১ সপ্তাহ |
| রুটিন ব্যাখ্যা করা | ১ - ২ দিন |
| প্রতিদিনের রুটিন ব্যাবহার | প্রতিদিন |
| শ্রেণীকক্ষের নিয়ম তৈরি করা | ২ - ৩ দিন |
| প্রতিদিন নিয়ম অভ্যাস করা | কমপক্ষে ২ মাস ধরে প্রতিদিন |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

# শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য

- ✓ শিশুরা কার্যক্রমের মধ্যে সহজে ও শৃঙ্খলাভাবে স্থানান্তর করতে পারবে।
- ✓ শিশুদের আচরণ ও শ্রেণিকক্ষ কার্যক্রমে অংশগ্রহণ প্রত্যাশিত হবে।
- ✓ শিশুরা একে অপরকে শ্রেণিকক্ষের নিয়মাবলি মনে করিয়ে দেবে।

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কি দৈনন্দিন রুটিনের প্রয়োজনীয়তা বুঝি? | | |
| আমি কি প্রতিটি শ্রেণির জন্য একটি পরিষ্কার দৈনন্দিন রুটিন তৈরি করে শ্রেণিকক্ষে টাঙিয়েছি? | | |
| আমি কি দিনের বিভিন্ন সময়ে রুটিনটি নিয়মিত উল্লেখ করি, যাতে শিশুদের পথনির্দেশ দেওয়া যায়? | | |
| আমি কি শিশুদের সঙ্গে মিলেই শ্রেণিকক্ষের নিয়মাবলি তৈরি করেছি? | | |
| এই নিয়মগুলো কি শিশুদের চোখের সমতলে এবং সহজ ভাষায় লেখা আছে? | | |
| আমি কি নিয়মিতভাবে শ্রেণিকক্ষের নিয়ম ও রুটিন শিশুদের মাঝে প্রশংসা বা কোমল স্মরণ করিয়ে দিয়ে জোর দিয়ে থাকি? | | |
| এই কৌশলগুলো বাস্তবায়নের পরে আমি কি শিশুদের আচরণে ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করছি? | | |

# ২ শ্রেণিকক্ষে গণিত কথোপকথন

গণিত কথোপকথন একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যেখানে শিশুরা তাদের চিন্তাভাবনা, কৌশল এবং ধারণাগুলি ভাগ করে নেয়, আলোচনা করে এবং বিনিময় করে। এটি ১ম থেকে ৪র্থ শ্রেণীর গণিত শিক্ষকদের সহায়তা করার লক্ষ্য রাখে।

- অর্থবহ আলোচনার মাধ্যমে।
- ঐতিহ্যবাহী চক-এন্ড-টক পদ্ধতির বাইরে গিয়ে অর্থপূর্ণ আলোচনাকে উৎসাহিত করার মাধ্যমে।




## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শিক্ষকদের সহায়তা করা, যাতে তারা শ্রেণিকক্ষে এমন একটি পরিবেশ গড়ে তুলতে পারেন **যেখানে শিশুরা আত্মবিশ্বাসের সঙ্গে তাদের গাণিতিক ধারণা, যুক্তি এবং কৌশল প্রকাশ করতে পারে, যা তাদের ধারণাগত বোঝাপড়া এবং মৌলিক দক্ষতা বিকাশে** সহায়ক হয়।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে কার্যপদ্ধতি

## ধাপ ১: গণিত কথোপকথনের প্রস্তুতি

### কেন?

প্রতিটি গণিত ক্লাসে (ক্লাসের শুরুতে ১০ মিনিট) আলোচনা, প্রতিফলন এবং সহপাঠীদের সাথে ভাগ করে নেওয়ার জন্য সময় নির্ধারণ করুন।

### কিভাবে?

প্রতিটি গণিত ক্লাসে **(ক্লাসের শুরুতে ১০ মিনিট)** আলোচনা, প্রতিফলন এবং সহপাঠীদের সাথে ভাগ করে নেওয়ার জন্য সময় নির্ধারণ করুন।

**গণিত আলাপ নিয়মাবলী**

- সবার চিন্তাভাবনা গুরুত্বপূর্ণ।
- আমরা সবার কথা শুনি।
- আমরা আমাদের যুক্তি ব্যাখ্যা করি “আমার মনে হয়... কারণ...” বলে।
- "ভুল করলেও সমস্যা নেই"—এগুলি আমাদের শিখতে সাহায্য করে।

গণিত আলোচনার নিয়মাবলীর সাথে শিশুদের পরিচয়ে করিয়ে দিন।

## ধাপ ২: মুক্ত প্রান্ত প্রশ্ন এবং বাক্য শুরু করার জন্য নির্দেশনা ব্যবহার করুন।

### কেন?

- গভীর চিন্তাভাবনা এবং **সমস্যা সমাধানের একাধিক পদ্ধতিকে উৎসাহিত** করতে।
- শিশুদের তাদের গাণিতিক ভাবনা গুছিয়ে প্রকাশ করতে এবং সেই বিষয়ে কথা বলতে সহায়তা করে।

### কিভাবে?

নিম্নলিখিত প্রশ্নগুলি ব্যবহার করুন:

- তুমি কিভাবে জানলে?
- তুমি কি অন্যভাবে ব্যাখ্যা করতে পারবে?
- তুমি কি একমত নাকি ভিন্নমত? এবং কেন?
- যদি এমন হয় তাহলে কী হবে···?
- তুমি কি অন্যভাবে এটি দেখাতে পারবে?
- তুমি কি লক্ষ্য করেছ? তুমি কি ভাবছো?
- যদি আমরা এই সংখ্যাটি পরিবর্তন করি?

## ধাপ ৩: শিক্ষার্থীদের কাঠামোগত আলোচনার সুযোগ তৈরি করুন

### কেন?

এটি সহপাঠীদের মধ্যে শেখার এবং গণিতের বিষয়বস্তুর সাথে সক্রিয় অংশগ্রহণকে সহজ করে।

### কিভাবে?

একটি প্রশ্ন করুন, শিশুদের চিন্তা করার জন্য সময় দিন, তারপর ক্লাসের সাথে ভাগ করে নেওয়ার আগে সঙ্গী/গোষ্ঠী আলোচনার অনুমতি দিন।

ছোট ছোট দলে সমস্যা সমাধানের কার্যক্রম দিন, যেখানে যৌথভাবে চিন্তা করা ও আলোচনা করা প্রয়োজন।

## ধাপ ৪: গাণিতিক চিন্তাভাবনা এবং ভাষাকে উদযাপন করুন

### কেন?

- শিশুদের আত্মবিশ্বাস এবং গণিতের প্রতি তাদের নিজস্ব পরিচয় গড়ে তোলে।
- এটি শিশুদের বোঝাতে সাহায্য করে যে গণিত শুধুমাত্র সঠিক উত্তর পাওয়ার বিষয় নয়, বরং চিন্তা করা, যুক্তি করা এবং যোগাযোগের বিষয়।

### কিভাবে?

আলোচনার সময় বিভিন্ন ধরনের কৌশলকে স্বীকৃতি দিন এবং গুরুত্ব দিন: এটা খুবই চমৎকার একটা উপায়!", "চলুন দেখি [নাম] কীভাবে বিষয়টা ভেবেছো" "কেউ কি এর ওপর আরও কিছু যোগ করতে পারবে?"

"এই দুইটি পদ্ধতির মধ্যে তুলনা করি তো—কি কি মিল আছে, আর কী কী আলাদা?"

শিশুদের অন্যের চিন্তা থেকে কী শিখেছে তা নিয়ে ভাবতে উৎসাহ দিন। "আজ আমি _____ -এর সমাধান করার পদ্ধতি থেকে শিখেছি, কারণ…"

# কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত সময়সীমা

| ধাপ | সময়সীমা |
|---|---|
| গাণিতিক কথোপকথনের (Math Talk) ধারণা/প্রশ্নের জন্য একটি সংগ্রহ তৈরি করুন। | আপনার বর্তমান বিষয়গুলির সাথে প্রাসঙ্গিক মুক্ত প্রান্ত গণিত আলোচনার প্রশ্নগুলি সংগ্রহ এবং প্রস্তুত করতে ৩-৪ দিন সময় নিন। |
| নির্দেশনা/বাক্য শুরু করার জন্য লাইন তৈরি ও প্রদর্শন করা। | ১-২ দিন সময় নিয়ে কয়েকটি নির্দেশনা বা বাক্য শুরু করার লাইন শ্রেণিকক্ষের দেয়াল বা বোর্ডে এমনভাবে প্রদর্শন করুন, যাতে শিশুরা সহজে দেখতে পারে এবং প্রয়োজনে সেগুলো ব্যবহার করতে পারে। |
| গাণিতিক কথোপকথন (Math Talk) অনুশীলন করা। | প্রতিদিন ক্লাসের সময় একটি Math Talk নির্দেশনা ব্যবহার করতে শুরু করুন— এটি হতে পারে ক্লাস শুরুর উষ্ণ-অনুশীলন হিসেবে, পাঠের অংশ হিসেবে, অথবা ক্লাস শেষে বিদায়ের প্রশ্ন হিসেবে। |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

# শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য

- শিশুরা গণিত পাঠের সময় তাদের চিন্তাভাবনা ব্যাখ্যা করতে পারবে।
- শিশুরা গণিতের শব্দভান্ডার/ভাষা ব্যবহার করবে।
- শিশুরা তাদের চিন্তাভাবনা সম্পর্কে কথা বলার সময় আত্মবিশ্বাসের সাথে গণিতের শব্দ ব্যবহার করে।
- শিশুরা একসাথে সমস্যা বুঝতে এবং সমাধান করতে পারবে তাদের বন্ধুদের সাথে কথা বলে।
- শিশুরা একই সমস্যা সমাধানের বিভিন্ন উপায় ব্যাখ্যা করতে পারবে।
- শিশুরা গণিত শিখতে উপভোগ করে এবং কঠিন হলেও চেষ্টা চালিয়ে যাবে।

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কি এই নির্দিষ্ট সময়ে প্রতিদিন শিশুদের সাথে গণিত কথোপকথন অনুশীলন করেছি? | | |
| আমি কি গণিত কথোপকথনের জন্য স্পষ্ট নিয়মাবলী প্রদর্শন করেছি? | | |
| আমি কি গণিত কথোপকথনের সময় সহপাঠীদের মধ্যে আলোচনার সুযোগ দিয়েছি? | | |
| গণিত আলোচনার প্রশ্ন বা প্রম্পটগুলি শিশুদের গভীরভাবে চিন্তা করতে, তাদের ধারণা ব্যাখ্যা করতে বা সংযোগ স্থাপন করতে সাহায্য করেছে? | | |
| আমি কি গণিত সম্পর্কে কথা বলার জন্য শিক্ষার্থীদের আত্মবিশ্বাসের বৃদ্ধি লক্ষ্য করেছি? | | |
| আমি কি বিভিন্ন চিন্তাভাবনার পদ্ধতিকে স্বীকৃতি দিয়েছি এবং উদযাপন করেছি? | | |

# গণিত কথোপকথনের বিষয়ঃ

## টার্গেট নাম্বার

- শিশুদের একটি লক্ষ্য সংখ্যা (target number) দিন এবং কিছু ছোট সংখ্যা দিন।
- তাদের যেকোনো ধরনের গাণিতিক ক্রিয়া (যোগ, বিয়োগ, গুণ বা ভাগ) ব্যবহার করে লক্ষ্য সংখ্যাটি বের করতে উৎসাহিত করুন।
- একই লক্ষ্য সংখ্যায় পৌঁছানোর জন্য বিভিন্ন পদ্ধতি খুঁজে বের করতে চ্যালেঞ্জ করুন।



## সমান কীভাবে হলো?

- এক পাশে কিছু সংখ্যা ফাঁকা রেখে একটি সমীকরণ লিখুন (যেমন: ___ + ___ = ৫ + ২)।
- শিশুদের বলুন, ফাঁকা জায়গাগুলিতে কী কী সংখ্যা বসালে সমীকরণটি সঠিক হবে তা খুঁজে বের করতে।
- তাদের উৎসাহিত করুন যেন তারা একাধিক সমাধান খুঁজে বের করে, যাতে সমতার চিহ্ন (=) এর অর্থ ভালোভাবে বুঝতে পারে।

## সংখ্যাহীন গল্পভিত্তিক সমস্যা

- একটি গল্পভিত্তিক সমস্যা দিন যেখানে কোনো সংখ্যা থাকবে না।
- শিশুদের জিজ্ঞেস করুন, এই সমস্যা সমাধানের জন্য কী কী তথ্য জানা দরকার।
- শিক্ষার্থীদের সাহায্য করুন যেন তারা কোন কোন তথ্য অনুপস্থিত তা চিন্তা করে বের করতে পারে।
- প্রথমে পরিস্থিতি বোঝার উপর গুরুত্ব দিয়ে তাদের সমালোচনামূলক চিন্তা করতে উৎসাহিত করুন।
- যখন শিশুরা সমস্যার প্রেক্ষাপট ভালোভাবে বুঝে নেবে, তখন সমস্যাটিতে সংখ্যা যোগ করুন।
- এরপর শিশুদের বলুন সমস্যা সমাধান করতে এবং কীভাবে উত্তর পেল তা ব্যাখ্যা করতে।


## কতগুলি বিন্দু?

- ২-৩ সেকেন্ডের জন্য কিছু বিন্দুর ছবি দেখান।
- তারপর ছবিটি ঢেকে দিন, যাতে শিশুরা মনে মনে গণনা করে এবং মনে রাখার চেষ্টা করে।
- শিশুদের জিজ্ঞেস করুন, "তোমরা কতগুলো ডট দেখলে? কীভাবে গুনলে?"
- প্রতিটি উত্তরের সংখ্যা বোর্ডে বা চার্টে লিখে নিন।
- শিশুদের বলুন, তারা কীভাবে গুনেছে সেই পদ্ধতিটি ব্যাখ্যা করতে।
- প্রত্যেকটি কৌশল ডটের ছবিতে চোখে দেখিয়ে ব্যাখ্যা করুন।
- শিক্ষার্থীদের ভাবনার সাথে মিলিয়ে সমীকরণ লিখুন (যেমন: ৩টি সারিতে ৩টি করে = ৯)।
- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন, কোন কৌশলটি তাদের সবচেয়ে ভালো লেগেছে এবং কেন সেটি পছন্দ হয়েছে তা ভাবতে ও শেয়ার করতে উৎসাহিত করুন।



## ভারসাম্য বজায় রাখো:

- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন: "তোমাদের কী মনে হয়, ট্র্যাপেজিয়াম এবং বর্গক্ষেত্র মিলিয়ে কত হলে মোট ২০ হবে?"
- শিক্ষার্থীদের বিভিন্ন সংখ্যা মিলিয়ে চেষ্টা করতে বলুন, কোন দুইটি সংখ্যা একসঙ্গে ২০ হবে তা বের করতে।
- তাদের উত্তর শেয়ার করতে এবং কেন সেই উত্তর বেছে নিয়েছে তা ব্যাখ্যা করতে বলুন।
- আলোচনা করুন, কীভাবে একাধিক সঠিক উত্তর থাকতে পারে।





## তুমি কোনটি বেছে নেবে?

- শিক্ষার্থীদের একটি বিকল্প বেছে নিতে বলুন এবং কেন সেটি বেছে নিয়েছে তা ব্যাখ্যা করতে বলুন।
  - ক - প্রতিটি ব্যাগে ৫টি করে কুকি সহ ২টি ব্যাগ কুকি রাখুন
  - খ - প্রতিটি ব্যাগে ৪টি করে কুকি সহ ৩টি ব্যাগ কুকি রাখুন
- তাদের একজোড়া করে বা পুরো ক্লাসের সঙ্গে নিজেদের ভাবনা ভাগ করে নিতে উৎসাহিত করুন।
- বিভিন্ন কৌশল এবং উত্তরের ধরন বোর্ডে লিখে নিন।
- আলোচনা করুন, কোন বিকল্পে বেশি বিস্কুট পাওয়া যায় এবং কেন তা ঘটে।

## পিক্টোগ্রাফ

- শিক্ষার্থীদের জিজ্ঞেস করুন: "এই গ্রাফটি দেখে কী কী প্রশ্ন করা যেতে পারে, যেগুলোর উত্তর গ্রাফ থেকে পাওয়া যাবে?"
- তাদের এ ধরনের প্রশ্ন করতে ও উত্তর দিতে উৎসাহিত করুন:
- "কোন ফ্লেভারটি সবচেয়ে জনপ্রিয়?"
- "চকলেট পছন্দ করে মিন্টের তুলনায় কতজন বেশি?"
- "মোট কতজন শিক্ষার্থীর মতামত নেওয়া হয়েছে?"
- পিক্টোগ্রাফে প্রতিটি চিহ্নের মানে কী, তা নিয়ে আলোচনা করুন।
- শিক্ষার্থীদের চ্যালেঞ্জ করুন: গ্রাফে কোন কোন তথ্য নেই বা বলা হয়নি, তা খুঁজে বের করতে।
- পরবর্তী ধাপে, শিক্ষার্থীদের বলুন বিভিন্ন বিষয় (যেমন: ফল, পোষা প্রাণী, রং) নিয়ে নিজেরা পিক্টোগ্রাফ তৈরি করতে।



# ৩ গল্প বলার কৌশল

### গল্প বলা কী?

গল্প বলা হল **শিশুদের ভাষা শেখানোর একটি স্বাভাবিক ও আকর্ষণীয় উপায়**, যা তাদের শব্দভান্ডার, শ্রবণ ক্ষমতা এবং বোঝার দক্ষতা উন্নত করতে সাহায্য করে। স্বরের ওঠানামা, উপকরণ, পাপেট এবং শারীরিক অভিব্যক্তি ব্যবহার করে এটি একটি আনন্দদায়ক অভিজ্ঞতায় পরিণত হয়, যা **শিশুদের কল্পনা ও সৃজনশীলতাকে উদ্দীপিত করে।**

### গল্প বলা কেন গুরুত্বপূর্ণ?

- গল্প বলা শিশুদের শব্দভান্ডার, শ্রবণ ক্ষমতা এবং বোঝার দক্ষতা গঠনে সাহায্য করে।
- এটি তাদের স্মরণশক্তি ও ধারাবাহিকভাবে চিন্তা করার ক্ষমতা বৃদ্ধি করে।
- গল্প বলা শ্রেণিকক্ষের পাঠকে শিশুদের ঘরের ভাষা ও সংস্কৃতির সঙ্গে যুক্ত করে, ফলে শেখা হয় আরও অর্থবহ ও প্রাসঙ্গিক।
- এটি ভাষার বিকাশ, আবেগের পরিপক্বতা এবং বিদ্যালয়ের জন্য প্রস্তুতির একটি মজবুত ভিত্তি গড়ে তোলে।
- গল্পের মাধ্যমে শিশুরা বিভিন্ন সংস্কৃতি, ভাষা ও অভিজ্ঞতার সঙ্গে পরিচিত হয়, যার ফলে সহানুভূতি ও অন্তর্ভুক্তির মানসিকতা গড়ে ওঠে।
- গল্পে প্রতিটি শিশু নিজের প্রতিচ্ছবি দেখতে পায়—তাদের পটভূমি, সক্ষমতা বা লিঙ্গ যাই হোক না কেন—এতে আত্মপরিচয়ের অনুভূতি তৈরি হয়।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শ্রেণিকক্ষে গল্প বলাকে একটি নিয়মিত চর্চা হিসেবে পরিচিত করানো।

ভাষাগত ও আবেগীয় বিকাশে গল্প বইয়ের গুরুত্ব সম্পর্কে শিক্ষকদের সচেতন করা।

বিভিন্ন ধরনের শিখন প্রয়োজন রয়েছে এমন শিশুদের উপযোগী গল্প বলার কৌশল ও পদ্ধতি শিক্ষকদের মধ্যে গড়ে তোলা।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয়

## ধাপ ১: গল্পের কোণ তৈরি

### কেন?

গল্প বলার জন্য একটি নির্দিষ্ট ও আকর্ষণীয় পরিবেশ তৈরি করে যা শিশুদের উৎসাহিত করে।

### কিভাবে?

যদি শ্রেণীকক্ষের জায়গা সীমিত হয়, তাহলে গল্পের কোণ তৈরি করার জন্য একটি নির্দিষ্ট জায়েগা চিহ্নিত করুন যেখানে সব শিশুরা সহজে যেতে পারে। বিকল্পভাবে, করিডোর বা খেলার মাঠের মতো উপলব্ধ স্থানগুলি ব্যবহার করুন।

সেখানে শিশুদের উপযোগী কিছু বই রাখুন (সম্ভব হলে ব্রেইল বা অডিওবুকের মতো অন্তর্ভুক্তিমূলক বই)।

নির্দিষ্ট সময় পরপর বইগুলো পরিবর্তন করুন।

শিশুদের সহায়তায় গল্পের কোণটি সাজান।




## ধাপ ২: সাপ্তাহিক গল্প পরিকল্পনা

### কেন?

গল্প বলার ধারাবাহিকতা ও বৈচিত্র্য বজায় রাখতে সাহায্য করে।



### কিভাবে?

- প্রতি সপ্তাহে একটি করে গল্প রেখে একটি সাপ্তাহিক পরিকল্পনা তৈরি করুন।
- গল্পগুলিকে বর্ষা, প্রাণী, বাড়ি, বন্ধু ইত্যাদি থিমের সঙ্গে যুক্ত করুন।.
- সংশ্লিষ্ট শব্দভাণ্ডার ও সপ্তাহের জন্য নির্ধারিত কিছু কার্যকলাপ উল্লেখ করুন।
- প্রত্যেক শিশুকে অংশগ্রহণে সহায়তা করুন, বিশেষ করে লাজুক, শান্ত স্বভাবের শিশু এবং বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের—সহজ প্রশ্ন, সহপাঠীর সহায়তা ইত্যাদির মাধ্যমে।
- সকল শিশুর জন্য, বিশেষ করে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য, তাদের গল্প বলার অভিজ্ঞতা উন্নত করার জন্য, Multiple Sensory Engagement (যেমন, দৃষ্টি, শব্দ, স্পর্শ) পরিকল্পনা করুন।
- শিশুদের অভিজ্ঞতা বোঝার জন্য তাদের প্রতিক্রিয়া যানার চেষ্টা করুন।

## ধাপ ৩: কম খরচে শেখার সহায়ক উপকরণ তৈরি

### কেন?

হাতেকলমে উপকরণ শিশুদের কল্পনা শক্তি বাড়াতে, গল্পের সঙ্গে যুক্ত হতে এবং ভাষাগত দক্ষতা সৃজনশীলভাবে গড়ে তুলতে সাহায্য করে।

### কিভাবে?

- মোজা, কাগজের ব্যাগ বা কাঠি ব্যবহার করে সহজ পাপেট তৈরি করুন।
- পুরোনো পত্রিকা বা খবরের কাগজ থেকে ছবি কেটে ছবি কার্ড তৈরি করুন।
- গল্পের চরিত্র, পরিবেশ ও ঘটনাগুলোর ছবি দিয়ে একটি স্টোরি বোর্ড তৈরি করুন। ঘটনাগুলোর ধারাবাহিক চিত্র উপস্থাপন শিশুদের গল্প অনুসরণে সহায়তা করে।
- দৃষ্টি প্রতিবন্ধী শিশুদের অন্তর্ভুক্ত করার জন্য গল্পের সাথে সম্পর্কিত tactile objects (খেলনা, কাপড়) ব্যাবহার করুন।



*যারা AAC (Augmentative and Alternative Communication) ডিভাইস ব্যবহার করে, তাদের গল্প বলার কার্যক্রমে সম্পৃক্ত করতে রিসোর্স রুমের সহায়তা নিন।*

## ধাপ ৪: শিক্ষকদের দ্বারা গল্প বলা

### কেন?

এটি শিশুদের মধ্যে আগ্রহ তৈরি করে এবং অভিব্যক্তিপূর্ণ গল্প বলার একটি আদর্শ বা মডেল স্থাপন করে।

### কিভাবে?

#### গল্প পড়ার আগে

- বইটি দেখান এবং জিজ্ঞাসা করুন: "এই গল্পটি কী সম্পর্কে তোমার মনে হয়?"
- শিশুদের চরিত্র বা পরিবেশ অনুমান করতে দিন

#### গল্প পড়ার সময়

- স্বরের ওঠানামা ও অভিব্যক্তি ব্যবহার করে গল্প বলুন
- মাঝে মাঝে থেমে শিশুদের প্রশ্ন করুন: "এখন কী হতে পারে?", "তোমার কী মনে হয়?"

#### গল্প পড়ার পরে

- গল্প সম্পর্কে আলোচনা করুন: "তোমার প্রিয় চরিত্র কে ছিল?"
- শিশুদের ছবি কার্ড ব্যবহার করে গল্পটি আঁকতে, পুনরায় বলতে বা ক্রমানুসারে সাজাতে বলিন
- পরের দিন একই গল্প আবার বলুন, যাতে শিশুদের মধ্যে পরিচিতি ও আত্মবিশ্বাস গড়ে ওঠে।
- শিশুদের বলুন গল্পের সঙ্গে মিল রয়েছে এমন কোনো অভিজ্ঞতা তারা ভাগ করে নিক।

**যেখানে সম্ভব, শ্রবণ প্রতিবন্ধী ও সাইন ল্যাঙ্গুয়েজ ব্যবহারকারী শিশুদের সহায়তার জন্য একজন সাইন ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার অন্তর্ভুক্ত করুন। যদি ইন্টারপ্রেটার না থাকে, তবে সহজ ভিজ্যুয়াল সহায়ক উপকরণ এবং অঙ্গভঙ্গির মাধ্যমে তাদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার চেষ্টা করুন।*

## ধাপ ৫: গল্প বলার পর কার্যক্রম

### কেন?

এটি শিশুদের বোঝার ক্ষমতা, প্রকাশভঙ্গি এবং সৃজনশীলতা উন্নত করে। শিশুরা গল্পের সঙ্গে সংযোগ স্থাপন করতে এবং মূল বিষয়গুলো মনে রাখতে পারে।



একটি গল্প বেছে নিন



পাঠ করা



পুনরায় বলা



নাটক



আঁকা এবং প্রদর্শন

## প্রাক প্রাথমিকের জন্য কার্যক্রম

| | |
|---|---|
| **গল্পের উপর ভিত্তি করে ছবি আঁকা** | ▪ গল্প বলার পর, শিশুদের গল্প থেকে তাদের প্রিয় চরিত্র, দৃশ্য বা ঘটনা আঁকতে বলুন।<br>▪ তাদের রঙ ব্যবহার করতে এবং তারা যা আঁকছে তা ১-২ লাইনে লিখতে উৎসাহিত করুন।<br>▪ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের গল্প আঁকার সময় সমবয়েশি সহায়তা নিশ্চিত করুন।<br>▪ বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের সহজে ধরার জন্য বড় অঙ্কনের সরঞ্জাম, যেমন ক্রেয়ন দিন।<br>▪ শারীরিক প্রতিবন্ধী শিশুদের জন্য বড় আকৃতির আঁকার পৃষ্ঠ (ড্রইং সারফেস) সরবরাহ করুন।<br>▪ তাদের আঁকা ছবি গল্পের কোণে তাদের নাম ও গল্পের শিরোনামসহ প্রদর্শন করুন। |

| | |
|---|---|
| **শিশুদের দ্বারা গল্প পুনরায় বলা** | ▪ শিশুদের আমন্ত্রণ জানান যাতে তারা নিজের ভাষায় গল্পটি আবার বলে—স্টোরি কার্ড, পাপেট বা রোল প্লের মাধ্যমে।<br>▪ বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের স্টোরি কার্ড ব্যবহার করে গল্পের ঘটনাগুলোকে সঠিক ক্রমে সাজাতে বা দেখাতে সহায়তা করুন।<br>▪ দৃষ্টিপ্রতিবন্ধী শিশুদের জন্য স্পর্শযোগ্য (tactile objects) বস্তু বা উপকরণ ব্যবহার করে গল্পটি পুনরায় বলাতে উৎসাহিত করুন।<br>▪ গল্পে ব্যবহৃত উপকরণের ধরন অনুযায়ী একটি বাক্স তৈরি করুন—যেমন: পশুর জন্য নরম তুলো, মরুভূমির জন্য বালু—যাতে শিশুরা ছুঁয়ে অনুভব করে গল্পের উপাদানগুলি মনে রাখতে পারে।<br>▪ ছোট ছোট দল বা জোড়ায় শিশুদের কাজ করার সুযোগ করে দিন যাতে তারা আত্মবিশ্বাসী হয়। |

## প্রাক প্রাথমিকের জন্য কার্যক্রম

| | |
|---|---|
| | ■ শিশুদের নিজস্ব ভাষায় ভাব প্রকাশ করতে দিন এবং ছোট দলে গল্প পুনরায় বলতে উৎসাহ দিন।<br>■ উদাহরণস্বরূপ প্রশ্ন করুন: "প্রথমে কী ঘটেছিল?", "তোমার প্রিয় চরিত্র কে ছিল?"<br>■ যেকোনো ধরনের প্রচেষ্টাকে প্রশংসা করুন—মৌখিক, অঙ্গভঙ্গিমূলক বা অভিব্যক্তিপূর্ণ। |
| **রোল প্লে (ভূমিকা অভিনয়)** | ■ শিশুদের গল্পের সহজ চরিত্রগুলোর ভূমিকা নিতে উৎসাহ দিন।<br>■ বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের সহপাঠীদের সঙ্গে জুটি করে দিন এবং যৌথভাবে রোল প্লে করতে উৎসাহিত করুন।<br>■ টুপি, পশুর মুখোশ, অথবা লাঠি, পুতুলের মতো উপকরণ ব্যবহার করুন।<br>■ তাদের ছোট ছোট সংলাপ বা দৃশ্য দলবদ্ধভাবে অভিনয় করতে দিন।<br>■ সব শিশু—বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরাও যেন অংশগ্রহণ করতে পারে ও আত্মবিশ্বাস বাড়াতে পারে—সে বিষয়ে উৎসাহ দিন। |

## প্রাথমিক শ্রেণির জন্য কার্যক্রম

বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের অংশগ্রহণ নিশ্চিত করতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করুন।

| | | | |
|---|---|---|---|
| ■ প্রিয় চরিত্র বা দৃশ্য আঁকা<br>■ পাপেট বা স্টোরি কার্ড ব্যবহার করে গল্প পুনরায় বলা | ■ গল্পের ছবি গুলো সঠিক ক্রমে সাজানো<br>■ ছোট ছোট দৃশ্য অভিনয় করা<br>■ "কেন/কিভাবে" ধরণের প্রশ্নের উত্তর দেওয়া<br>■ নতুন শব্দ দিয়ে সহজ শব্দ জাল (word web) তৈরি | ■ দলগত রোল প্লে<br>■ গল্পের একটি ভিন্ন সমাপ্তি লেখা<br>■ নৈতিকতা বা শিক্ষণীয় দিক খুঁজে বের করা<br>■ একটি স্টোরি ম্যাপ তৈরি করা (কে, কোথায়, কী, সমস্যা, সমাধান) | ■ গল্পের সংক্ষিপ্তসার বা ছোট রিভিউ লেখা<br>■ একটি কমিক স্ট্রিপ তৈরি করা<br>■ গল্পের শব্দ ব্যবহার করে শব্দভিত্তিক খেলা (ভোকাবুলারি গেম) |

## ধাপ ৬: অভিভাবকদের অংশগ্রহণ

### কেন?

এটি বিদ্যালয় ও পরিবারের মধ্যে সম্পর্ক দৃঢ় করে এবং শিশুদের ভাষা শেখার সুযোগ বাড়ায়।

### কিভাবে?

- অভিভাবক বা পরিবারের সদস্যদের অনুরোধ করুন যেন তারা শিশুদের ছোট ছোট গল্প শোনান।
- গল্প বলার সময় কীভাবে পাপেট, চিত্র বা অন্যান্য শেখার উপকরণ ব্যবহার করতে হয়—তা শিখতে সহায়তা করুন।

## শিক্ষকদের মনে রাখার বিষয়সমূহ!

প্রতি সপ্তাহে একটি গল্প নির্বাচনের মাধ্যমে পুনরাবৃত্তি ও গভীরভাবে শেখার সুযোগ তৈরি হয়।



শিশুদের কথা বলার, কল্পনা করার ও প্রতিক্রিয়া জানানোর জন্য উৎসাহ দিন।

অংশগ্রহণ বৃদ্ধি করতে স্থানীয় ভাষা গল্প বলা ব্যবহার করুন

গল্পকে জীবন্ত করে তুলতে প্রশ্ন, আঁকা এবং মুভমেন্ট ব্যবহার করুন।

প্রতিটি প্রচেষ্টাকে উদযাপন করুন: "চেষ্টা ভালো হয়েছে! চল এখন তুমি যা মনে রেখেছ তা এঁকে ফেলি।"

প্রতিদিন মাত্র ১০ মিনিট গল্প বলার চর্চা ভাষা ও মনোযোগ উন্নত করতে সাহায্য করে।

## কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত সময়সীমা

| ধাপ | সময়সীমা |
|---|---|
| গল্পের কোণ তৈরি | ২–৩ দিন |
| গল্প নির্বাচন, উপকরণ (props) তৈরি ও গল্প-পরবর্তী কার্যকলাপ পরিকল্পনা | ৩–৪ দিন |
| শিক্ষকদের দ্বারা গল্প বলা | সপ্তাহে ১–২ বার |
| অভিভাবকদের সম্পৃক্ততা | মাসে একবার |


*বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।

| শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| গল্প শোনার সময় শিশুরা আগ্রহের সাথে শুনে। | | | | |
| শিশুরা গল্প সংক্রান্ত প্রশ্নের উত্তর দেয় (যেমন: "তারপর কী ঘটল?" বা "চরিত্রটি দুঃখিত কেন ছিল?")। | | | | |

| শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| বিশেষ চাহিদাসম্পন্ন শিশুরা গল্প বলার সেশনে সক্রিয়ভাবে যুক্ত থাকে এবং অংশগ্রহণ করে।<br>*দ্রষ্টব্য: CWSN না থাকলে শিক্ষকরা NA লিখতে পারবেন* | | | | |
| শিশুরা (বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ) নিজেদের ভাষায় গল্পটি আবার বলার চেষ্টা করে—আঁকা, অঙ্গভঙ্গি বা পাপেট ও অন্যান্য উপকরণ ব্যবহার করে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কি একটি গল্পের কোণ তৈরি করেছি যেখানে বই (সহজ-প্রাপ্ত বৈশিষ্ট্যযুক্ত বইসহ), পাপেট ও ভিজ্যুয়াল উপকরণ রয়েছে? | | |
| আমি কি এই সপ্তাহে অন্তত একটি গল্প পাপেট বা প্রপস ব্যবহার করে বলেছি? | | |
| আমি কি বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের গল্প বলার কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করেছি? | | |
| আমি কি গল্প বলার সময় অন্তর্ভুক্তিমূলক (accessible) শেখার উপকরণ ব্যবহার করেছি? | | |
| আমি কি শিশুদের ভিজ্যুয়াল বা অঙ্গভঙ্গির মাধ্যমে গল্প পুনরায় বলার কার্যকলাপে যুক্ত করেছি? | | |
| আমি কি গল্প বলার পর শিশুদের সংশ্লিষ্ট কার্যকলাপে অংশ নিতে দিয়েছি? | | |
| আমি কি অভিভাবকদের গল্প বলার সেশনে আমন্ত্রণ জানিয়েছি? | | |
| আমি কি কোন গল্পগুলো শিশুরা সবচেয়ে উপভোগ করেছে তা লক্ষ্য করেছি এবং কীভাবে তারা সম্পৃক্ত হয়েছে তা নিয়ে চিন্তা করেছি? | | |
| আমি কি বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের কাছ থেকে তাদের অভিজ্ঞতা সম্পর্কে মতামত (feedback) নিয়েছি? | | |

# ৪ ধারণাগত বোঝাপড়ার জন্য প্রকল্পভিত্তিক শিক্ষণ




## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান এর উদ্দেশ্য

শিক্ষকদের এমন সহজ ও থিম-ভিত্তিক প্রকল্প ডিজাইন ও পরিচালনায় সহায়তা করা, যেখানে বিভিন্ন বিষয়ের মধ্যে যোগসূত্র তৈরি হয় এবং শিশুরা নিজেদের সৃজনশীল প্রকাশের মাধ্যমে শিখতে পারে।

## প্রকল্পভিত্তিক শিক্ষা কি?

প্রকল্পভিত্তিক শিক্ষা (Project Based Learning) হলো এমন একটি শিক্ষণ পদ্ধতি যেখানে শিশুরা বাস্তব জীবনের সমস্যাকে কেন্দ্র করে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে শিখে।

এই এমআইপি শিক্ষকদের উৎসাহিত করে যাতে তারা শিশুদের ছোট ছোট বিষয়ভিত্তিক প্রকল্পে সম্পৃক্ত করেন, যেখানে পরিবেশ শিক্ষা (EVS), ভাষা, সংখ্যাজ্ঞান এবং শিল্পকলার মতো বিভিন্ন বিষয় পরস্পরের সঙ্গে সংযুক্ত থাকে। শিশুরা শ্রেণীকক্ষে আলোচনা, গল্প, কার্যকলাপের মাধ্যমে একটি বিষয় অন্বেষণ করে এবং অবশেষে এমন একটি প্রকল্প তৈরি করে যা তাদের বোধগম্যতা প্রদর্শন করে। চূড়ান্ত ফলাফল হতে পারে একটি মডেল, একটি গল্পের বই, ব্যাখ্যা সহ একটি অঙ্কন, অথবা একটি ভূমিকা-নাটক।

# কেন এই বিষয়টি গুরুত্বপূর্ণ?

- শিশুরা বিভিন্ন বিষয়ে তারা যা শেখে তার মধ্যে সম্পর্ক বুঝতে পারে।
- হাতে-কলমে সক্রিয়ভাবে আনন্দের সাথে শেখার সুযোগ দেয়।
- বিভিন্ন বিষয় সমন্ধে আত্মবিশ্বাস ও যোগাযোগ দক্ষতা তৈরি করে।
- সহযোগিতা, সৃজনশীলতা ও সমস্যা সমাধানের মতো গুরুত্বপূর্ণ জীবনদক্ষতা গড়ে ওঠে।
- শিক্ষণ হয় অর্থপূর্ণ এবং বাস্তব জীবনের সাথে সংযুক্ত।




# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয় পদক্ষেপ

## ধাপ ১: থিম ওয়েবিং

### কেন?

একটা থিমকে কেন্দ্র করে বিভিন্ন বিষয়ের সঙ্গে ধারণাগুলির যোগসূত্র খুঁজে পাওয়া সহজ হয়।

শিক্ষার বিভিন্ন ক্ষেত্রের মধ্যে সংযোগ দেখিয়ে গভীর পরিকল্পনাকে উৎসাহিত করে।

শিশুর শিক্ষণকে সংযুক্ত করে তুলতে সাহায্য করে - শিশুরা দেখে যে বিষয়গুলি বাস্তবে জীবনের সঙ্গে কীভাবে যুক্ত।

### কিভাবে?

| | | | |
|---|---|---|---|
| পাঠ্যক্রম থেকেএকটি প্রাসঙ্গিক/পাঠ্যক্রম ভিত্তিক থিম বেছে নিন (যেমন, "জল")। | অন্যান্য শিক্ষকদের সাথে আলোচনা করে দেখুন: "এই থিমটির মাধ্যমে আমরা ভাষা, গণিত, পরিবেশ বিজ্ঞান, শিল্প ইত্যাদিতে কীভাবে শিশুদের শেখাতে পারি?" | একটি বড় চার্ট ব্যবহার করুন যেখানে মাঝখানে মূল থিমটি থাকবে এবং প্রতিটি বিষয়ের জন্য আলাদা শাখা থিমটির সাথে যুক্ত করে আঁকা থাকবে। | স্থানীয় সংস্কৃতি, গল্প, উৎসব বা দৈনন্দিন জীবন থেকে ধারণাগুলি যোগ করুন যাতে বিষয়টি শিশুদের কাছে এটি অর্থপূর্ণ ও প্রাসঙ্গিক হয়। |

## ধাপ ২: একটি থিম নির্বাচন করুন

### কেন?

একটি নির্দিষ্ট লক্ষ্য তৈরি করে, শিশুদের মধ্যে কৌতূহল জাগিয়ে তোলে এবং বাস্তব জীবনের সঙ্গে যুক্ত প্রেক্ষাপটের মাধ্যমে বিভিন্ন বিষয়ের শিক্ষাকে সংযুক্ত করে।

### কিভাবে?

থিমটি এমন হবে যেটা সহজে বিষয়ের সঙ্গে সম্পর্কিত, ঋতুভিত্তিক বা পাঠ্যক্রমের সাথে মেলে।

শিশুদের জিজ্ঞাসা করুন: “তুমি ____ বিষয়ে সম্পর্কে কী শিখতে চাও?”

থিম ওয়েব ব্যবহার করে বিষয়গুলির সংযোগ দেখান।

শিল্প, নাচ-গান, স্থানীয় বিষয়ের সঙ্গে সম্পর্কিত বিষয়বস্তু যোগ করুন।

উদাহরণ হতে পারে: জল, গাছপালা, ঋতু, আমার পরিবার, স্বাস্থ্যকর খাবার।

## ধাপ ৩: ধারণা তৈরি

### কেন?

নতুন কোনো বিষয় শেখার আগে শিশুদের পুরোনো জ্ঞান সক্রিয় হয়,শিশুদের প্রশ্ন জিজ্ঞাসা করতে এবং কৌতূহল তৈরি করতে সাহায্য করে।

### কিভাবে?

শিশুদের গল্প, স্থানীয় লোককাহিনী, গান, খেলা, বাস্তব উপকরণ এবং মাঠ পরিদর্শন (যেমন, বাগান, স্থানীয় দোকান) ব্যবহার করুন।

KWL (What I Know, What I Want to Know, What I Learnt) চার্ট ব্যবহার করে শিশুদের নেতৃত্বাধীন প্রশ্ন জিজ্ঞাসা করতে উৎসাহিত করুন: আমি কী জানি, আমি কী জানতে চাই, আমি কী শিখেছিM।- ২য় থেকে ৫ম শ্রেণীর জন্য।

শিশুদেরকে মুক্ত প্রান্ত প্রশ্ন জিজ্ঞাসা করুন যেমন: "বলতো উদ্ভিদের বৃদ্ধির জন্য কী প্রয়োজন?", "সমাজের বিভিন্ন পেশার মানুষ আমাদের কে কি ভাবে সাহায্য করে?

## ধাপ ৪: শিশুদের সাথে প্রকল্প পরিকল্পনা

### কেন?

দায়িত্ববোধ, উদ্যোগী মনোভাব এবং সৃজনশীলতাকে উৎসাহিত করে।

### কিভাবে?

- শিশুর সাথে প্রকল্পের ধারণার বিষয়গুলো নিয়ে আলোচনা করুন: "আপনি শিশুকে জিজ্ঞেস করুন তুমি যা কিছু শিখেছ সেগুলি “তুমি কিভাবে প্রকাশ করতে চাও?”
- শিশুদের একটি পছন্দ বেছে নিতে দিন: পোস্টার, অঙ্কন, নাটক, মডেল, চার্ট, গল্পের বই।
- শ্রেণীকক্ষের প্রেক্ষাপটের উপর ভিত্তি করে দলগত এবং একা, উভয় কাজের জন্য শিশুকে সহায়তা করুন।
- একসাথে একটি প্রকল্প পরিকল্পনা করুন: "এই কাজটি করতে আমাদের কী কী প্রয়োজন হবে?" "আমরা প্রথমে কী তৈরি করব?"
- শ্রেণীকক্ষে একটা “প্রকল্প কর্নার” রাখুন, যেখানে উপকরণ, ছবি আর প্রগ্রেস চার্ট থাকবে।



## ধাপ ৫: প্রকল্প তৈরিতে সহায়তা

### কেন?

সকল শিশুর অংশগ্রহণ নিশ্চিত করে এবং বিভিন্ন দক্ষতা তৈরি করে।

### কিভাবে?

কম খরচের জিনিস ব্যবহার করুন (কাগজ, রঙ, কাঠি, বাক্স ইত্যাদি)।

শ্রেণীকক্ষের আকারের উপর ভিত্তি করে শিশুর দলগত বা একার প্রচেষ্টাকে উৎসাহিত করুন।

শিশুকে প্রম্পট এবং দিকনির্দেশনামূলক প্রশ্ন জিজ্ঞাসা করুন:

- "তুমি এটা কেন আঁকলে?"
- "তোমার গল্পে এখন কী হচ্ছে?"
- বিভিন্ন স্তরের শেখার জন্য স্ক্যাফোল্ড করুন।
- শুধু চূড়ান্ত ফল নয়, পুরো প্রক্রিয়াও নথিভুক্ত করুন ছবি এবং নোটের মাধ্যমে।
- কেবল পরিচ্ছন্নতা বা নির্ভুলতা নয়, প্রচেষ্টা উদযাপন করুন।

অভিভাবকদের জানান যে তারা শুধু মাত্র উপকরণ সরবরাহ করে, দিকনির্দেশনামূলক প্রশ্ন জিজ্ঞাসা করে এবং প্রচেষ্টাকে উৎসাহিত করে সহায়তা করতে পারেন শিশুর জন্য প্রকল্পটি না করে।

শিশুর সৃজনশীলতা এবং চিন্তাভাবনাকে তাদের নিজস্ব কাজের মাধ্যমে উজ্জ্বল হতে দিন।

## ধাপ ৬:শিশুদের উপস্থাপনা এবং ভাগাভাগি

### কেন?

আত্মবিশ্বাস, ভাষা এবং সমবয়েসীদের থেকে শেখা এবং যোগাযোগের সুযোগ তৈরি করে দেয়।

### কিভাবে?

শিশুদের তাদের প্রকল্পগুলি ভাগ করে নেওয়ার, ব্যাখ্যা করার এবং প্রতিফলিত করার জন্য সময় দিন।

পিতামাতা এবং অন্যান্য ক্লাসের জন্য একটি প্রদর্শনী আয়োজন করুন।

থাম্বস আপ, হাসি মুখের ছবি, অথবা সমবয়েশিদের থেকে প্রসংশা।

নিশ্চিত করুন যে প্রতিটি শিশু তাদের কাজ ছোট বা বড় দলে ভাগ করে নেয়।

প্রম্পট ব্যবহার করুন:"শিশুকে জিজ্ঞেস করুন তুমি কী তৈরি করছো", "তুমি এখন এখান থেকে কী শিখলে?



## বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| প্রয়োজনীয় পদক্ষেপ | প্রয়োজনীয় সময় |
|---|---|
| থিম ওয়েবিং | ৩ - ৪ দিন |
| থিম নির্বাচন এবং ধারণা ভূমিকা | ২-৩ দিন |
| শিশুদের সাথে প্রকল্প পরিকল্পনা | ৩ - ৪ দিন |
| প্রকল্পের অগ্রগতি পরীক্ষা | প্রকল্পটি সম্পূর্ণ না হওয়া পর্যন্ত প্রতি এক দিন অন্তর |
| শেয়ারিং এবং প্রদর্শন | ১ - ২ দিন |

*একবার চালু হলে, এই MIP নিয়মিত ক্লাসরুমের অংশ হয় থাকবে।*

## প্রকল্পের উদাহরণ: "আমার জলের গল্প"


**বিষয়:** জল

**শ্রেণী:** ২-৩

**প্রকল্পের ধরণ:**
একা বা ছোট দল

**উদ্দেশ্য:**

গল্প বলা, পরিমাপ, শিল্প এবং এলাকার সাথে সম্পৃক্ততার মাধ্যমে শিশুদের জলের গুরুত্ব, উৎস এবং ব্যবহার বুঝতে সাহায্য করা এবং একই সাথে গুরুত্বপূর্ণ জীবন দক্ষতা তৈরি করা।




### প্রকল্পের উদাহরণঃ

| বিষয়: | ভাষা: | গণিত: | পরিবেশ শিক্ষা : | শিল্প: | স্থানীয় বিষয়: | জীবন শৈলী: |
|---|---|---|---|---|---|---|
| জল (শ্রেণী ২-৩) | জল-সম্পর্কিত কবিতা, গল্প, রচনা | জল পরিমাপ করা | জলের উৎস, জলের ব্যবহার | জলরঙে ছবি আঁকা | কূপ বা নদী সম্পর্কে একজনএলাকার বয়স্ক ব্যক্তির সাথে কথা বলা বা তার সাক্ষাৎকার নেওয়া। | সচেতনতা, অংশগ্রহণ, সহানুভূতি, সিদ্ধান্ত গ্রহণ, সৃজনশীলতা, সমালোচনামূলক চিন্তাভাবনা |

## প্রকল্প তৈরি: "আমার জলের গল্প"

প্রতিটি শিশু একটি বই তৈরি করবে (৪-৫ পৃষ্ঠার) যাতে লেখা থাকবে

**পাতা ১:** আমার চারপাশের জলের উৎস (কাছে থাকা ২-৩টি জলের উৎস ছবি আঁকবে বা সেই বিষয়ে লিখবে)

**পাতা ২:** আমি কীভাবে জল ব্যবহার করি (ছবি + গণনা—যেমন, স্নানের জন্য কত বালতি জল লাগে?)

**পাতা ৩:** আমার ঠাকুমা ঠাকুরদার জলের গল্প (তারা যখন ছোট ছিল জল কেমন ছিল, সব সময় তারা পানিও জল পেত কি না?)

**পাতা ৪:** জল সংরক্ষণের পদ্ধতি (শিশুর নিজস্ব ধারণা)

**পাতা ৫:** স্থানীয় জলের উৎস

**পাতা ৬:** জল রঙ (বৃষ্টি/কূপ/পুকুরের চিত্র)

## মূল্যায়ন (প্রক্রিয়া-কেন্দ্রিক)

- শিশুরা কি সকল কার্যকলাপে অংশগ্রহণ করেছে?
- শিশুরা কি এক বা দুটি জল-সংরক্ষণের ধারণা নিজের মতন করে বলতে পারে?
- শিশুরা হাতের কাজ বা গল্প কি নিজে তৈরি করেছে?
- শিশুরা কি এই কার্যক্রমের সময় কৌতূহল এবং ব্যস্ততা দেখিয়েছে?

# প্রকল্পের জন্য প্রস্তাবিত বিষয়বস্তু

| | থিম | প্রকল্পের উদাহরণ | ভাষা | গণিত | পরিবেশ শিক্ষা |
|---|---|---|---|---|---|
| ক্লাস ১ | আমার পরিবার | একটি ছবির চার্ট ব্যবহার করে পরিবারের সদস্যদের ছবি আঁকা এবং লেবেল করা। | প্রতিটি সদস্য সম্পর্কে ১-২ লাইন বলা; পরিবারের পছন্দ এবং অপছন্দ নিয়ে কথা বলা | পরিবারে কতজন সদস্য আছে তা গণনা করা। | পরিবারের সদস্যদের ভূমিকা সম্পর্কে আলোচনা করুন। |
| ক্লাস ১ | আমাদের চারপাশের পশু | পশু এবং তাদের শব্দ, খাবার এবং তারা কোথায় থাকে এই নিয়ে একটি ছবির বই তৈরি করা। | পশুর নাম, শব্দ, পশু নিয়ে গল্প, প্রিয় পশুর ছবি আঁকা এবং তার সম্পর্ক লেখা। | পায়ের সংখ্যা গণনা করুন, জোড়া মেলানো। | পশুদের কীভাবে রক্ষা করা যায়ে তা নিয়ে আলোচনা। |
| ক্লাস ২ | জল | একটি জল ব্যবহার/সঞ্চয় ডায়েরি তৈরি করুন | কিভাবে জল সাশ্রয় করবেন সে সম্পর্কে কথা বলা এবং পোস্টার তৈরি করা। | বাড়ীতে কি কাজে কত জল ব্যাবহার হয়। | জলের উৎস, ব্যবহার, জল সাশ্রয়ী অভ্যাস |
| ক্লাস ২ | গাছপালা | একটি গাছ লাগান এবং একটি পর্যবেক্ষণ পুস্তিকা তৈরি করুন | গাছের অংশবিশেষের নাম বল; উদ্ভিদের বৃদ্ধি বর্ণনা কর। | গাছের পাতা গোণা, গাছের উচ্চতা মাপা | গাছপালার চাহিদা, অংশ এবং ব্যবহার সম্পর্কে জানা |

| | থিম | প্রকল্পের উদাহরণ | ভাষা | গণিত | পরিবেশ শিক্ষা |
|---|---|---|---|---|---|
| ক্লাস ৩ | আমার এলাকা | পাড়ার একটি মানচিত্র তৈরি করা | ডাকপিয়ন, কাঠমিস্ত্রি, শিক্ষক, ডাক্তার প্রভৃতি সমাজসেবীদের সাক্ষাৎকার নেওয়া | বাড়ি/দোকানের সংখ্যা গোনা; দিকনির্দেশ ব্যবহার করা | পাড়া পরিষ্কার রাখার উপায়গুলি আলোচনা করা |
| | ভারতের বিভিন্ন উৎসব | ছবি ও তথ্যসহ একটি উৎসব ক্যালেন্ডার তৈরি করা | প্রতিটি উৎসব সম্পর্কে দুই লাইন লেখা, উৎসব-সংক্রান্ত শব্দ জানা | তারিখের ক্রম সাজান; উৎসবগুলির মধ্যবর্তী দিন গোণা | উদযাপনের কারণ ও আঞ্চলিক বৈচিত্র্য সম্পর্কে যানা |
| ক্লাস ৪ | বর্জ্য ব্যবস্থাপনা ও পুনর্ব্যবহার | বর্জ্য আলাদা করার বিনের একটি মডেল তৈরি করুন এবং তাতে লেবেল লাগান | স্লোগান/পোস্টার লিখুন; স্কুল ও বাড়ির বর্জ্য নিয়ে আলোচনা করুন। | বর্জ্য ব্যবস্থাপনার উপর ভিত্তি করে একটি বার গ্রাফ তৈরি করুন। | বর্জ্যের ধরন, কমানো-পুনঃব্যবহার-পুনর্ব্যবহার (Reduce-Reuse-Recycle) ধারণা শেখা। |
| | আমার আশেপাশের বাড়িগুলি | পাড়ার বিভিন্ন ধরনের বাড়ির ছবি আঁকুন বা মডেল তৈরি করুন। | বাড়িগুলির নাম ও বৈশিষ্ট্য সম্পর্কে লিখুন এবং বাসিন্দাদের সাক্ষাৎকার নিন। | উচ্চতা/প্রস্থ তুলনা করুন; নকশায় বিভিন্ন আকার ব্যবহার করুন। | আবহাওয়া ও অবস্থান কীভাবে বাড়ির গঠনকে প্রভাবিত করে তা বুঝুন। |

# শিক্ষকদের জন্য নোট

**সম্ভব হলে অভিভাবকদের কার্যক্রমের সাথে যুক্ত করুন: উপকরণ সংগ্রহ করা, জ্ঞান ভাগাভাগি করা (যেমন, একজন অভিভাবক কৃষক বা দর্জি)।**

**সহজ প্রম্পট সহ সমবয়েসীদের প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত করুন: "তোমার বন্ধুর কোণ কাজটা ভালো লেগেছে এবং কেন?**

**চলমান প্রকল্পগুলির অগ্রগতি দেখানোর জন্য একটি প্রকল্প progress চার্ট রাখুন..**

**নিখুঁতভাবে দেখানোর চাইতে প্রক্রিয়ার ওপরে মনোযোগ দিন।**

**শিশুদের স্বাধীনভাবে বা ছোট দলে চিন্তা করতে, কথা বলতে এবং তৈরি করতে উৎসাহিত করার জন্য কার্যকলাপটি ব্যবহার করুন।**

| শিক্ষকদের লক্ষ্য করার জন্য শিক্ষণ সামর্থ্য | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা বিভিন্ন বিষয়ের সঙ্গে প্রকল্পকে সংযুক্ত করতে সক্ষম হচ্ছে। | | | | |
| শিশুরা তাদের প্রকল্পের ফলাফল (চিত্র, মডেল, পোস্টার ইত্যাদি)-এর মাধ্যমে সৃজনশীলতা ও বোঝাপড়া প্রদর্শন করছে। | | | | |
| শিশুরা থিম সম্পর্কে কথা বলা বা লেখা—উভয় ক্ষেত্রেই উন্নতি দেখাচ্ছে। | | | | |
| শিশুরা জোড়ায় বা দলে কাজ করে তাদের প্রকল্প পরিকল্পনা ও সম্পূর্ণ করছে। | | | | |
| শিশুরা প্রকল্প চলাকালীন যা শিখেছে তা নিয়ে ভাবনাচিন্তা করছে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | শিক্ষকদের চিন্তাভাবনা | শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|---|---|
| প্রকল্প তৈরির সময় শিশুরা কিসে ভালো কাজ করেছে? | | আমি কি কোনও থিম বেছে নিয়েছি এবং বিভিন্ন বিষয়ের উপর বোধগম্যতা তৈরি করেছি? | | |
| শিশুরা সবচেয়ে কোন বিষয়ে আনন্দ পেয়েছে? | | আমি কি শিশুদের প্রকল্প পরিকল্পনা এবং তৈরিতে সহায়তা করেছি? | | |
| শিক্ষক হিসেবে শিশুদের কোন কাজটি আমাকে অবাক করেছে? | | আমি কি শিশুদের তাদের কাজ উপস্থাপন এবং প্রতিফলিত করতে সাহায্য করেছি? | | |
| বিভিন্ন শিক্ষণ স্তরের শিশুদের আমি কতটা ভালোভাবে তাদের সহায়তা করতে পেরেছি?” | | আমি কি ক্লাসে শিশুদের প্রকল্পের কাজগুলো প্রদর্শন করেছি? | | |
| আমি কীভাবে এই ফলাফলগুলি অভিভাবক বা অন্যান্য শিক্ষকদের সাথে ভাগ করে নিতে পারি? | | শিশুরা কি কৌতূহল দেখিয়েছে এবং প্রশ্ন জিজ্ঞাসা করেছে? | | |

# ৫ শিক্ষার্থীরদের জন্য ইতিবাচক প্রেরণা

## ইতিবাচক প্রেরণা (Positive Reinforcement) বলতে কি বোঝায়?

ইতিবাচক প্রেরণার (Positive Reinforcement) একটি পদ্ধতি যেখানে কাঙ্ক্ষিত আচরণের পরে সঙ্গে সঙ্গেই আনন্দদায়ক পুরস্কার দেওয়া, যাতে সেই আচরণ পুনরায় ঘটার সম্ভাবনা বৃদ্ধি পায়। এতে মৌখিক প্রশংসা, সামাজিক প্রেরণা (যেমন: হাই-ফাইভ), স্টিকার বা কার্যক্রম-ভিত্তিক প্রেরক (অতিরিক্ত খেলার সময় , কোনো কার্যক্রম বেছে নেওয়ার সুযোগ) অন্তর্ভুক্ত থাকে। ইতিবাচক প্রেরণা হলো কাঙ্ক্ষিত আচরণের পরে, নির্দিষ্ট এবং বয়স-উপযুক্ত ইতিবাচক প্রতিক্রিয়া দেওয়া, যাতে সেই আচরণ পুনরাবৃত্তি ঘটে (উদাহরণ: আচরণ-নির্দিষ্ট প্রশংসা, সামাজিক প্রেরণা)। গবেষণায় দেখা গেছে যে আচরণ-নির্দিষ্ট প্রশংসা ধারাবাহিকভাবে প্রয়োগ করলে শিশুর সম্পৃক্ততা বাড়ে এবং ব্যাঘাতমূলক আচরণ কমে।

## কেনো এই বিষয়টি গুরুত্বপূর্ণ?

- যখন শিশুর ইতিবাচক আচরণকে ঠিক সময়ে এবং সঠিকভাবে প্রশংসা করা হয়, এবং তা তাদের বয়স ও পছন্দের সঙ্গে মিল রেখে করা হয়, তখন শ্রেণীকক্ষে একটি ভালো ও আনন্দদায়ক শিক্ষার পরিবেশ তৈরি হয়।
- শিশুরা একে অপরের সঙ্গে ভালোভাবে কাজ করতে শিখে।
- ছোট পুরস্কার ব্যবস্থা (যেমন sticker, খেলার সময়, হাত তালি) শিশুর ভিতরের আচরণ পরিবর্তনে সাহায্য করতে পারে, তবে এগুলো ব্যবহার করার নিয়ম ঠিকভাবে রাখা জরুরি।
- শিশুর ভিতরের আগ্রহ ও উৎসাহ বাড়াতে তার কাজ এবং চেষ্টার প্রশংসা করা উচিত।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যান-এর উদ্দেশ্য

শ্রেণীকক্ষে ইতিবাচক আচরণ বাড়ানোর জন্য শিক্ষকদের প্রশংসা, ছোট পুরস্কার এবং উৎসাহ সঠিকভাবে ব্যবহার করতে সাহায্য করা।

এটি শিক্ষকদের সাহায্য করবে কিভাবে নির্দিষ্ট আচরণের জন্য পুরস্কার দেওয়া যায় এবং কমপক্ষে ৮০% শিক্ষার্থীদের মধ্যে ভালো আচরণকে উৎসাহিত করার জন্য একটি সহজ পুরস্কারের ব্যবস্থা চালু করা।

শিশুদের নিজেদের উপর বিশ্বাস, নিজের কাজ নিয়ন্ত্রণ করা এবং কোনো কাজ করার আগ্রহ বাড়াতে সাহায্য করা।

শিশুর নিয়মিত প্রশংসা এবং নিয়মিত উৎসাহ দিয়ে শ্রেণিকক্ষে শিশুর আচরণজনিত সমস্যা কমানো।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয় পদক্ষেপ

## ধাপ ১: শিশুদের ইতিবাচক আচরণ চিহ্নিত করে উৎসাহ দেওয়া

### কিভাবে?

কিছু সহজ ইতিবাচক আচরণ বেঁছে নিনঃ, যেগুলি আপনি আপনার শ্রেণীকক্ষে দেখতে চান।

| | | | | |
|---|---|---|---|---|
| শিক্ষণ উপকরণ সহপাঠীদের মধ্যে ভাগাভাগি করা। | সহকর্মীদের সাহায্য করা | সময়মতো কাজ শেষ করা। | সময়মতো কাজ সম্পন্ন করা | শেখার উপকরণ ভাগাভাগি করা |

সপ্তাহের জন্য ২–৩টি নির্দিষ্ট ইতিবাচক আচরণ বেছে নিন।

শিক্ষক এই সপ্তাহে ৩টি পর্যবেক্ষণযোগ্য লক্ষ্য আচরণ নির্ধারণ করবেন (যেমন: “কথা বলার আগে নিজের পালা অপেক্ষা করা”, “বন্ধুকে সাহায্য করা”, “প্রথমে কাজ সম্পূর্ণ করা”)।

এই ইতিবাচক আচরণগুলি দিয়ে শিশুদের জন্য একটি পোস্টার তৈরি করে তা শ্রেণিকক্ষে প্রদর্শন করুন।

উদাহরণ ব্যবহার করে শিশুদের সঙ্গে আচরণগুলি নিয়ে আলোচনা করুন।

ছবি সহ পোস্টার বা ফ্ল্যাশকার্ড ব্যবহার করে শিশুদেরকে ইতিবাচক আচরণগুলি দেখান।



## ধাপ ২: শিশুদের ভালো আচরণের জন্য পরিকল্পনা করুন এবং উৎসাহ দিন

### কিভাবে?

শিশু কোনো ভালো কাজ করার সঙ্গে সঙ্গে তার প্রশংসা করুন এবং শিশুকে উৎসাহ দিন। প্রশংসা দেওয়ার সময় বলুন: “শিশুর নাম বলুন + শিশুর কোন কাজটি আপনার ভালো লেগেছে তা শিশুকে বলুন + শিশুর এই রকম আচরণের জন্য আপনার কি রকম অনুভূতি হয়েছে সেই কথাটি শিশুকে বলুন”। উদাহরণস্বরূপ:

> “মন দিয়ে কথা শোনার জন্য!” উদাহরণস্বরূপ: “অরুণ, মীনা কথা বলার সময় তুমি তোমার সময়ের জন্য ধৈর্য ধরে অপেক্ষা করেছো, তোমাকে ধন্যবাদ।”।
>
> “তুমি তোমার বন্ধুকে যেভাবে সাহায্য করেছো তাতে আমি গর্বিত।”

প্রয়োজন হলে মাঝে মাঝে ছোট ছোট পুরস্কার ব্যবহার করুন, যেমন স্টিকার, reward চার্ট বা অতিরিক্ত খেলাধুলার সময়। এর ফলে শিশুরা আরও উৎসাহিত হয়।

শিশুদের জন্য নিয়মিত উৎসাহ এবং পুরস্কার ব্যবহার করা:

"আশা, তোমার পালা অপেক্ষা করার জন্য ধন্যবাদ - এটা সবাইকে সাহায্য করেছো।"

“রোহিত, তোমার কাজ শেষ করার পর তুমি খুব যত্ন করে কাঁচিগুলো ট্রেতে গুছিয়ে রেখেছ — তোমাকে ধন্যবাদ!”

“এইভাবে চালিয়ে যাও, তুমি সত্যিই ভালো করছো!”



মাঝে মাঝে শিশুদের বিশেষ আচরণের জন্য স্টিকার বা টোকেন ব্যবহার করুন, তবে প্রত্যেকবার শিশুদের একরকম ছোট আচরণের জন্য টোকেন দেওয়া এড়িয়ে চলুন।

শিশুদের ভালো আচরণ গুলো লিখে রাখার জন্য একটি বোর্ড তৈরি করুন, যেখানে প্রত্যেক সপ্তাহ অন্তর শিশুর সাফল্য গুলো প্রদর্শন করা হবে।

আচরণগত কারণ ছাড়াই অতিরিক্ত প্রশংসা ("ভালো মেয়ে!") এড়িয়ে চলুন; শুধুমাত্র উচ্চ-পারফর্মারের প্রশংসা করা এড়িয়ে চলুন।

## ধাপ ৩: সপ্তাহে একবার শিশুদের ভালো কাজের জন্য উৎসাহ ও প্রশংসা দিন

### কেন?

শিশুকে বারবার প্রশংসা করা ও উৎসাহ দেওয়ায় মাধ্যমে শিশু ভালো অভ্যাস শিখে।

নিয়মিত প্রশংসা শিশুদের শেখার সময় উৎসাহ দেয়।

### কীভাবে?

প্রতি সপ্তাহে ২–৩টি আচরণ বেছে নিন যে বিষয়ে আপনি শিশুদের পুরস্কৃত করতে চান।

সপ্তাহের শুরুতে শিশুদের বলুন এই আচরণগুলো কী এবং কিভাবে তারা এর জন্য পুরস্কার পাবে।

দিনের বিভিন্ন কার্যক্রমের মধ্যে, দলীয় কাজে, এবং স্থানান্তরের সময় শিশুরা ভালো কাজ করলে শিশুদের নিয়মিত প্রশংসা করুন।

শিশুদের সঙ্গে একসাথে অগ্রগতি পর্যালোচনা করুন, সাফল্য উদযাপন করুন এবং ধীরে ধীরে বস্তুগত পুরস্কার (যেমন টোকেন বা স্টিকার) কমিয়ে দিন। এর পরিবর্তে সামাজিক পুরস্কার দিন, যেমন অতিরিক্ত খেলার সুযোগ বা শ্রেণিনেতা হওয়ার সুযোগ।

নিশ্চিত করুন যে সব শিশু সমানভাবে পুরস্কার পাওয়ার সুযোগ পাচ্ছে (রোটেশন বা টোকেন অর্জনের একাধিক উপায় ব্যবহার করে)। কখনও কাউকে আলাদা করে দেখাবেন না বা লজ্জা দেবেন না।

## ধাপ ৪: পর্যবেক্ষণ আর ভাবনা

### কেন

শিক্ষকরা সহজে বুঝতে পারেন শিশুদের আচরণে কোন পরিবর্তন আসছে কিনা, কোন কৌশল কাজ করছে আর কোনটা বদলাতে হবে, এবং প্রয়োজনে পরিবর্তন আনতে পারেন।

এতে শিক্ষক আর শিশু দু'জনেই নিজেদের সম্পর্কে সচেতন হয়।

### কীভাবে?

একটা খাতা বা চার্ট রাখুন, যেখানে লিখে রাখবেন শিশু কোন আচরণ করল এবং কীভাবে প্রশংসা পেল।

লক্ষ্য করুন শিশুদের আচরণ ধীরে ধীরে ইতিবাচক হচ্ছে কিনা।

শিশুদের সহজ প্রশ্ন করুন, যেমন:

- "তোমার কাজের জন্য তোমাকে কেউ পুরস্কার দিলে বা প্রশংশা করলে তোমার কেমন লাগে?"
- "তুমি আজ তোমার বন্ধুকে সাহায্য করলে কেন?

সপ্তাহ শেষে অন্য শিক্ষকদের সাথে এই অভিজ্ঞতা নিয়ে আলোচনা করুন।

# বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| প্রয়োজনীয় পদক্ষেপ | প্রয়োজনীয় সময় |
| --- | --- |
| শিশুদের ইতিবাচক আচরণ চিহ্নিত করা এবং পুরস্কারের ব্যবস্থা করা (stickers, flowers, extra play time or story time) | ১ - ২ দিন |
| শিশুদের ভালোভাবে বোঝানো কোন কাজ করলে তারা পুরস্কার পাবে | ১ সপ্তাহ |
| শিশুদের আচরণ নিয়মিত লক্ষ্য করা এবং ভালো কাজের প্রশংসা দেওয়া | প্রতিদিন, সাপ্তাহিক প্রতিফলনের সাথে |
| সপ্তাহ শেষে দেখুন শিশুদের কতটা উন্নতি হয়েছে এবং প্রয়োজনে নতুন পরিকল্পনা করুন | প্রতি সপ্তাহের শেষে |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
| --- | --- | --- | --- | --- |
| শিশুরা কার্যক্রমের সময় নির্দেশ সহজে অনুসরণ করে। | | | | |
| শিশুদের মধ্যে ইতিবাচক পারস্পরিক যোগাযোগ বৃদ্ধি পায়। | | | | |
| শিশুরা প্রয়োজনে সাহায্য চায় বা অন্যকে সাহায্য করার প্রস্তাব দেয়। | | | | |
| শ্রেণিকক্ষে আত্মবিশ্বাস ও অংশগ্রহণের মাত্রা উন্নত হয়। | | | | |
| সময়ের সঙ্গে সঙ্গে আচরণগত সমস্যাগুলি কমছে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
| --- | --- | --- |
| আমি কি এই সপ্তাহে শিশুদের কোন আচরণকে উৎসাহিত করতে চাই তা স্পষ্টভাবে ঠিক করেছি? | | |
| আমি কি প্রশংসা এবং পুরস্কার এমনভাবে ব্যবহার করেছি যাতে শিশুরা বুঝতে পারে এবং উৎসাহিত হয়? | | |
| আমি কি নিয়মিতভাবে শিশুদের ইতিবাচক আচরণ পর্যবেক্ষণ করি এবং প্রতিক্রিয়া দেই? | | |
| আমি কি লক্ষ্য নির্ধারণ বা পুরস্কার নির্বাচনের ক্ষেত্রে শিশুদের অন্তর্ভুক্ত করেছি? | | |
| আমি কি সপ্তাহ শেষে এই কৌশল প্রয়োগের প্রভাব নিয়ে চিন্তা করেছি? | | |

# ৬ গঠনমূলক (Formative) মূল্যায়ন - শিশু কতটা শিখেছে তা যাচাই করে দেখা

## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শেখানোর সময় শিশুর শেখা ঠিকভাবে হচ্ছে কি না বা শিশু কতটা বুঝেছে তা বুঝতে এই গঠনমূলক মূল্যায়ন গুরুত্বপূর্ণ।

"বোঝাপড়া যাচাই" (Checking for Understanding) — এটিকে একটি ব্যবহারিক ও অপরিহার্য উপায় হিসেবে উপস্থাপন করা, যা শিক্ষকদের শিশুদের শেখার অগ্রগতি ও বোঝাপড়ার বাস্তবসম্মত প্রমাণ সংগ্রহে সহায়তা করে।

এটি শিক্ষকদের বুঝতে সাহায্য করে যাতে তারা শিশুদের সময়মতো প্রতিক্রিয়া দিতে পারে, শিশুদের শেখার ক্ষেত্রে সাহায্য করতে পারে এবং শিশুদের শেখানোর পদ্ধতি ঠিক করতে পারে।

## গঠনমূলক মূল্যায়ন বলতে কী বোঝায়?

গঠনমূলক মূল্যায়ন হলো একটি প্রক্রিয়া যা শ্রেনী কক্ষে নিয়মিত চলে। এতে শিক্ষক বিভিন্ন কার্যক্রম, খেলা বা পর্যবেক্ষণের মাধ্যমে বোঝার চেষ্টা করেন শিশুরা কীভাবে শিখছে, কতটা শিখছে এবং তাদের শিক্ষণ পদ্ধতি কি ভাবে আরও উন্নত করা যাতে। এর মাধ্যমে শিক্ষক সময়মতো শিশুদের শেখার অগ্রগতি বুঝতে পারেন এবং তাদের শেখানোর ধরন আরও ভালোভাবে ঠিক করতে পারেন। একই সঙ্গে, শিশুরা তাদের ধারণা মজবুত করতে ও শেখার দক্ষতা বাড়াতে পারে।

## মূল্যায়নে "বোঝাপড়া যাচাই" বা শিশুরা কতটা শিখেছে বলতে কী বোঝায়?

"বোঝাপড়া যাচাই" হলো গঠনমূলক মূল্যায়ন ব্যবস্থার একটি কৌশল, যেখানে শিক্ষকরা শিক্ষার লক্ষ্য নির্ধারণ করেন, শিশুদের প্রতিক্রিয়া (ফিডব্যাক) দেন এবং শিশুদের ভুলের ভিত্তিতে তাদের শিক্ষাদানের পদ্ধতি পরিবর্তন বা উন্নত করেন।


শেখার উদ্দেশ্য বা লক্ষ্য নির্ধারণ করা


শিশুদের প্রতি গঠনমূলক প্রতিক্রিয়া


শিশুদের শিক্ষণ তথ্য ব্যবহার করে শিক্ষাদান ও শিক্ষণ প্রক্রিয়া পরিকল্পনা বা সংশোধন করা।

## বোঝাপড়া যাচাই (checking for understanding ) কেন গুরুত্বপূর্ণ?

| | | | |
|---|---|---|---|
| শিশুদের বর্তমান শেখার ক্ষমতা বা শিশুরা এখন কীভাবে শিখছে সেই সম্পর্কে তথ্য দেওয়া। | সরাসরি এবং উপযুক্ত সময়ে মতামত দেওয়া। | শিশুদের শিক্ষণ অগ্রগতি লক্ষ্য করতে এবং শেখার ক্ষেত্রে শিশুদের আরও উৎসাহিত করতে। | শিক্ষকদের সাহায্য করা যাতে তারা শিশুদের প্রয়োজন ও ক্ষমতার ওপর ভিত্তি করে তাদের শেখানোর ধরন পরিবর্তন করতে পারেন। |

## প্রয়োজনীয় পদক্ষেপ

শিশুদের শেখা ঠিকভাবে হচ্ছে কি না তা পরীক্ষা করার গুরুত্ব বোঝা, যা গঠনমূলক মূল্যায়নের একটি অংশ।

কার্যক্রম ঠিক মতন পরিচালনার জন্য MIP তে দেওয়া নির্দেশিকাগুলি মেনে চলা।

শিশুর শেখার উদ্দেশ্য ঠিক করে প্রতিদিনের পাঠের পরিকল্পনা প্রস্তুত করা।

শেখার উদ্দেশ্য মাথায় রেখে সেই অনুযায়ী শিক্ষাদান পদ্ধতি ব্যবহার করা।

শিশুরা ঠিকভাবে শিখছে কি না তা জানিয়ে শিশুদেরকে সাহায্য করা।

আরও ভালোভাবে শিশুদের শিক্ষাদানের জন্য শ্রেণীকক্ষের শিক্ষাদান পদ্ধতি পরিবর্তন করা।

শিশুদের আচরণে কোনো পরিবর্তন বা উন্নতি হয়েছে কি না তা বোঝার জন্য প্রমাণ সংগ্রহ করা।

## নির্দেশিকা

### ধাপ ১ঃ শিক্ষণ লক্ষ্য নির্ধারণ


**কেন?**

- এটি শিশুকে শিক্ষণ দায়িত্ব নেওয়ার সুযোগ করে দেয়।
- শিশুদের শেখার সময় সঠিকভাবে সাহায্য করা।
- শিশুরা নিজেদের শেখার প্রক্রিয়া নিজে পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করতে সক্ষম হয়।

**কীভাবে?**

- কোনো নতুন পাঠ বা কার্যক্রম শুরু করার আগে শিশুদের সহজ এবং সাধারণ ভাষায় বলা উচিত আজকে তাদের কি বিষয় শেখানো হবে, যাতে শিশুরা বিষয়টি সহজে বুঝতে পারে।

উদাহরণ: "আজ আমরা আমাদের ঝুড়িতে থাকা ফলগুলি গুনতে শিখব"



পাঠ বা কার্যক্রমের উদ্দেশ্য সহজভাবে বোঝানোর জন্য ফ্ল্যাশকার্ড, ব্ল্যাকবোর্ডে ছবি আঁকা বা বিষয়ভিত্তিক চিত্র ব্যবহার করা।

উদাহরণ: বোর্ডে তিনটি আপেলের ছবি আঁক এবং পাশে সংখ্যা ৩ লিখ।

- পাঠ বা কার্যক্রমের উদ্দেশ্য শিশুদের দৈনন্দিন জীবন বা অভিজ্ঞতার সঙ্গে মিল রেখে সংযুক্ত করা।
- প্রতিদিন পাঠের শুরুতে পাঠের উদ্দেশ্য বোঝানোর জন্য ছবি আঁকা বা বিষয়ভিত্তিক চিত্র ব্যবহার করার নিয়ম করুন। এটি শিশুদের মধ্যে অভ্যাস গড়ে তোলে এবং তারা সহজে বুঝতে পারে তারা কী শিখতে যাচ্ছে।

**উদাহরণ: প্রতিদিন এইভাবে পাঠটি শুরু করুন: "আজ আমরা শিখব..."**

- শিশুদের বোঝার ক্ষমতা পরীক্ষা করা যে তারা পাঠের বিষয় ঠিকভাবে বুঝেছে কি না।

**উদাহরণ: পাঠের পরে শিক্ষক জিজ্ঞেস করতে পারেন: "তোমরা কি বলতে পারবে আমরা আজ কী শিখতে যাচ্ছি?"**

## ধাপ ২ঃ লক্ষ্যভিত্তিক শেখানোর পদক্ষেপ

### কেন?

- শিশুদের নতুন বিষয় সহজে বুঝতে এবং শেখায় মনোযোগ ধরে রাখতে সাহায্য করে।
- শিক্ষাকে শিশুদের বাস্তব জীবনের সঙ্গে সম্পর্কিত এবং সহজ করে তোলা।
- এটি নিশ্চিত করে যে প্রতিটি শিশু পরবর্তী ধাপে যাওয়ার আগে ভালোভাবে প্রস্তুত।

### কীভাবে?

- শিশুদের আগে শেখা বিষয়ের সঙ্গে মিল রেখে বর্তমান কার্যক্রম শুরু করুন। ছোট ও সহজ নির্দেশনা দিন।

**উদাহরণ: "গতকাল আমরা ফল গুনেছিলাম। আজ চলো আমরা পাতা গুনি।"**




- শিশুদের বোঝানোর জন্য বিভিন্ন পদ্ধতি ব্যবহার করুন যাতে তারা সহজে বুঝতে পারে
- শিশুদের সহজে বোঝানোর জন্য বাস্তব বস্তুর, ফ্ল্যাশকার্ড দেখান বা বোর্ডে ছবি আঁকুন।
- বিষয়টি বা ধারণাটি শিশুদের ভালোভাবে বোঝানোর জন্য একই বা একটু আলাদা শব্দ ব্যবহার করে শিশুদের আবার বলুন।

**উদাহরণ: 'পাতাগুলো গুনো। বলো, ওখানে কতগুলো পাতা আছে?'"**

- শিশুদের সহজে শেখানোর জন্য কার্যক্রমগুলি ছোট ধাপে ভাগ করুন।
- পরবর্তী ধাপে যাওয়ার আগে নিশ্চিত করুন শিশুরা বর্তমান বিষয়টি ঠিকমতো বুঝেছে।

**উদাহরণ: "তুমি কতটি পাতা গুনেছ?'"**

## ধাপ ৩: নির্দেশ অনুযায়ী শেখান এবং শিশুদের নিজে শেখার সুযোগ দেওয়া

### কেনো?

- এটি শিক্ষকদের সাহায্য করে বুঝতে যে শিশুরা কোনো বিষয় সম্পর্কে কীভাবে চিন্তা করছে, কীভাবে তারা তা উপলব্ধি করছে এবং সেই বিষয়টি কীভাবে শিখছে।
- এটি সাধারণ ভুল বা ভুল ধারণাগুলো চিহ্নিত করে।
- এটি শিক্ষকদের সাহায্য করে বুঝতে কোন বিষয়গুলো শেখানোর পদ্ধতি উন্নত করা দরকার।
- এটি শিক্ষকদের সাহায্য করে ভাবতে এবং পরিকল্পনা করতে, যাতে তারা শেখানোর পদ্ধতি আরও ভালোভাবে বা প্রয়োজন অনুযায়ী পরিবর্তন করে নিতে পারে।

### কীভাবে?

- শিশুদের শিক্ষকের সঙ্গে কার্যক্রমে যুক্ত করুন। প্রথমে সকলে মিলে কাজটি করুন।

**উদাহরণ: 'চলুন একসাথে ব্লকগুলো গুনি – এক, দুই, তিন…'"**

- শিশুদের শেখার জন্য তাদেরকে সাহায্য করবে এমন প্রশ্ন করুন। উদাহরণ:
  - তিনের পরে কী আসে?
  - তোমার কি মনে হয় এই ছবিটি সকালের?
- শেখার কার্যক্রম শুরু করুন শিশুদের সঙ্গে দলগতভাবে, যাতে তারা একে অপরের সঙ্গে শেখার সুযোগ পায়। ধীরে ধীরে তাদেরকে স্বাধীনভাবে কাজ করার দিকে নিয়ে যান, যাতে প্রতিটি শিশু নিজের মতো করে শিখতে পারে।
- শিশুরা যখন কাজ করছে তখন তাদের কার্যক্রমের দিকে লক্ষ্য রাখুন।
- শিশুরা যখন কার্যক্রম করছে তখন তাদের চারপাশে ঘোরাঘুরি করুন,তাদের উত্তর মনোযোগ দিয়ে শুনুন তারা কি বলছে, শিশুদের সাধারণ ভুলগুলো নোট করুন এবং লক্ষ্য করুন কার্যক্রম করার সময় কোন শিশুদের সাহায্যের প্রয়োজন আছে।
- শেখার দিক থেকে এগিয়ে থাকা এবং পিছিয়ে থাকা শিশুদের জুটি বানান, যাতে তারা একে অপরের কাছ থেকে শিখতে পারে।

## ধাপ ৪: প্রতিক্রিয়া ভাগ করে নেওয়া

### কেন?

শিশুদের আত্মবিশ্বাস ও মনোযোগ বাড়াতে সাহায্য করে।

শিশুরা নিজে ভাবতে শিখে এবং নিজের চিন্তাধারা প্রকাশ করতে উৎসাহ পায়।

শিশুর শেখার ক্ষেত্রে ইতিবাচক শিক্ষণ পরিবেশ তৈরি করা

### কীভাবে?

- শিশুর উত্তর দেওয়ার সঙ্গে সঙ্গে শিশুকে আপনার মতামত দিন।
- সবসময় শিশু যে কাজটি বা উত্তরটি সঠিকভাবে করেছে, তা দিয়ে শুরু করুন।
- শিশুকে মতামত দেওয়ার সময় ইতিবাচক এবং শিশুকে শেখায় উৎসাহিত করে এমন ভাষা ব্যবহার করুন।
- শিশুকে সোজাসুজি তুমি এই কাজটি ভুল করেছো' বলার পরিবর্তে বলুন:"তুমি প্রায় ঠিক করেছ, তুমি এই কাজটি অন্যভাবে চেষ্টা করে দেখতে পারো।" অথবা "বলুন তুমি আরোও একবার চেষ্টা করে দেখ।"
- শুধু সঠিক উত্তর এর সময় নয়, সবসময় শিশুর প্রচেষ্টা ও চেষ্টা করার মনোভাবের প্রশংসা করুন।

**"তুমি দারুণ চেষ্টা করেছ!" "আমি তোমার এমন ভাবনা খুব পছন্দ করেছি।"**

- দলগত কার্যক্রমের পর সবাইকে একসাথে মতামত দিন।

**"তোমাদের অনেকের উত্তর ঠিক হয়েছে। এবার আমরা একসাথে একবার করি।"**

- দলগত কার্যকলাপের পর সম্মিলিত প্রতিক্রিয়া জানান।

**তোমাদের অনেকেই এটা ঠিক করেছ, চলো একসাথে আরও একটি করি।**

- শিশুদের স্বীকৃতি জানাতে বা অনুপ্রাণিত করতে অঙ্গভঙ্গি এবং অভিব্যক্তি ব্যবহার করুন।

**ছোট ছোট দৃষ্টান্ত যেমন: শিশুর দিকে তাকিয়ে হাসি, মাথা নাড়ানো বা সম্মতি জানানো, কাজটি ভালো হলে হাত তালি দেওয়া , থাম্বস আপ দেখানো।**

শিশুদের নিজেদের শেখা নিয়ে ভাবার সুযোগ দিন, যাতে তারা বুঝতে পারে তারা কী শিখেছে এবং কোথায় আরও মনোযোগ দেওয়ার দরকার।?

**"তুমি কি মনে করো এই কাজটা তোমার জন্য সহজ ছিল না কঠিন?"**

## ধাপ ৫: শিশুদের প্রয়োজন অনুযায়ী শেখার পদ্ধতি পরিবর্তন করা

### কেন?

- শেখার ফাঁক বা দুর্বল দিক আগে থেকেই খুঁজে বের করা।
- সকল শিশুকে একভাবে না শিখিয়ে,প্রত্যেক শিশুর শেখার ধরন, আগ্রহ ও ক্ষমতা অনুযায়ী শিশুদের পাঠদান করা।
- শিশুদের মনোযোগ ধরে রাখার জন্য এবং ভীতি দূর করার জন্য।

### কীভাবে?

- শিশুদের কার্যক্রম মনোযোগ দিয়ে লক্ষ্য করুন এবং ভাবুন কোন কার্যক্রমে তারা সমস্যা অনুভব করছে।

**উদাহরণ: যদি শিশু কার্যক্রমের সময় চুপচাপ থাকে বা ভুল উত্তর দেয়, তাহলে বোঝা যায় তাদের এই কার্যক্রমে আরও সাহায্যের প্রয়োজন আছে।**

- ধারণা বোঝানোর জন্য বিভিন্ন পদ্ধতি বা কার্যক্রম চেষ্টা করুন।

**উদাহরণ: যদি শিশুরা ছবি দিয়ে গুনতে না পারে, তাহলে বাস্তব জিনিসপত্র যেমন পাথর বা পাতা ব্যবহার করুন।**

- শেখানোর গতি শিশুর শেখার ক্ষমতা এবং আগ্রহ অনুযায়ী ঠিক করুন। এতে শিশুরা আরও উৎসাহিত হয়, মনোযোগ ধরে রাখে এবং ভালোভাবে শিখতে পারে।
- ধীরে শেখা শিক্ষার্থীদের জন্য: ধাপে ধাপে এগিয়ে যান, পুনরাবৃত্তি করুন এবং আরও বেশি অনুশীলনের সুযোগ দিন।
- যারা দ্রুত শেখে তাদের জন্য আরও কিছু কঠিন বা নতুন ধরনের কাজ ও প্রশ্ন যোগ করুন, যাতে তারা আরও আগ্রহী হয়ে শিখতে পারে।
- শিশুদের বিষয়টি ভালোভাবে বোঝানোর জন্য তাদের পরিচিত এবং দৈনন্দিন জীবনের উদাহরণ ব্যবহার করুন।

**যেমন: শিশুদের ধারণা দেওয়ার জন্য , শিশুরা যেগুলো প্রতিদিন দেখে—ফল, পশু বা চারপাশের অন্যান্য জিনিস—সেগুলো উদাহরণ হিসেবে ব্যবহার করুন।**

- শিশুদের সঙ্গে কোন পদ্ধতি ভালোভাবে কাজ করছে এবং কোনটি ভালো হচ্ছে না, তা মনোযোগ দিয়ে লক্ষ্য করুন।

**উদাহরণ: আকার ব্যাখ্যা করার সময় একটি সূর্য আঁকুন, জানালার দিকে নির্দেশ করুন, অথবা একটি বল দেখান।**

- শিশুদের সঙ্গে কোন পদ্ধতি ভালোভাবে কাজ করছে এবং কোনটি ভালো হচ্ছে না, তা মনোযোগ দিয়ে লক্ষ্য করুন।
- শিশুদের প্রতিক্রিয়া অনুযায়ী পাঠ চলাকালীন পরিকল্পনা পরিবর্তনের জন্য প্রস্তুত থাকুন।

**উদাহরণ: যদি শিশুদের কাছে বিষয়টি কঠিন মনে হয়, তাহলে থামুন, বিষয়টি সহজভাবে আবার বোঝান, অথবা কার্যক্রমটি সামান্য পরিবর্তন করুন।**

## শিশুদের ধারণা পরীক্ষা করার জন্য কিছু প্রস্তাবিত কৌশল

| প্রাক প্রাথমিক শ্রেণীকক্ষ | |
|---|---|
| মৌখিক কৌশল | 1. হ্যাঁ/না প্রশ্ন (Yes/No Questions) – বোঝাপড়া যাচাই করতে সংক্ষিপ্ত প্রশ্ন করুন।<br>**উদাহরণ: "এটি কি একটি বৃত্ত?"**<br>2. থাম্বস আপ/ডাউন (Thumbs Up/Down) – শিশুরা হ্যাঁ হলে আঙ্গুল উঁচু করে দেখায়, না হলে নিচু করে।<br>3. কল ও রেসপন্স (Call and Response) – শিক্ষক একটি অংশ বলেন, শিশুরা তা জোরে বলবে। উদাহরণ: শিক্ষক – "Twinkle, twinkle…" শিশু – "Little star!" |
| দৃশ্যমান/Visual কৌশল | 1. সঠিক ফ্ল্যাশকার্ড/ছবি কার্ড দেখানো (Showing Correct Flashcards/ Picture Cards) – শিশুরা সঠিক কার্ড বেছে নেয় বা তুলে ধরে।<br>2. আঁকা ও প্রদর্শন (Draw and Show) – শিশুরা যা শিখেছে তা প্রকাশ করতে আঁকবে।<br>**উদাহরণ: "তোমার প্রিয় প্রাণীটি আঁকো।"**<br>3. ইঙ্গিত করা ও মেলানো (Point and Match) – শিশুকে সম্পর্কিত ছবির দিকে ইঙ্গিত করতে বা মেলাতে বলুন। উদাহরণ: "যে প্রাণীটি জলে থাকে, সেটা দেখাও।" |
| Movement-Based কৌশল | 1. অভিনয় করে দেখানো (Act It Out) – শিশুরা বোঝাপড়া প্রকাশ করতে ক্রিয়াকলাপ ব্যবহার করে।<br>**উদাহরণ: "আমাকে দেখাও একটি পাখি কীভাবে উড়ে।"**<br>2. বস্তু সাজানো (Sorting Objects) – শিশুরা বৈশিষ্ট্য অনুযায়ী বস্তুগুলো সাজায়।<br>**উদাহরণ: "বৃত্তাকার বস্তুগুলো এই ঝুড়িতে রাখো।"**<br>3. উঠা-বসা প্রতিক্রিয়া (Stand and Sit Responses) – হ্যাঁ হলে দাঁড়ান, না হলে বসুন।<br>**উদাহরণ: "এটি বড় বস্তু হলে দাঁড়াও।"** |

## প্রাথমিক শ্রেণী

| | |
|---|---|
| খেলাভিত্তিক কৌশল | 1. হ্যাঁ/না প্রশ্ন (Yes/No Questions) – দ্রুত বোঝাপড়া যাচাই।<br>**উদাহরণ: "১৫ কি বিজোড় সংখ্যা?"**<br>2. কল ও রেসপন্স (Call and Response) – স্মরণশক্তি ও অংশগ্রহণ বৃদ্ধি করে।<br>**উদাহরণ: "গল্পে খরগোশ কী করেছে বলো।"** |
| প্রতিফলনমূলক কৌশল | 1. আঁকো ও বলো (Draw and Tell) – শিশুরা যাওয়ার আগে যা শিখেছে তা আঁকবে এবং বলবে (Exit Ticket-এর সহজ রূপ)। উদাহরণ: "আজকের কার্যক্রমে যে একটি জিনিস তোমার ভালো লেগেছে তা আঁকো।"<br>2. সহপাঠীর সঙ্গে ভাগাভাগি (Peer Sharing) – দুইজন শিশু একে অপরের সঙ্গে যা করেছে বা শিখেছে তা ভাগ করে নেয়। |

## প্রাথমিক শ্রেণী

| | |
|---|---|
| মৌখিক কৌশল | 1. হ্যাঁ/না প্রশ্ন (Yes/No Questions) – দ্রুত বোঝাপড়া যাচাই। উদাহরণ: "১৫ কি বিজোড় সংখ্যা?"<br>**উদাহরণ: "১৫ কি একটি বিজোড় সংখ্যা?"**<br>2. কল ও রেসপন্স (Call and Response) – স্মরণশক্তি ও অংশগ্রহণ বৃদ্ধি করে। |
| দৃশ্যমান কৌশল | 1. ফ্ল্যাশকার্ড/ছবি কার্ড (Flashcards/Picture Cards) – সঠিক কার্ড চিহ্নিত বা সাজানো।<br>**উদাহরণ: "'দূষণ' বোঝায় এমন কার্ড দেখাও।"**<br>2. আঁকো ও প্রদর্শন (Draw and Show) – শিশুরা একটি ধারণা বা প্রক্রিয়া আঁকে।<br>**উদাহরণ: "জলচক্র আঁকো।"**<br>3. ইঙ্গিত করা ও মেলানো (Point and Match) – শব্দ বা সংজ্ঞা ছবির সঙ্গে মেলানো। |
| Movement-Based কৌশল | 1. অভিনয় করে দেখানো (Act It Out) – বোঝাপড়া প্রকাশ করতে রোল-প্লে ব্যবহার করুন।<br>2. বস্তু বা কার্ড সাজানো (Sorting Objects or Cards) – তথ্য শ্রেণীবদ্ধ করুন।<br>**উদাহরণ: "জীবিত এবং জড় জিনিস বাছাই করুন।"**<br>3. উঠা-বসা প্রতিক্রিয়া (Stand and Sit Responses) – পুরো শ্রেণীর দ্রুত যাচাই।<br>**উদাহরণ: "এটি যদি একটি বিশেষ্য হয়, দাঁড়াও।"** |

## প্রাথমিক শ্রেণী

| | |
|---|---|
| খেলাভিত্তিক কৌশল | 1. দ্রুত কুইজ (Quick Quiz) – সংক্ষিপ্ত ৩–৫ প্রশ্নের পুনরায় মূল্যায়ন।<br>**উদাহরণ: "জলজ প্রাণী দুইটির নাম বলো।"**<br>2. গল্প পুনঃবর্ণন / ক্রম সাজানো খেলা (Story Retell / Sequence Game) – গল্প পুনরায় বলুন বা ঘটনাগুলো সঠিক ক্রমে সাজান।<br>**উদাহরণ: "গল্পে প্রথম, পরবর্তী এবং শেষ কী ঘটেছিল?"**<br>3. চিন্তাভাবনা–জোড়া–শেয়ার (Think–Pair–Share) – প্রথমে নিজে ভাবুন, তারপর জোড়ায় আলোচনা করুন এবং ভাগ করুন।<br>**উদাহরণ: "তুমি এবং তোমার সাথীর সঙ্গে আলোচনা করো, আমাদের কেন গাছের প্রয়োজন?"** |
| প্রতিফলনমূলক কৌশল | 1. এক্সিট টিকেট (Exit Ticket) – যাওয়ার আগে যা শিখেছে তা লিখুন বা আঁকুন।<br>**উদাহরণ: "আজ তুমি যে একটি নতুন শব্দ শিখেছ তা লিখো।"**<br>2. সহপাঠী শিক্ষণ (Peer Teaching) – একজন শিশু অন্য শিশুকে বোঝায়।<br>**উদাহরণ: "এই গাণিতিক সমাধানটি তোমার বন্ধুকে বোঝাও।"**<br>3. ৩–২–১ কৌশল (3–2–1 Strategy) – শেখার উপর প্রতিফলন। উদাহরণ: "তুমি ৩টি জিনিস শিখেছ, ২টি পছন্দ করেছ, ১টি বিষয় আরও জানতে চাও তা বলো।" |

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা সহজ শব্দে যা শিখছে তা ব্যাখ্যা করতে সক্ষম হয়। | | | | |
| শিশুরা আলোচনা ও কার্যক্রম চলাকালীন আত্মবিশ্বাসের সঙ্গে প্রতিক্রিয়া দেখায়। | | | | |
| শিশুরা মৌখিক, দৃশ্যমান বা চলনভিত্তিক কাজের মাধ্যমে আগ্রহ ও উদ্দীপনা প্রকাশ করে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| আমি কার্যক্রমের শুরুতেই শেখার উদ্দেশ্য স্পষ্টভাবে উল্লেখ করেছি। | | |
| আমি শিশুরা কতটা শিখেছে তা যাচাই করার জন্য বিভিন্ন পদ্ধতি (মৌখিক, ভিজ্যুয়াল, চলাফেরা, খেলা) ব্যবহার করেছি। | | |
| আমি শিশুদের তাৎক্ষণিক এবং গঠনমূলক প্রতিক্রিয়া প্রদান করি। | | |
| আমি শিশুদের প্রতিক্রিয়া লক্ষ্য করেছি এবং শেখার ক্ষেত্রে শিশুদের কোথায় কোথায় অসুবিধা সেই বিষয়গুলো নোট করেছি। | | |
| আমি শিশুদের প্রয়োজন এবং প্রতিক্রিয়ার ভিত্তিতে আমার শিক্ষণ পদ্ধতি পরিবর্তন করেছি। | | |
| আমি শিশুদের তাদের নিজের শেখার উপর প্রতিফলন করতে (স্ব-পর্যবেক্ষণ) উৎসাহিত করেছি। | | |

# ৭ FLN মেলা: বুনিয়াদী শিক্ষার প্রদর্শনী




## FLN মেলা কী?

Foundational Literacy Numeracy মেলা হল একটি শিক্ষণ উৎসব, যেখানে শিশুরা তাদের বুনিয়াদী ভাষা ও গণিতের দক্ষতা (Foundational Literacy and Numeracy) বিভিন্ন প্রকল্প, কার্যক্রম ও উপস্থাপনার মাধ্যমে প্রদর্শন করে। এটি প্রজেক্ট-ভিত্তিক শিক্ষণের (Project-Based Learning - PBL) সঙ্গে আনন্দময় প্রদর্শনী, গল্পবলা, খেলা ও শিশুদের তৈরি মডেল-এর সমন্বয়ে গঠিত একটি উৎসব।

পাঠ্যক্রম ও বাস্তব জীবনের সঙ্গে সংযুক্ত সহজ, থিমভিত্তিক প্রকল্প তৈরি করতে।

শিশু সংসদ (Sishu Sanshad)-এর সদস্যদের নেতৃত্ব ও আয়োজনের দায়িত্বে যুক্ত করতে।

অভিভাবকদের সক্রিয় অংশীদার হিসেবে যুক্ত করে শিশুদের শিক্ষায় তাদের সম্পৃক্ততা বাড়াতে।

## কেন এটি গুরুত্বপূর্ণ?

শিক্ষকদের সহায়তা করা, যাতে তারা একটি FLN মেলা আয়োজন করতে পারেন যেখানে শিশুরা আনন্দময়, থিমভিত্তিক কার্যক্রম ও প্রকল্পের মাধ্যমে তাদের পড়া, লেখা, গণিত ও পরিবেশ শিক্ষার বিষয়েগুলি তুলে ধরতে পারে। এই মেলা অভিভাবক ও এলাকার মানুষদের যুক্ত করবে, যাতে তারা শিশুদের অগ্রগতি বুঝতে পারেন এবং একই সঙ্গে শিশুর যোগাযোগ, সহযোগিতা, সমস্যা সমাধান ও সৃজনশীলতা-এর মতো জীবনদক্ষতার (life skill) বিকাশে সহায়তা করতে পারে।

## কেন এটি গুরুত্বপূর্ণ?

- শিশুদের কি শিখেছে তা উপস্থাপনের সুযোগ দিয়ে তাদের আত্মবিশ্বাস বাড়ায়।
- অভিজ্ঞতাভিত্তিক, সক্রিয় ও সমন্বিত শিক্ষণকে উৎসাহিত করে।
- অংশগ্রহণ, সিদ্ধান্ত গ্রহণ, যোগাযোগের মতো জীবন দক্ষতা বিকাশ করে।
- স্কুল–অভিভাবক সম্পর্ক মজবুত করে।
- শিশু সংসদকে (Sishu Sanshad) গণতান্ত্রিক অংশগ্রহণ ও নেতৃত্ব অনুশীলনের সুযোগ দেয়।

## FLN মেলার কাঠামো

| | |
|---|---|
| উদ্বোধনী পর্ব | ▪ প্রধান শিক্ষক / আয়োজক দলের স্বাগত ভাষণ<br>▪ মেলার উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত আলোচনা (FLN-এর গুরুত্ব, কমিউনিটি অংশগ্রহণ, আনন্দময় শিক্ষার প্রসার) |
| প্রদর্শনী টেবিল / এক্সিবিশন কর্নার | ▪ প্রতিটি শ্রেণির জন্য অন্তত দুটি প্রদর্শনী কর্নার থাকবে, যা ছাত্রছাত্রীরা পরিচালনা করবে এবং শিক্ষক তত্ত্বাবধান করবেন। |
| খেলা ও কার্যক্রম বিভাগ | ▪ আলাদা গেম সেকশন থাকবে, যেখানে নির্বাচিত শিশুরা খেলা পরিচালনা করবে।<br>▪ সাক্ষরতা গেম: শব্দ বিঙ্গো, বর্ণমালা হপস্কচ, শব্দগুলি যোগ করুন এবং বাক্য তৈরি করুন<br>▪ সংখ্যাসূচক গেম: সংখ্যা হপ, ডাইস গেম, গণিত কুইজ |
| অভিভাবক ও এলাকার অংশগ্রহণ | ▪ অভিভাবকরা স্বেচ্ছাসেবক হিসেবে চিত্রাঙ্কন বা গল্প বলার সেশন নিতে পারেন।<br>▪ "Read with Me" কার্যক্রমে অভিভাবক ও শিশু একসাথে পড়বে।<br>▪ Parent–Child Math Challenge – বস্তু গোনা, Mental Math ইত্যাদি।<br>▪ একটি অরিয়েন্টেশন স্টল থাকবে, পরিচালনা করবেন শিক্ষক বা অভিভাবক স্বেচ্ছাসেবক, বিষয়:<br>▪ "আপনি কীভাবে বাড়ীতে শিশুদের FLN দক্ষতা বৃদ্ধির জন্য কাজ করতে পারেন।" |
| ডেমোন্সট্রেশন তাল্লেস/ এক্সিবিশন কার্নেস | ▪ শিশু, শিক্ষক ও অভিভাবকদের প্রতিফলন ভাগাভাগি<br>▪ অভিভাবকদের প্রতিক্রিয়া গ্রহণ<br>▪ ধন্যবাদ জ্ঞাপন |

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয়

## ধাপ ১ঃ মেলার জন্য থিম ওয়েবিং

### কে?

সমস্ত শ্রেণির শিক্ষকবৃন্দ এবং প্রধান শিক্ষক

### কেন?

| | | |
|---|---|---|
| শ্রেণি অনুযায়ী পরিকল্পনা ও প্রস্তুতি সুসংগঠিত হবে। | ভাষা, সংখ্যাজ্ঞান ও পরিবেশ শিক্ষা (EVS) একত্রে অর্থবহভাবে যুক্ত করা সম্ভব হবে। | দর্শকদের জন্য বৈচিত্র্য তৈরি হবে। |

### কীভাবে?

- একটি যৌথ পরিকল্পনা সভা আয়োজন করুন।
- একটি থিম ওয়েব তৈরি করুন যা ভাষা, সংখ্যাজ্ঞান এবং EVS-এর ধারণাগুলিকে সংযুক্ত করবে।
- শ্রেণি অনুযায়ী কার্যক্রম নির্ধারণ করুন — প্রতিটি শ্রেণিতে অন্তত দুটি প্রদর্শনী কর্নার থাকবে।

| | | |
|---|---|---|
| ভাষা (Language): শব্দ খেলা, গল্প বলা, ছবি দেখে বলা। | সংখ্যাজ্ঞান (Numeracy): গণনা খেলা, ধাঁধা, পরিমাপ কার্যক্রম। | EVS (পরিবেশ শিক্ষা): মডেল তৈরি, ভূমিকাভিনয়, পরিবেশ কর্নার। |

- শ্রেণি অনুযায়ী কার্যক্রমে বৈচিত্র্য নিশ্চিত করুন।
- প্রতিটি কার্যক্রম শিশুদের শেখার স্তর অনুযায়ী সাজান।




## ধাপ ২: স্পষ্ট নির্দেশনা দেওয়া

### কে করবেন?

শিক্ষকবৃন্দ এবং নির্ধারিত ছাত্রছাত্রীদের দল

### কেন?

- শিক্ষক ও শিশুদের জন্য খেলা বা প্রকল্প পরিচালনা সহজ ও সুশৃঙ্খল হবে।
- অভিভাবক ও দর্শকদের জন্য মেলাটি হবে আকর্ষণীয় ও অংশগ্রহণমূলক।

### কীভাবে?

| | | | | |
|---|---|---|---|---|
| কাজটি শ্রেণিভিত্তিকভাবে (class-wise) বৈঠক করে করুন। | প্রতিটি কার্যক্রম/ প্রদর্শনীর জন্য ধাপে ধাপে নির্দেশনা প্রস্তুত করুন। | প্রদর্শনীর সময় TLM (শিক্ষণ–শেখন উপকরণ) কীভাবে ব্যবহার করতে হয় বা খেলা কীভাবে পরিচালনা করতে হয়, তা মডেল করে দেখান। | শিশুদের সঙ্গে অনুশীলন (rehearsal) করুন যাতে তারা অভিভাবক ও দর্শকদের গাইড করতে পারে। | প্রতিটি শ্রেণির দায়িত্ব সেই শ্রেণির শিক্ষক গ্রহণ করবেন। |

## ধাপ ৩: শিশু সংসদের ভূমিকা

### কে?

শিশু সংসদের সদস্যরা + শিক্ষকবৃন্দ

### কেন?

- শিশুদের মধ্যে দায়িত্ববোধ ও নেতৃত্ব গড়ে তোলে।
- শিশু সংসদের সদস্যরা দলবদ্ধভাবে কাজ করা, দায়িত্ব নেওয়া ও যোগাযোগ দক্ষতা শেখে।

### কীভাবে?

- শিশু সংসদের সঙ্গে একটি মিটিং করুন এবং আইডিয়া শেয়ার করুন।
- মেলার প্রবাহ ও কার্যক্রম নিয়ে আলোচনা করুন।
- শিশু সংসদের সদস্যদের ভূমিকা নির্ধারণ করুন:

| | | | | |
|---|---|---|---|---|
| শিক্ষা মন্ত্রী (Education Minister) – শিক্ষণ স্টলগুলোর কার্যক্রম পরিচালনা ও নির্দেশনা দেওয়া। | স্বাস্থ্য মন্ত্রী (Health Minister) – পরিচ্ছন্নতা, পানীয় জলের ব্যবস্থা পরীক্ষা করা | শৃঙ্খলা মন্ত্রী (Discipline Minister) – প্রবেশ/ প্রস্থান ও লাইনের নিয়ন্ত্রণ, রেজিস্ট্রেশন, অভিভাবক ও অতিথিদের থেকে ফিডব্যাক নেওয়া | সাংস্কৃতিক মন্ত্রী (Cultural Minister) - অনুষ্ঠান আনুষ্ঠানিকভাবে চালানো, অতিথিদের স্বাগত জানানো | পরিবেশ মন্ত্রী (Environment Minister) – পরিবেশবান্ধব সাজসজ্জা, বর্জ্য ডাস্টবিনের ব্যবস্থা করা |

- কার্যক্রম পর্যবেক্ষণের জন্য চেকলিস্ট তৈরি করুন, যাতে অগ্রগতি ট্র্যাক করা যায়।

## ধাপ ৪: অতিথিদের জন্য আমন্ত্রণ পত্র তৈরি

### কে?

শিক্ষকবৃন্দ + নির্বাচিত শিশুরা

### কেন?

- শিশুর মধ্যে যোগাযোগ এবং লেখার দক্ষতা বৃদ্ধি পায়।
- অভিভাবক ও সম্প্রদায়কে যুক্ত করে মেলাকে আরও অর্থবহ করে তোলে।

### কীভাবে?

- হ্যান্ডমেড আমন্ত্রণপত্র / পোস্টার তৈরি করুন, যাতে থাকবে আঁকা ছবি ও সংক্ষিপ্ত বার্তা।
- বিদ্যালয় পরিদর্শক, অভিভাবক ও সম্প্রদায়ের সদস্যদের আমন্ত্রণ জানান।
- আমন্ত্রণগুলি WhatsApp গ্রুপ এবং স্কুল নোটিশ বোর্ড এর মাধ্যমে শেয়ার করুন।
- কিছু আমন্ত্রণপত্র শিশুরা ব্যক্তিগতভাবে পৌঁছে দিতে পারে, যাতে তারা দায়িত্ববোধ অনুভব করে।



## ধাপ ৫: অভিভাবক ও যত্নদাতাদের অন্তর্ভুক্ত করা

### কে?

শিক্ষকবৃন্দ + নির্বাচিত অভিভাবক

### কেন?

- স্কুল– অভিভাবকদের সহযোগিতা মজবুত করে।
- যখন অভিভাবকরা শিক্ষায় যুক্ত হন, শিশুরা গর্ব অনুভব করে।
- মেলায় সাংস্কৃতিক বৈচিত্র্য যোগ করে।

### কীভাবে?

শিক্ষকরা আগেভাগে ইচ্ছুক অভিভাবক চিহ্নিত করে তাদের সাথে যোগাযোগ করবেন।

ইচ্ছুক অভিভাবকদের গল্প বলার সেশন, লোকগল্প শেয়ার বা গল্পের বই পড়া পরিচালনার সুযোগ দিন।

কিছু অভিভাবক শিশুদের প্রদর্শনীতে সাহায্য করতে পারেন।

## মেলার শুরু হওয়ার মাথায়ে রাখুন:



সাজসজ্জা সম্পন্ন হয়েছে কি না নিশ্চিত করুন।



প্রদর্শনী ও কার্যক্রমগুলি প্রস্তুত আছে কি না নিশ্চিত করুন।



শিক্ষক, ছাত্রছাত্রী এবং স্বেচ্ছাসেবক অভিভাবক সবাই একই তথ্য ও পরিকল্পনা অনুযায়ী আছে কি না দেখুন।




প্রধান অতিথি ও অভিভাবকদের স্বাগত জানানোর ব্যবস্থা নিশ্চিত করুন।



এই প্রোগ্রামের উদ্দেশ্য সম্পর্কে সংক্ষিপ্ত বক্তৃতা প্রস্তুত করুন।



সবাইকে উৎসাহিত করুন প্রদর্শনী দেখার, শিশুদের সঙ্গে কথা বলার এবং তাদের প্রশংসা করার জন্য।

## FLN মেলার প্রস্তাবিত কার্যক্রম

| শ্রেণি | ভাষা | সংখ্যাজ্ঞান |
|---|---|---|
| প্রাক প্রাথমিক | ▪ Rhymes Corner: শিশুরা অভিনয় সহ ছড়া বলবে।<br>▪ Sand Tracing: বালিতে/মাটিতে অক্ষর লেখা।<br>▪ Alphabet Train: অক্ষর–চিত্র মিলানো (A–Apple, B–Ball)<br>▪ Drawing with parents | ▪ Counting games<br>▪ Shape Sorting: বৃত্ত, বর্গ, ত্রিভুজ আলাদা করা<br>▪ কোনটা আলাদা |
| প্রথম শ্রেণী | ▪ অক্ষর কার্ড বাছাই করা এবং একটি শব্দ বলা।<br>▪ লিখিত শব্দের সাথে ছবির কার্ড মেলানো।<br>▪ শিশুরা ছবির কার্ড ব্যবহার করে গল্প বলবে। | ▪ Number Hopscotch: মাঠে আঁকা সংখ্যায় লাফানো<br>▪ Bingo with numbers<br>▪ Number Line Game: ডাকা হলে সঠিক সংখ্যায় লাফানো |
| দ্বিতীয় শ্রেণী | ▪ Word Building Game: অক্ষরগুলো সাজিয়ে শব্দ তৈরি<br>▪ Sentence Making: শব্দ কার্ড দিয়ে সহজ বাক্য তৈরি<br>▪ Reading Tree: “Word Tree” থেকে শব্দ/বাক্য পড়া | ▪ Addition/Subtraction games<br>▪ Math Puzzle Board: মিসিং সংখ্যাগুলো পূরণ করা |
| তৃতীয় শ্রেণী | ▪ Reading Aloud Stall: প্যারাগ্রাফ/কবিতা পড়া<br>▪ Word Ladder: পূর্ববর্তী শব্দের শেষ অক্ষর দিয়ে নতুন শব্দ তৈরি<br>▪ Story Sequencing: ছবি কার্ডগুলো ধারাবাহিকভাবে সাজানো | ▪ Measurement Station: দৈর্ঘ্য অনুমান ও পরিমাপ (দড়ি/রুলার)<br>▪ Count and clap for multiples of 2 or 3<br>▪ Create/solve patterns |
| চতুর্থ শ্রেণী | ▪ Creative Writing Wall: সংক্ষিপ্ত গল্প/কবিতা প্রদর্শন<br>▪ বিতর্ক কর্নার<br>▪ গল্পের বর্ণনা | ▪ Fraction Pizza: কাগজের পিৎজা কাট আকারে ভগ্নাংশ দেখানো<br>▪ Math Quiz: চারটি গণিত ক্রিয়ার দ্রুত প্রশ্নোত্তর<br>▪ Math Word Problem Corner: বাস্তব জীবন সমস্যা সমাধান |

**নোট: আরও খেলা ও কার্যক্রমের জন্য FLN হ্যান্ডবুক দেখুন।**

# কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত সময়সীমা

| ধাপ | সময়সীমা |
|---|---|
| মেলার জন্য থিম ওয়েবিং | ৩ - ৪ দিন |
| ছাত্র ছাত্রী ও শিশু সংসদের সঙ্গে পরিকল্পনা | ৩ - ৪ দিন |
| প্রকল্প প্রস্তুতি, কার্যক্রম/খেলা পরিকল্পনা | ১ সপ্তাহ (একদিন পরপর চেক-ইন) |
| FLN মেলা (প্রদর্শন ও শেয়ারিং) | ১ - ২ দিন |

# শিক্ষকদের জন্য নোট

**সম্ভব হলে পরিবারকে যুক্ত করুন: উপকরণ সংগ্রহ, জ্ঞান ভাগাভাগি (যেমন—কৃষক বা দর্জি পিতা-মাতা)।**

**স্কুল সাজানোর জন্য শুধুমাত্র শিশুদের তৈরি কাজ ব্যবহার করুন।**

**এই মেলার প্রধান উদ্দেশ্য হলো শিশুদের মধ্যে FLN দক্ষতা বৃদ্ধির জন্য স্কুল কর্তৃক নেওয়া সমস্ত উদ্যোগ প্রদর্শন করা।**

**প্রতিটি শ্রেণিতে শিশুরা দলবদ্ধভাবে অভিভাবকের সঙ্গে কার্যক্রম/খেলা পরিচালনা করবে।**

**স্কুলের ক্ষমতা অনুযায়ী পরিকল্পনাটি কাস্টমাইজ করুন।**

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুদের সৃজনশীলতা ও ধারণা প্রদর্শন করা। | | | | |
| শিশুদের লেখায় কথা বলার ধরনে উন্নতি দেখা যায়। | | | | |
| শিশুদের যুগল বা দলের মধ্যে সহযোগিতা করা। | | | | |
| শিশুদের তাদের শেখার উপর প্রতিফলন করা। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | শিক্ষকের চিন্তা ভাবনা | শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
| --- | --- | --- | --- | --- |
| এই FLN মেলায় কোনটা ভালো কাজ করেছে? | | আমি কি মেলার পরিকল্পনায় শিশুদের সম্পৃক্ত করেছি? | | |
| শিশুরা কোনটা সবচেয়ে বেশি উপভোগ করেছে? | | শিশু সংসদ কি সক্রিয় দায়িত্ব নিয়েছিল? | | |
| একজন শিক্ষক হিসেবে আমাকে কী অবাক করেছে? | | আমি কি অভিভাবক/ সম্প্রদায়ের অংশগ্রহণকে উৎসাহিত করেছি? | | |
| অভিভাবকদের প্রতিক্রিয়া কী ছিল? | | আমি কি শিশুদের প্রচেষ্টা এবং ফলাফল উভয়ই উদযাপন করেছি? | | |

# ৮ লেখার মাধ্যমে শিশুদের কল্পনাশক্তি ও সৃজনশীল ভাবনার বিকাশ

### সৃজনশীল লেখা বা Creative Writing বলতে কী বোঝায়?

সৃজনশীল লেখা হলো এমন একটি দক্ষতা, যার মাধ্যমে শিশুরা তাদের ভাবনা, অনুভূতি এবং কল্পনা প্রকাশ করতে পারে। এতে তারা ছোট গল্প, কবিতা, চিঠি বা কোনো ঘটনা লিখতে পারে। যা তারা কোনো ছবি, নির্দেশনা বা ব্যক্তিগত অভিজ্ঞতার ব্যবহার করে তৈরি করতে পারে।

### সৃজনশীল লিখন দক্ষতা কেনো গুরুত্বপূর্ণ?

- এটি শিশুদের সাহায্য করে সহজ ও স্বাধীনভাবে তাদের ভাবনা লেখার মাধ্যমে প্রকাশ করতে।
- শব্দভান্ডার, বানান এবং বাক্য গঠন উন্নত করে।
- এটি কল্পনা শক্তি বাড়াতে এবং নতুনভাবে চিন্তা করতে সাহায্য করে, যাতে শিশু আরও চিন্তাশীল হয়ে ওঠে।
- এটি আত্মবিশ্বাস বাড়াতে এবং যোগাযোগের দক্ষতা উন্নত করতে সাহায্য করে।
- এটি শেখাকে মজার করে তোলে এবং বাস্তব জীবনের অভিজ্ঞতার সঙ্গে যুক্ত করে।
- গল্প বলা, চরিত্রায়ন এবং পরিবেশনার মতো বর্ণনামূলক দক্ষতা বিকাশ করে।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

প্রাথমিক সাক্ষরতার ভীত মজবুত করতে সৃজনশীল লেখাকে প্রতিদিনের শ্রেণীকক্ষের কার্যক্রমের সাথে যুক্ত করা।

শিক্ষকদের সাহায্য করা যাতে তারা শিশুদের জন্য গাইডেড এবং স্বাধীন লেখার কার্যক্রম তৈরি করতে পারে।

শিশুদের ভাষা, জ্ঞানীয় এবং মানসিক বিকাশের সুযোগ তৈরি করা।

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয় পদক্ষেপ

## ধাপ ১: সৃজনশীল লেখার কার্যক্রমের জন্য পরিকল্পনা

### কেন?

একটি সু-প্রস্তুত সেটআপ সক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করে।

### কীভাবে?

- সমস্ত শিক্ষক/শিক্ষিকাদের সাথে একটি মিটিংয়ের সময় ঠিক করুন।
- উদ্দেশ্য শেয়ার করুনঃ শিশুদের সৃজনশীল লেখার গুরুত্ব বোঝানো এবং শ্রেণিকক্ষের পাঠ পরিকল্পনায় এটি সংযুক্ত করার সুযোগ চিহ্নিত করা।
- শ্রেণিকক্ষের পাঠ পরিকল্পনায় সৃজনশীল লেখার জন্য উপযুক্ত কার্যক্রম নির্বাচন করা।

**গল্প লেখা (Story Writing):**
শিশুদের উৎসাহিত করা মূল গল্প তৈরি করতে, যার মধ্যে থাকবে চরিত্র, পরিবেশ এবং কাহিনির গঠন।

**কবিতা লেখা (Poetry Writing):**
সহজ কবিতা লেখা বা গঠিত কবিতার ফর্ম ব্যবহার করে অনুভূতি ও ধারণা প্রকাশ করা।

**ছবি-ভিত্তিক লেখা (Picture-Based Writing):**
ছবি ব্যবহার করে বর্ণনামূলক ও কল্পনাপ্রসূত লেখা অনুপ্রাণিত করা।

**গল্প সম্পূর্ণ করা:**
সৃজনশীলভাবে সম্পূর্ণ করার জন্য শিশুদের অর্ধেক গল্প বলা।

**নিজের ভাবনা ও অভিজ্ঞতা ডায়েরিতে লেখা:**
নিজের অনুভূতি ও দৈনন্দিন অভিজ্ঞতা লিখে রাখার মধ্যে দিয়ে প্রকাশের দক্ষতা বাড়ানো।

**দলগত লেখা:**
গল্প বা নাটকের সংলাপ তৈরি করতে দলগত ভাবে কাজ করতে দেওয়া, যা তাদের নিজের মধ্যে সহযোগিতা এবং সৃজনশীলতা বাড়ায়।

**নাটক ও সংলাপ লেখা:**
কথোপকথনের ভাষা চর্চা করার জন্য ছোট নাটক বা সংলাপ তৈরি করা।

## ধাপ ২: গাইডেড লেখা দিয়ে শুরু করা

### কেন?

একটি নির্দিষ্ট কাঠামো ও সহায়তা প্রদান করা, যা শিশুদের বুঝতে সাহায্যে করে কিভাবে লেখা শুরু করতে হয়।

### কীভাবে?

| | | | | | |
|---|---|---|---|---|---|
| কোনো বিষয়ের পরিচয় দিতে একটি ছবি বা সংক্ষিপ্ত আলোচনার দিয়ে শুরু করুন। | লেখার জন্য উদ্দেশ্য এবং শ্রোতা দিন বা নির্ধারণ করুন। | লেখা শুরু করার জন্য শিশুদের উদাহরণ দিন:<br>• "যদি আমার কাছে একটি জাদুকরী পেন্সিল থাকত…"<br>• "একদিন একটি বৃষ্টিভেজা সকালে…"<br>• "আমার প্রিয় জায়গা হলো…" | কীভাবে লিখতে হয় তা ২–৩ লাইন লিখে দেখান। | শিশুদের উৎসাহিত করুন যাতে তারা নিজের ভাষায় লেখাটি শেষ করে। | শুধুমাত্র সঠিকতার উপর মনোযোগ না দিয়ে , ভাবনাকে প্রশংসা করুন। |

## ধাপ ৩: শিশুদের স্বতন্ত্র লেখার দিকে ধাপে ধাপে নিয়ে যাওয়া

### কেন?

স্বাধীনভাবে আত্মবিশ্বাসের সঙ্গে ভাব প্রকাশ করতে সাহায্য করে।

### কিভাবে?

- যখন শিশুরা বুঝে যাবে কীভাবে শুরু করতে হয়, তখন তাদের  বিষয় বেছে নেওয়ার সুযোগ দিন।
- শিশুদেরকে তাদের বাস্তব জীবনের অভিজ্ঞতা, স্বপ্ন বা নিজের কল্পনার বিষয় নিয়ে লিখতে উৎসাহিত করুন।
- শিশুদের এককভাবে সহায়তা করুন।
- শিশুদের সব প্রচেষ্টাকে স্বাগত জানান—নিখুঁত হওয়ার চেয়ে সৃজনশীলতাকে গুরুত্ব দিন।
- উদাহরণ - সৃজনশীল লেখার প্রম্পট

| | | |
|---|---|---|
| তুমি একদিন ঘুম থেকে উঠে দেখলে তোমার জোড়া ডানা। তুমি প্রথমে কোথায় যাবে এবং সেখানে কী করবে তা লিখো। | তুমি জঙ্গলে হারিয়ে গেছো। এবার তুমি কি করবে তা লিখো | তুমি জঙ্গল সাফারিতে আছো। তুমি তোমার সামনে একটা বাঘ দেখতে পাও। তুমি কী করবে? |

## ধাপ ৪: লেখা ভাগ করে নেওয়া

### কেন?

শিশুদের উৎসাহিত করে এবং তাদের প্রচেষ্টায় আত্মবিশ্বাস বাড়ায়।

### কীভাবে?

- বিদ্যালয়ের সাধারণ স্থানে একটি ওয়াল ম্যাগাজিন বা 'সৃজনশীল কোণ' তৈরি করুন।
- শিশুদের ছোট দলে ভাগ করে তাদের লেখা পড়তে দিন।
- প্রতি সপ্তাহে ২–৩টি লেখা প্রদর্শন করুন এবং নিয়মিত সেগুলো পরিবর্তন করুন।
- মিলিতভাবে পড়া এবং সৃজনশীল লিখনের জন্য একটি দিন আয়োজন করুন।



## ধাপ ৫: মূল্যায়ন ও পরবর্তী পদক্ষেপ

### কেন?

সময়ের সাথে সাথে শিশু এবং শিক্ষকদের অগ্রগতি দেখতে সাহায্য করে।

### কীভাবে?

চিন্তাশীল প্রশ্ন করুন:

- "আজ কোন বিষয়টি লিখতে গিয়ে তুমি সবচেয়ে আনন্দ পেয়েছ?"
- "কোন শব্দ বা ধারণাটি তোমার সবচেয়ে বেশি পছন্দ হয়েছে?"

শিশুদের কথা বলার দক্ষতা এবং আত্মবিশ্বাসের উন্নতি লক্ষ্য করুন।

নিয়মিতভাবে ভাষার ক্লাসে এবং মাঝে মাঝে আনন্দ পরিসরের সময় সৃজনশীল লেখার কার্যক্রম পরিকল্পনা করুন।

## সৃজনশীল লেখাকে নিয়মিত স্কুল কার্যক্রমে নিম্নলিখিতভাবে যুক্ত করা যেতে পারে:

| সময় | প্রসঙ্গ অনুযায়ী যুক্ত করার পদ্ধতি |
|---|---|
| ভাষার ক্লাসের সময় | প্রতি সপ্তাহে ১৫–২০ মিনিট সময় বেছে নিন, যেখানে শিশুরা কোনো প্রম্পট, ছবি বা শ্রেণীকক্ষের অভিজ্ঞতার ওপর নির্দেশিত বা স্বাধীনভাবে লিখবে। |
| গল্প পাঠের কার্যক্রমের পর | শিশুদেরকে গল্পের শেষটা আলাদা ভাবে লিখতে বলুন, গল্পের কোনো চরিত্র নিয়ে লিখতে বলুন, অথবা গল্প থেকে তারা যা শিখেছে তা নিয়ে একটি ছোট অনুচ্ছেদ লিখতে বলুন। |
| সকালের প্রার্থনা অথবা সার্কেল টাইম - এর সময় | শিশুদের উৎসাহ দিন তাদের লেখা ছোট কবিতা, ছড়া বা 'আজকের দিনের চিন্তাভাবনা' ভাগ করে নিতে।" |
| পরিদর্শণ বা কোনো বিশেষ অনুষ্ঠানের পর | শিশুদের কয়েকটি বাক্য বা ছোট গল্পের আকারে তাদের নিজের অভিজ্ঞতা বর্ণনা করতে বলুন। |
| অঙ্কন ও শিলপকলা ক্লাসের সময় | শিশুরা তাদের আঁকা ছবি বর্ণনা করার জন্য কয়েকটি বাক্যে লিখবে। |
| সাপ্তাহিক মূল্যায়ন বা Journal লেখা | শিক্ষার্থীদের উৎসাহিত করুন একটি সংক্ষিপ্ত "আমার ভাবনা" জার্নাল রাখা, যেখানে তারা নিজের মত করে লিখতে পারে। |

## মনে রাখার বিষয়সমূহ

ছোট ও মজার প্রম্পট দিয়ে শুরু করুন; ধীরে ধীরে বড় লেখার দিকে এগিয়ে নিয়ে যান।

যারা নতুন লিখতে শিখছে, তাদের লেখার সঙ্গে ছবি আঁকতেও উৎসাহ দিন।

প্রতিটি শিশুর প্রচেষ্টাকে প্রশংসা করুন—তুলনা এড়িয়ে চলুন।

মৌখিক গল্প বলার বা সহায়ক লেখার কার্যক্রমের মাধ্যমে বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদেরকেও যুক্ত করুন।

শিশুদের লেখা নিয়মিত প্রদর্শন করুন এবং উদযাপন করুন।



সেশনটি সংক্ষিপ্ত (১৫–২০ মিনিট) রাখুন, তবে তা অর্থপূর্ণ করুন।

## বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| ধাপ | সময় প্রয়োজন |
|---|---|
| প্রস্তুতি (উপকরণ, প্রম্পট, পরিকল্পনা) | ৩ - ৪ দিন |
| গাইডেড ও স্বতন্ত্র লেখা অনুশীলন | সাপ্তাহিক ২টি ক্লাস |
| লেখা নিয়ে আলোচনা করা | সাপ্তাহিক আবর্তন |

**বাস্তবায়ন সম্পন্না হওয়ার পর , এই MIP সারা বছরব্যপি চলমান থাকবে*

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা ছোট সৃজনশীল লেখার চেষ্টা করে (বাক্য, গল্প বা অনুচ্ছেদ)। | | | | |
| শিশুরা তাদের লেখা দিয়ে ধারণা ও অনুভূতি প্রকাশ করে। | | | | |
| শিশুরা অর্থপূর্ণ এবং ব্যাকরণগতভাবে সঠিক বাক্য গঠন করে। | | | | |
| শিশুরা লেখার কার্যক্রমে আগ্রহ ও আনন্দ দেখায়। | | | | |
| শিশুদের শব্দভাণ্ডার এবং কল্পনা শক্তি সময়ের সঙ্গে ধীরে ধীরে বাড়তে থাকে। | | | | |
| শিশুরা লিখন দেওয়াল, প্রদর্শন বা সাজানোর কাজে অংশগ্রহণ করে। | | | | |
| শিশুরা অন্যদের লেখা মন দিয়ে শুনে এবং তার প্রশংসা করে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
|---|---|---|
| এই সপ্তাহে আমি কি অন্তত একটি সৃজনশীল লেখার সেশন পরিচালনা করেছি? | | |
| আমি কি শিশুদের উৎসাহিত করতে কোনো প্রম্পট, চিত্র বা গল্পের সূচনা ব্যবহার করেছি? | | |
| আমি কি শিশুদের কাজকে প্রশংসা করেছি এবং তা প্রদর্শন করেছি? | | |
| সকল শিশু, বিশেষ চাহিদাসম্পন্ন শিশু সহ, কি অংশগ্রহণ করেছে? | | |
| আমি কি শিশুদের তাদের লেখা পড়তে বা শেয়ার করতে উৎসাহিত করেছি? | | |
| আমি কি শিশুদের গাইডেড এবং স্বাধীন উভয় ধরনের লেখার সুযোগ দিয়েছি? | | |
| আমি কি শিশুদের বাক্য গঠন বা ধারণা প্রকাশে উন্নতি লক্ষ্য করেছি? | | |

# ৯ মনোযোগ আকর্ষণ ও উদ্দীপনামূলক কার্যক্রম: আনন্দময় ও মনোযোগী শ্রেণিকক্ষ গঠন



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শিক্ষকদের সক্ষম করে তোলা যাতে তারা শ্রেণিকক্ষের পরিবেশ কার্যকরভাবে **পরিচালনার জন্য মনোযোগ আকর্ষণকারী ও উদ্দীপনামূলক** কার্যক্রমগুলিকে সহজ উপকরণ হিসেবে ব্যবহার করতে পারেন।

SEP 2023-এর দৃষ্টিভঙ্গির সঙ্গে সামঞ্জস্য রেখে **আনন্দময় ও অন্তর্ভুক্তিমূলক শ্রেণিকক্ষ প্রচার করা।**

শিশুদের মধ্যে **মানসিক সুস্থতা, শান্ত মনোযোগ, ও আত্মনিয়ন্ত্রণের** বিকাশ ঘটানো।

**ইতিবাচক, ধারাবাহিক ও শিশুকেন্দ্রিক শ্রেণিকক্ষ চর্চার** মাধ্যমে শিক্ষার্থীদের সম্পৃক্ততা বজায় রাখা।

## মনোযোগ আকর্ষণ ও উদ্দীপনামূলক কার্যক্রম কি?

**মনোযোগ আকর্ষণকারী (Attention Grabbers)** হলো দ্রুত, ধারাবাহিক ও মজার সংকেত — মৌখিক, দৃষ্টিনির্ভর বা অঙ্গভঙ্গিভিত্তিক — যা শিক্ষকরা শিশুদের মনোযোগ ফেরাতে ও শৃঙ্খলা বজায় রাখতে ব্যবহার করেন, চিৎকার বা শাস্তি ছাড়াই। এতে থাকতে পারে ছন্দময় তালি, ছোট ছড়া বা সংলাপ, আকর্ষণীয় শব্দ বা বাক্যাংশ যা শিশুরা যোগ করে বা পুনরাবৃত্তি করে, অথবা সহজ অঙ্গভঙ্গি যা শিশুদের থামা, দেখা ও শোনার সংকেত দেয়।

উদাহরনঃ

"১-২-৩, আমার দিকে চোখ!" / "১-২, তোমার দিকে চোখ!"

শিক্ষক নীরবে হাত তোলেন — শিশুরা অঙ্গভঙ্গিটি প্রতিফলিত করে।

"হোকাস পোকাস" / "সবাই ফোকাস।"



**উদ্দীপনাকারী কার্যক্রম (Energizers)** হলো ছোট, খেলাধুলাভিত্তিক, চলনভিত্তিক, দ্রুত সম্পন্ন হওয়া ক্রিয়াকলাপ বা ছন্দযুক্ত কার্যক্রম (১–২ মিনিট), যা মনোযোগ পুনরুজ্জীবিত করতে, শক্তি পরিচালনা করতে এবং শিশুকে শেখার জন্য প্রস্তুত করতে সাহায্য করে। এগুলো সাধারণত পাঠের মধ্যে, দীর্ঘ সময় বসার পর, বা মনোযোগ কেন্দ্রিক কার্যক্রমের আগে করা হয়।

উদাহরণ:

“স্ট্রেচ ও ফ্রিজ” (Stretch and Freeze)

“হাত নাড়ো এবং ১০ পর্যন্ত গণনা করো” (Shake your hands and count till 10)

Animal Walks — খরগোশের মতো লাফানো

## মনোযোগ আকর্ষণকারী ও উদ্দীপনাকারী কার্যক্রম কেন গুরুত্বপূর্ণ?

ছোট শিক্ষার্থীদের মনোযোগ সময় সীমিত থাকে — মনোযোগ আকর্ষণকারী কার্যক্রম শিশুরা দ্রুত পুনরায় মনোযোগ কেন্দ্রীভূত করতে সাহায্য করে, ছোট, আকর্ষণীয় ও সক্রিয় চক্রের মাধ্যমে।

আবেগিক নিরাপত্তা ও পূর্বানুমেয় রুটিন গড়ে তোলে, যা শিশুদের নিরাপদ ও পরিবর্তনের জন্য প্রস্তুত বোধ করায়।

নিজ-স্ব নিয়ন্ত্রণ ও ইতিবাচক শৃঙ্খলা উৎসাহিত করে, শিশুকে সংকেতের মাধ্যমে নিজেকে নিয়ন্ত্রণ করতে শেখায়।

শিক্ষাদানের সময় বাঁচায় এবং ক্লান্তি কমায়, শিক্ষককে শুধুমাত্র পাঠদানের দিকে মনোযোগ দিতে সাহায্য করে, নয়তো শুধু শব্দ বা আচরণ নিয়ন্ত্রণে ব্যস্ত থাকতে হয়।

চলন, ছন্দ এবং সংযোগের মাধ্যমে আনন্দময় শেখাকে উৎসাহিত করে, যা প্রাথমিক বয়সের শিক্ষায় অত্যন্ত গুরুত্বপূর্ণ।

বহু-ইন্দ্রিয় কৌশল (শব্দ, চলন, দৃশ্য) ব্যবহার করে অন্তর্ভুক্তি সমর্থন করে, যা সব শিক্ষার্থীর জন্য প্রাপ্তযোগ্য।

# কার্যকর বাস্তবায়নের নির্দেশিকাঃ

## ধাপ ১: উপযুক্ত সংকেত ও উদ্দীপনাকারী কার্যক্রম নির্বাচন

### মূল বিষয়সমূহ:

ছোট, ছন্দময়, দৃশ্যমান বা স্থানীয় প্রেরণামূলক সংকেত বেছে নিন যা শিশুরা দ্রুত চিনতে পারে এবং প্রতিক্রিয়া দেখাতে পারে।

বিভিন্ন পরিস্থিতির প্রয়োজন অনুযায়ী শান্ত সংকেত (quiet signals - e.g., hand up, clap pattern) এবং সক্রিয় সংকেত (active signals - e.g., stretching, jumping) অন্তর্ভুক্ত করুন।

ছোট শিশুদের জন্য দৃশ্যমান বা শব্দ সংকেত সবচেয়ে কার্যকর; বড় শিশু কল-এন্ড-রেসপন্স প্যাটার্নে প্রতিক্রিয়া দিতে পারে।

নিশ্চিত করুন যে ইঙ্গিতগুলি ইতিবাচক, কৌতুকপূর্ণ এবং শিশুরা যাতে ভয় না পায়।

উদাহরণ:

তালি বাজানোর প্যাটার্ন: **"তালি, তালি—সব প্রস্তুত!"**

ছোট ছড়া: **"এক ছোট বিরতি, তারপর আবার শেখা!"**

সহজ অঙ্গভঙ্গি: **জাদুকরী হাত, হাত তুলে দেখানো, ভিজুয়াল কার্ড দেখানো**

## ধাপ ২: শিশুদের সঙ্গে পরিচয় করানো এবং চর্চা করা

### মূল বিষয়সমূহ:

প্রতিটি সংকেত স্পষ্টভাবে ব্যাখ্যা করুন: "আমি যখন এটি করব, তুমি এটি করবে!"

২–৩ দিন ধরে একসাথে চর্চা করুন যতক্ষণ না প্রতিক্রিয়াগুলো স্বয়ংক্রিয় হয়ে যায়।

শেখাকে আকর্ষণীয় করতে রোল-প্লে এবং নাট্যায়ন ব্যবহার করুন।

সঠিক প্রতিক্রিয়াগুলোকে প্রশংসা ও স্বীকৃতির মাধ্যমে দৃঢ় করুন।

উদাহরণ:

**একবারে একটি সংকেত পরিচয় করান, ছোট পোস্টার বা ভিজুয়াল কার্ড ব্যবহার করে।**

## ধাপ ৩ঃ ধারাবাহিকতা ও আনন্দময় ব্যবহার নিশ্চিত করা

### উদাহরণ:

রুটিন স্থাপন করতে একই সংকেত নিয়মিত ব্যবহার করুন।

নির্দিষ্ট সময়ে উদ্দীপনাকারী কার্যক্রম (Energizers) পরিচয় করান, যেমন: খাবার পর, গল্প বলার আগে, বা লেখার কার্যক্রমের পর।

একঘেয়েমি এড়াতে ৩-৪টি মনোযোগ আকর্ষণকারী সংকেত পর্যায়ক্রমে ব্যবহার করুন।

কখনও সংকেতকে শাস্তি হিসেবে ব্যবহার করবেন না; ইতিবাচক, কৌতুকপূর্ণ মেলামেশা বজায় রাখুন।

এক্সাম্পলস/আইডিয়াস:

“জাদুকরী হাত!” (শিশুরা হাত তুলে চুপচাপ থাকে)

“গাছের মতো স্ট্রেচ করো!” (শিশুরা কাজ পুনরায় শুরু করার আগে স্ট্রেচ করে)



## মনোযোগ আকর্ষণকারী ও উদ্দীপনাকারী কার্যক্রমের ব্যবহার বাড়ানোর উপায়ে

| | | |
|---|---|---|
| **প্রতিফলন ও অভিযোজন** | ▪ শিশুদের energy ও উদ্দীপনার ধরণ পর্যবেক্ষণ করুন এবং উদ্দীপনাকারীর পরিকল্পনা করুন।<br>▪ যদি কোনো সংকেত তার প্রভাব হারায়, নতুন সংকেত একসাথে তৈরি করুন।<br>▪ বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য অঙ্গভঙ্গি, ভিজুয়াল বা স্পর্শকাত্বিক সংকেত ব্যবহার করে অভিযোজিত করুন।<br>▪ সহকর্মী বৈঠকে আপনার প্রতিফলন ভাগ করুন। | ▪ দুপুরের খাবারের পর শিশুরা চঞ্চল হয় → “জাম্পিং জ্যাক্স” উদ্দীপনাকারী কার্যক্রম করতে পারেন।<br>▪ তালি বাজানোর প্যাটার্ন প্রভাব হারালে → শিশুরা “ম্যাজিক ফ্রিজ” খেলা প্রস্তাব করতে পারে।<br>▪ শ্রবণ সমস্যাযুক্ত শিশুদের জন্য → হাত তোলা ভিজুয়াল কার্ড ব্যবহার করুন। |
| **অন্তর্ভুক্তি ও বৈচিত্র্য** | ▪ এমন সংকেত ব্যবহার করুন যা সকল শিশু অনুসরণ করতে পারে, ভাষা, সক্ষমতা বা পটভূমি নির্বিশেষে।<br>▪ সার্বজনীন অঙ্গভঙ্গি অন্তর্ভুক্ত করুন (হাত তালি, স্ট্রেচ, ভিজুয়াল)।<br>▪ শিশুরা আত্মবিশ্বাসী হলে তাদের নেতৃত্ব দিতে দিন। | ▪ উদাহরণ: সকলের জন্য “গাছের মতো স্ট্রেচ” উদ্দীপনাকারী কার্যক্রম।<br>▪ শিশুটি শ্রেণী নেতৃত্বে “ফ্রিজ অ্যান্ড গো” খেলায় অংশ নেয়, যা আত্মবিশ্বাস বাড়ায়। |
| **আপনার রুটিনের অংশ বানান** | ▪ কার্যকর সংকেতগুলি স্টাফ মিটিংয়ে ভাগ করুন, নতুন শিক্ষকদের জন্য মডেল হিসেবে দেখান।<br>▪ সবচেয়ে কার্যকর মনোযোগ আকর্ষণকারী সংকেতগুলো দৈনন্দিন সময়সূচি বা সমাবেশে অন্তর্ভুক্ত করুন। | ▪ সকাল সেশনে: “তালি, তালি—সব প্রস্তুত!” দিয়ে শুরু করুন।<br>▪ খেলাধুলার পরে: শিশুরা শান্ত হয়ে পুনরায় মনোযোগ কেন্দ্রীভূত করতে “গাছের মতো স্ট্রেচ” ব্যবহার করুন। |

## মনে রাখার বিষয়সমূহ

মনোযোগ আকর্ষণকারী ও উদ্দীপনাকারী কার্যক্রম শ্রেণিকক্ষকে শান্ত করতে সাহায্য করে, কঠোর করতে নয়।

প্রশংসা, সহানুভূতি এবং ধারাবাহিকতার সঙ্গে মিলিয়ে ব্যবহার করলে সবচেয়ে কার্যকর হয়।

শিক্ষকরা সহজ প্রতিফলন লগ ব্যবহার করে শিশুদের আচরণগত পরিবর্তন নথিভুক্ত করতে পারেন।

প্র্যাকটিস বজায় রাখতে প্রতি স্টাফ মিটিংয়ে "মাসের নতুন উদ্দীপনাকারী কার্যক্রম বা সংকেত" ভাগ করুন।

## মনোযোগ আকর্ষণকারী উদাহরণ

| সংকেত | উদ্দেশ্য | প্রস্তাবিত সময় |
|---|---|---|
| **হাত ধরে মন দিয়ে শোনো** | শিশুদের দৃষ্টি আকর্ষণ করুন এবং শিক্ষকের উপর মনোযোগ | সেশনের শুরুতে অথবা নির্দেশের আগে |
| **আমি বলি, তুমি বলো** | সক্রিয় শোনার জন্য উৎসাহিত করা | পাঠ বা গ্রুপে পাঠ পুনঃউচ্চারণের সময় |
| **১, ২, ৩, ৪ মন দিয়ে সবাই শুনি এবার** | শিশুর মনোযোগ দ্রুত পরিচালনা করা | কার্যক্রমের মধ্যে পরিবর্তনের সময় |
| **হাত উঠলেই বন্ধ কথা** | চুপ থাকা ও মনোযোগ কেন্দ্রীভূত করা | একক কাজ বা নির্দেশ দেওয়ার আগে |
| **স্ট্যাচু হয়ে সবাই তাকাও আমার দিকে** | মজা ও আকর্ষণীয়ভাবে মনোযোগ ফিরিয়ে আনা | সক্রিয় খেলা বা PE কার্যক্রমের পরে |

## উদ্দীপনাকারী কার্যক্রমের উদাহরণ

| সংকেত | উদ্দেশ্য | প্রস্তাবিত সময় |
|---|---|---|
| **একটি গাছের মত নিজেকে প্রসারিত করো।** | মনকে শান্ত করা এবং মনোযোগের জন্য প্রস্তুতি | দীর্ঘ সময় বসার পর বা লেখার/গল্পের আগে |
| **প্যাটার্ন অনুসরণ করে হাত তালি দাও ১ - ২ - ১২৩** | শক্তি বৃদ্ধি ও অংশগ্রহণ বাড়ানো | বিরতি বা কার্যক্রমের মধ্যে |
| **গান ও নাচ (Short song & dance)** | শক্তি নিঃসরণ, মনোযোগ পুনরুজ্জীবিত | খেলার পরে বা কার্যক্রমের পরিবর্তনের আগে |
| **পশুর অভিনয় করি (Animal Moves)** | মজা; কল্পনা + নড়াচড়া | খাবার বা দীর্ঘ সময় বসার পরে |
| **হাততালি দাও, থামো, লাফাও (Clap, Stop, Jump!)** | সম্পূর্ণ শরীরের অংশগ্রহণ ও সমন্বয়; মনোযোগ ফিরিয়ে আনা | গল্প বা শ্রেণিকক্ষ কার্যক্রমের পরে |

## কার্যক্রম বাস্তবায়নের প্রস্তাবিত সময়সীমা

| ধাপ | সময়সীমা |
| --- | --- |
| মনোযোগ আকর্ষণকারী ও উদ্দীপনাকারী কার্যক্রম বোঝা এবং নির্বাচন করা | ১ সপ্তাহ |
| শ্রেণিকক্ষে বাস্তবায়ন | ৩–৪ সপ্তাহ |
| পর্যবেক্ষণ এবং প্রতিফলন | ৪ সপ্তাহের মধ্যে চলমান |
| সংযুক্তকরণ ও পর্যালোচনা | মাসের শেষে |

## প্রত্যাশিত ফলাফল

| সূচক | দৃশ্যমান পরিবর্তন |
| --- | --- |
| শিক্ষকরা নিয়মিত অ-মৌখিক (Non Verbal) বা খেলাধুলাভিত্তিক মনোযোগ সংকেত ব্যবহার করেন | শ্রেণীকক্ষে ভিজিটের সময় পর্যবেক্ষণ করা যায় |
| শিশুদের সংকেতে দ্রুত ও শান্তভাবে প্রতিক্রিয়া দেখানো | ৩–৫ সেকেন্ডের মধ্যে প্রতিক্রিয়া |
| বিশৃঙ্খলা কমে গেছে এবং কার্যক্রমের পরিবর্তন মসৃণভাবে হচ্ছে | শিক্ষক পর্যবেক্ষণ এবং সহকর্মীর মূল্যায়নের মাধ্যমে দেখা যায় |
| মনোযোগ বৃদ্ধি ও আনন্দময় শ্রেণিকক্ষ পরিবেশ | শিশুদের সম্পৃক্ততা এবং অংশগ্রহণে প্রতিফলিত হয় |
| শিক্ষকরা কৌশলগুলি ভাগ করে নেন এবং সহযোগিতামূলকভাবে অভিযোজিত করেন | চলমান সহকর্মী শেখার সেশনগুলিতে দেখা যায় |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
| --- | --- | --- |
| আমি আমার শ্রেণীর জন্য উপযুক্ত অন্তত ৩টি মনোযোগ আকর্ষণকারী এবং ২টি উদ্দীপনাকারী কার্যক্রম চিহ্নিত ও পরিচয় করিয়েছি। | | |
| আমি পরিস্থিতির পার্থক্য বুঝতে পারি — কখন মনোযোগ আকর্ষণকারী প্রয়োজন (মনোযোগ ফেরানোর জন্য) এবং কখন উদ্দীপনাকারী কার্যক্রম (শক্তি পুনরুজ্জীবিত করার জন্য)। | | |
| আমি নিয়মিত মনোযোগ আকর্ষণকারী ও উদ্দীপনাকারী কার্যক্রম ব্যবহার করি (প্রতিদিন ২–৩ বার বা প্রয়োজন অনুযায়ী)। | | |
| আমি সকল শিশুকে অন্তর্ভুক্ত করতে সংকেতগুলো অভিযোজিত বা পরিবর্তন করি (ভিজুয়াল, অঙ্গভঙ্গি, স্থানীয় ভাষা বা স্পর্শকাতিক সহায়তা ব্যবহার করে)। | | |
| আমি কার্যকর মনোযোগ আকর্ষণকারী বা উদ্দীপনাকারী কার্যক্রম আমার সহকর্মীদের সঙ্গে মিটিং বা WhatsApp গ্রুপে ভাগ করেছি। | | |
| আমি প্রতিটি সংকেতের প্রতি শিশুর প্রতিক্রিয়া পর্যবেক্ষণ ও প্রতিফলন করি (যেমন: প্রতিক্রিয়ার দ্রুততা, অংশগ্রহণ, সম্পৃক্ততা)। | | |
| আমি শ্রেণীকক্ষের পরিবেশে একটি ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করেছি। | | |

# ১০ খেলার মাধ্যমে সংখ্যার ধারণা মজবুত করার উপায় (Games & Puzzles)

### গণিত খেলা ও ধাঁধা (Puzzles) কি?

গণিতের খেলা ও ধাঁধা হলো আনন্দদায়ক, কম খরচে ,ইন্টারেক্টিভ কার্যক্রম যা গনিতের ধারণাগুলোকে আনন্দদায়ক শেখার সঙ্গে যুক্ত করে। এগুলো মজার, আকর্ষণীয় এবং সহজে করা যায়। উদাহরণস্বরূপ: সংখ্যার খেলা, কার্ড মিলানো, ধাঁধা, ট্যানগ্রাম, dice খেলা, গণিত রিলে, ক্রসওয়ার্ড ইত্যাদি।

এই ধরনের খেলাগুলো শিশুকে সাহায্য করে:

- চাপমুক্ত এবং আনন্দদায়ক পরিবেশে গণিতের বিভিন্ন ধারণা শিখতে।
- বন্ধুদের সঙ্গে মিলেমিশে কাজ করতে শিখে এবং সমস্যা সমাধানের দক্ষতা অর্জন করতে।
- দৈনন্দিন জীবনের বিভিন্ন কাজে গণিত প্রয়োগ করতে, যেমন কেনাকাটা করা, জিনিস ভাগ করা, প্যাটার্ন চেনা এবং হিসাব-নিকাশ করা।



## এই মাইক্রো ইমপ্রুভমেন্ট প্ল্যানের উদ্দেশ্য

শিক্ষকদের সহায়তা করা যাতে তারা সহজ, মজার এবং শিশুদের বয়স অনুযায়ী উপযুক্ত গণিতের খেলা এবং ধাঁধা নিয়মিত ক্লাসে ব্যবহার করতে পারেন। মূল লক্ষ্যের যায়গা:

**বিদ্যালয় প্রস্তুতি শক্তিশালী করা** – শিশুরা প্রাথমিক গণিতের সঙ্গে পরিচিত হবে, মনোযোগ বাড়বে এবং শেখার আগ্রহ তৈরি হবে।

**গণিত দক্ষতার বিকাশ** – সংখ্যা, হিসাব, সঠিকতা এবং যুক্তি চিন্তায় দক্ষতা বাড়ানো।

**বুনিয়াদী শিক্ষার লক্ষ্য পূরণ** – খেলাধুলা ভিত্তিক, অন্তর্ভুক্তিমূলক এবং সামগ্রিক বিকাশের সুযোগ প্রদান।

**SEP ফলাফল নিশ্চিত করা** – বাস্তব জীবনের সঙ্গে গণিত যুক্ত করা,গণিতকে জীবনের সঙ্গে সম্পর্কিত করে শেখা সহজ এবং ফলাফল পরিমাপযোগ্য করা।

# কেন বিষয়টি গুরুত্বপূর্ণ?

| | | |
|---|---|---|
| বুনিয়াদী বছরগুলিতে গণিতের ভিত গড়ে তোলে এবং FLN দক্ষতার লক্ষ্য পূরণে সাহায্য করে। | পুনরাবৃত্তি মাধ্যমে দক্ষতা ও গতি বৃদ্ধি, যা ফলাফলকে সাবলীল করে তোলে। | গাণিতের প্রতি ভয় কমায়, জটিল ধারণাগুলোকে খেলা ও আনন্দময় করে। |
| অংশগ্রহণ ও অন্তর্ভুক্তি বৃদ্ধি করে, এমনকি দ্বিধাগ্রস্ত শিক্ষার্থীরাও যুক্ত হয়। | সহযোগিতা ও সামাজিক-অভিব্যক্তি (SEL) দক্ষতা যেমন যোগাযোগ, দলবদ্ধ কাজ, এবং সহপাঠী সহায়তা শক্তিশালী করে। | বাস্তব জীবনের প্রয়োগ উদাহরণস্বরূপ—টাকা, সময়, পরিমাপ এবং প্যাটার্নে গণিতের ব্যবহার উৎসাহিত করে। |

# শিক্ষকদের জন্য ধাপে ধাপে করণীয় পদক্ষেপ

## ধাপ ১: মানসিকতা তৈরি – কেন এটি বিষয়টি জরুরি

### শুরু করার সহজ কিছু উপায়



**ছোট খেলা দিয়ে শুরু করুন** ⟶ পরিচিত খেলা যেমন হপস্কটচ বা সাপ-সিড়িতে সংখ্যা গণনা, যোগ বা গুণ যোগ করা।

**সাধারণ জিনিস ব্যবহার করুন** ⟶ কাঠি, পাথর, চক বা বোতল ঢাকনা দিয়ে ধাঁধা বানান।

**শিশুদের খেলায় যুক্ত করুন** ⟶ তারা সংখ্যা কার্ড আঁকতে পারে, নতুন নিয়ম বানাতে পারে বা নিজের ধাঁধা তৈরি করতে পারে।

**শিশুদের দলে বা জোড়ায় খেলান** ⟶ একসাথে খেলা খেললে মজা বেশি পায় এবং শেখা আরও আনন্দময় হয়।

**শিশুদের.বাইরে খেলানোর চেষ্টা করুন** ⟶ মাটিতে আঁকা সংখ্যা লাইনকে গণিতের রেসের জন্য ব্যবহার করুন।

**খেলাকে সহজ ও সাধারণ রাখুন** ⟶ একই খেলা বয়সভেদে বাড়ানো যায়। ছোটরা ছবি/সংখ্যা ব্যবহার করবে, বড়রা যোগফল বা শব্দ সমস্যা সমাধান করবে।

## ধাপ ২ঃ: কোন কোন গণিত দক্ষতা চর্চা করাবেন নির্বাচন করুন

### প্রতি সপ্তাহে শিক্ষণ ফলাফলের সঙ্গে মিল রেখে ২–৩টি ধারণা বেছে নিন। উদাহরণ

উদাহরণ:

| | | |
|---|---|---|
| **প্রাক-প্রাথমিক:** ১-১০ গণনা, আকার, বড়/ছোট, প্যাটার্ন। | **শ্রেণি ১–২:** যোগ/বিয়োগ, স্থানমান, সহজ শব্দ সমস্যা, গুণের শুরু। | **শ্রেণি ৩–৫:** গুণ/ভাগ, ভগ্নাংশ, পরিমাপ, যুক্তিনির্ভর ধাঁধা। |

## ধাপ ৩: সহজ ও কম খরচের খেলা ও ধাঁধা বেঁছে নিন

এমন খেলাগুলো বেছে নিন যা **সহজ, মজাদার এবং কম খরচের বা বিনামূল্যে করা যায়।**

উদাহরণ:

| | |
|---|---|
| প্রাক-প্রাথমিক: | ▪ **সংখ্যার কিত কিত** ⟶ মাটিতে ১–১০ সংখ্যা আঁকুন; শিক্ষক বলবেন "৫," শিশুরা সেই সংখ্যার উপর লাফ দেবে।<br>▪ **আকার খোঁজা** ⟶ চারপাশে গোল, ত্রিভুজ, আয়তক্ষেত্র আকারের বস্তু খুঁজে বের করা।<br>▪ **ছক্কা ফেলে গণনা** ⟶ ছক্কা ফেলে আঙুল/বস্তু দিয়ে সংখ্যা দেখানো।<br>▪ **হাততালি দিয়ে গণনা** ⟶ শিক্ষক ৩ বার হাততালি দিলে শিশুরা ৩ এর কার্ড দেখাবে।<br>▪ **প্যাটার্ন ট্রেন** ⟶ কার্ড বা ব্লক ব্যবহার করে রঙ বা আকারের প্যাটার্ন পূরণ করা। |
| শ্রেণি ১–২ | ▪ **গণিত বিংগো** ⟶ শিক্ষক বলবেন "৭+২," শিশুরা বিঙ্গো কার্ডে "৯" উত্তর চিহ্নিত করবে।<br>▪ **নম্বর পূরণের ধাঁধা** ⟶ যেমন "৬ + __ = ১০।<br>▪ **কার্ড মিলানো খেলা** ⟶ যোগফল কার্ডকে উত্তর কার্ডের সঙ্গে মিলানো।<br>▪ **নতুন ভাবে সাপ-লুডো খেলা** ⟶ শিশু একটি ছোট যোগফল সমাধান করে অগ্রসর হয়।<br>▪ **মেমোরি ফ্লিপ গেম** ⟶ দুই কার্ড উল্টানো; "২+৩" ও "৫" মিলে গেলে সেটি রাখা।<br>▪ **ছক্কা যোগফল গেম** ⟶ দুটি ছক্কার যোগ ফল করা; যে আগে ৩০ পাবে সে জিতবে।।<br>▪ **প্লেস ভ্যালু স্ন্যাপ** ⟶ দুইজন কার্ড উল্টাবে; যে বড়, সে জিতবে যদি সে তার দশক ও একক বলতে পারে।<br>▪ **শব্দ সমস্যা কার্ড** ⟶ বাস্তব জীবনের উদাহরণ দিয়ে সমস্যা সমাধান যেমন, "তুমি ৩টা আম কিনলে, বন্ধু ২টা দিল। মোট কত হলো? |
| শ্রেণি ৩–৫ | ▪ **গণিত রিলে দৌড়** ⟶ Child solves problem ⟶ passes chalk/ stone to teammate.<br>▪ **গণিত ট্রেজার হান্ট** ⟶ শ্রেণিকক্ষে লুকানো ক্লু; ধাঁধা সমাধান করে পরবর্তী সূত্র খুঁজে বের করা।<br>▪ **গুণ/ভাগ বিংগো** ⟶ গুণ বা ভাগের উত্তর চিহ্নিত করা "৬×৩" ⟶ "১৮"।<br>▪ **ধাঁধা বোর্ড (ক্রসওয়ার্ড/রিডল)** ⟶ ছোট ধাঁধার মাধ্যমে উত্তর বের করা "১২-এর অর্ধেক = ৬," "৯×২ = ১৮।<br>▪ **দলগত দ্রুত প্রশ্নোত্তর** ⟶ দুটি দল পালা করে যোগফল সমাধান করবে।<br>▪ **অনুমান খেলা** ⟶ কতগুলো বীজ/পুঁতি আছে অনুমান করা; সবচেয়ে কাছাকাছি হলে জিতবে।<br>▪ **ট্যাংগ্রাম চ্যালেঞ্জ** ⟶ ট্যানগ্রাম দিয়ে প্রাণী বা অক্ষর তৈরি করা।<br>▪ **ভগ্নাংশ ডমিনো** ⟶ সমতুল্য ভগ্নাংশ মিলানো (½ এর সঙ্গে 2/4)।<br>▪ **পরিমাপ খোঁজা** ⟶ শিশুরা শ্রেনীর মধ্যে, ১ মিটার, ½ মিটার, ১০ সেমি মতো দৈর্ঘ্যের বস্তু খুঁজবে।<br>▪ **২৪ বানানো খেলা** ⟶ চারটি সংখ্যা ও যেকোনো গাণিতিক চিহ্ন ব্যবহার করে ২৪ বানানো। |

## ধাপ ৪: ক্লাসে খেলা পরিচয় করানো এবং মনিটর করা

শিশুকে শুরুতে বলুন গেমটি কী সম্পর্কে, কতক্ষণ চলবে, এবং তাদের কী করতে হবে৷ নিয়মগুলো সংক্ষিপ্ত ও সহজ রাখুন৷



উদাহরণ:

"আমরা ১০ মিনিট খেলব৷ প্রত্যেকে একটি করে পালা পাবে৷ মনোযোগ দিয়ে শোনো এবং একে অপরকে সাহায্য করো৷"

**সহজভাবে নির্দেশ দিন খেলার ধাপগুলো শিশু** - বান্ধব ভাষায় বোঝান৷ ছোট ছোট ধাপে ভাগ করুন যাতে সবাই সহজে বুঝতে পারে৷

**ছোট দলে খেলার নিয়ম দেখান** - ২–৩ শিশুকে বেছে নিয়ে খেলার নিয়ম দেখান৷ পুরো ক্লাস দেখবে, এতে নিয়ম বোঝা সহজ হয় এবং বিভ্রান্তি কমে৷

**অংশগ্রহণ নিশ্চিত করুন** - ক্লাসকে জোড়া বা ছোট দলে ভাগ করুন যাতে সবাই সক্রিয়ভাবে অংশগ্রহণ করতে পারে৷ প্রয়োজন হলে অবস্থান পরিবর্তন করুন৷

**শিশুদের ১০–১৫ মিনিট খেলা খেলান** - গণিত ক্লাসে খেলা ছোট কার্যক্রম হিসেবে ব্যবহার করুন৷ কোনো ধারণা শেখানোর পরে চর্চা হিসেবে বা শিশুদের অংশগ্রহণ বাড়ানোর জন্য৷

**খেলতে খেলতে খেয়াল রাখুন** - খেলা চলাকালীন দেখুন শিশুরা কীভাবে সমস্যা সমাধান করছে, একে অপরকে সাহায্য করছে এবং কীভাবে প্রতিক্রিয়া দিচ্ছে৷ সাধারণ ভুল লক্ষ্য করুন এবং নোট করুন৷

**ফলাফল উৎসাহ দিন** - দ্রুত প্রতিক্রিয়া দিন, যেমন: "ভালো চেষ্টা, তুমি অন্যভাবে সমাধান করেছ!" বা "ঠিক আছে, তুমি দল হিসেবে কাজ করেছ!"

**বোঝাপড়া যাচাই করুন** - কয়েকজন শিশুর কাছে প্রশ্ন করুন:

- "তুমি কেন এই উত্তর বেছে নিলে?"
- "কোন কৌশল তোমাকে দ্রুত সমাধান করতে সাহায্য করেছে?"
- "সংখ্যাটা আরও বড় হলে কী হতো?"

**একসাথে আলোচনা করে মতামত** ভাগ করা শেষ ২ মিনিট ক্লাসে আলোচনার জন্য সময় নিন৷ আলোচনা করুন তারা কী উপভোগ করেছে, কী কঠিন ছিল এবং কিছু সাধারণ ভুল শেয়ার করুন যাতে সবাই শিখতে পারে.

## ধাপ ৫: শিক্ষণ অভিজ্ঞতা লিখে রাখুন

শিশুদের সঙ্গে শেষে দুটি প্রশ্ন আলোচনা করুন:

- "আজ কোন বিষয়টি তোমার কাছে সবচেয়ে মজার ছিল?"
- "আজ কোন কাজটি তোমার কাছে সবচেয়ে কঠিন মনে হয়েছে?"

- গণিত কার্যক্রমগুলি শিক্ষকরা একটি ডায়েরিতে লিখে রাখুন (খেলা/ধাঁধা):
- কোন খেলা ভালো কাজ করেছে তা লিখে রাখুন৷
- শিশুরা কতটা মনোযোগ দিয়েছে এবং কী ধরনের সমস্যা বা ভুল হয়েছে তা লিখে রাখুন৷
- পরবর্তী সপ্তাহের জন্য পরিকল্পনা করুন, (যেমন বড় সংখ্যা ব্যবহার করা বা খেলার ধাপ বাড়ানো)৷

## বাস্তবায়নের সহজ নির্দেশিকা

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| কার্যক্রমগুলি করার জন্য সহজ এবং স্থানীয় জিনিস ব্যবহার করুন, যেমন পাথর, কাঠি, বোতল ঢাকনা, চক, পুরানো কার্ডবোর্ড বা কার্ড। | নিশ্চিত করুন সব শিশুই অংশগ্রহণ করছে, শুধু এগিয়ে থাকা শিশুদের অংশগ্রহণ যথেষ্ঠ নয়। | সহজ কার্যক্রম দিয়ে শুরু করুন এবং ধীরে ধীরে কার্যক্রমের ধরন কিছুটা কঠিন করুন। | শুধু দ্রুততা নয়, কার্যক্রমের মাধ্যমে শিশুরা ঠিকভাবে শিখছে কিনা তা লক্ষ্য করুন। | শিশুদের সঙ্গে সপ্তাহে অন্তত ১–২ বার খেলার কার্যক্রম করুন। | স্পষ্টতার জন্য স্থানীয় ভাষা + ইংরেজি ব্যবহার করুন। | শিশুদের উৎসাহ দিন এবং বলুন নতুন খেলার আইডিয়া দিতে বা নিজের ধাঁধা বানাতে → এতে তারা অংশগ্রহণে আরও আগ্রহী হবে। |

## বাস্তবায়নের জন্য প্রস্তাবিত সময়কাল

| প্রয়োজনীয় পদক্ষেপ | প্রয়োজনীয় সময় |
|---|---|
| গণিত ধারণা বাছাই করা | ১ দিন (এক সপ্তাহের পরিকল্পনার) |
| সহজ খেলা বা ধাঁধা তৈরি করা | ১–২ দিন |
| শ্রেণীকক্ষে শিশুদের মধ্যে খেলা পরিচয় করানো | ১০–১৫ মিনিট (সাপ্তাহিক বা দৈনন্দিন সময়) |
| শিশুদের সঙ্গে সংক্ষিপ্ত আলোচনা করুন পয়েন্টগুলো নোট করুন | ৫–১০ মিনিট (সপ্তাহে একবার) |

**বাস্তবায়ন সম্পন্ন হওয়ার পর, এই MIP সারা বছরব্যাপী চলমান থাকবে।*

| শিক্ষকদের জন্য প্রত্যাশিত ফলাফল | ০% | ৫০% নীচে | ৫০% ওপরে | ১০০% |
|---|---|---|---|---|
| শিশুরা শুধু দেখার বদলে খেলায় সক্রিয়ভাবে অংশ নিচ্ছে। | | | | |
| শিশুরা একে অপরকে সাহায্য করছে, শুধু প্রতিযোগিতা করছে না। | | | | |
| শিশুরা খেলায় শেখা গাণিতিক ধারনা ব্যবহার করতে পারছে। | | | | |
| শিশুরা "কেন" বা "কিভাবে" সমাধান করল তা সহজভাবে বলতে পারছে। | | | | |
| শিশুরা গণিত সম্পর্কিত সাধারণ শব্দ ব্যবহার করছে (যেমন বড়, সমান, প্যাটার্ন, গুণফল, অর্ধেক)। | | | | |
| শিশুরা নিজের সময়ের অপেক্ষা করছে, উপকরণ ভাগ করছে এবং একে অপরকে উৎসাহ দিচ্ছে। | | | | |

| শিক্ষকদের জন্য স্ব-মূল্যায়ন | হ্যাঁ | না |
| --- | --- | --- |
| আমি কি এই সপ্তাহের গণিত ফলাফল সঙ্গে যুক্ত গেম/ধাঁধা নির্বাচন করেছি এবং কি সেগুলো শিশুদের স্তরের জন্য যথাযথ চ্যালেঞ্জিং? | | |
| আমি কি নিয়মগুলি স্পষ্টভাবে বোঝিয়েছি এবং মডেল করেছি, একই সাথে শিশুদের এক্সপ্লোরেশন ও কৌশল উদ্ভাবনের সুযোগ দিয়েছি? | | |
| আমি কি গেম খেলার সময় শিশুদের গণিতভিত্তিক ভাষা ব্যবহার করতে উৎসাহিত করেছি (যেমন—"greater than," "pattern," "multiple")? | | |
| আমি কি শিশুরা গেম/ধাঁধা খেলার সময় যে বিভিন্ন কৌশল ব্যবহার করেছে (গোনা, গোষ্ঠীবদ্ধ করা, অনুমান, যুক্তি প্রয়োগ) তা পর্যবেক্ষণ ও নথিভুক্ত করেছি? | | |
| আমি কি প্রতিযোগিতা ও সহযোগিতা ভারসাম্যপূর্ণ করেছি, যাতে প্রতিটি শিশু অন্তর্ভুক্ত এবং উৎসাহিত বোধ করে? | | |
| আমি কি পর্যবেক্ষণ করেছি কোন গেম/ধাঁধা সবচেয়ে বেশি অংশগ্রহণ ও গণিত শেখার সুযোগ দিয়েছে, এবং পরবর্তী সপ্তাহের পরিকল্পনা সেই অনুযায়ী অভিযোজিত করেছি? | | |

কারিগরি সহায়তা ইউনিসেফ, পশ্চিমবঙ্গ